চালু হল
‘দুরন্ত বার্তা’
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

# দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই
নিকটবর্তী এজেন্টের সাথে
যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 28, Issue No.: 113 Saturday, 25 March, 2023 ✻ ২৮ বর্ষ, ১১৩ সংখ্যা ✻ ১০ চৈত্র, ১৪২৯, শনিবার, ২৫ মার্চ, ২০২৩ ✻ আজ ৮ পাতা ✻ মূল্য- ৩ টাকা

## রাহুলের সাংসদ পদ খারিজ

### ‘যে কোনও মূল্য চোকাতে প্রস্তুত’

**নয়াদিল্লি, ২৪ মার্চঃ** শুক্রবার সাংসদ পদ খারিজ হয়েছে কংগ্রেস নেতা রাহুল গান্ধীর। এই পদক্ষেপ নিয়ে টুইটে তাঁর প্রথম প্রতিক্রিয়া ব্যক্ত করলেন রাহুল গান্ধি। তিনি জানিয়েছেন, ‘যে কোনও মূল্য চোকাতে প্রস্তুত’ তিনি। ‘২০১৯ সালে মোদি পদবিধারীরাই কেন চুরি করেন’ বলে মন্তব্য করেছিলেন তিনি। সেই মন্তব্যের প্রেক্ষিতে রাহুল গান্ধির বিরুদ্ধে ফৌজদারি মানহানি মামলা করেছিলেন গুজরাটের প্রাক্তন মন্ত্রী তথা বিজেপি নেতা পূর্ণেশ মোদি। সেই মামলায় দোষী সাব্যস্ত হওয়ার একদিন পরই রাহুলের বিরুদ্ধে এই পদক্ষেপ নেওয়া হয়েছে। হিন্দিতে রাহুল টুইট করেছেন, ‘আমি ভারতের কণ্ঠস্বর তুলে ধরার জন্য লড়াই করছি। এর জন্য আমি যে কোনও মূল্য চোকাতে প্রস্তুত।’ এদিন সন্ধ্যাতেই মা সনিয়াকে সঙ্গে নিয়ে তাঁকে তাঁর সরকারি বাসভবন ছেড়ে যেতে দেখা যায়। তবে, এখনই পাকাপাকিভাবে বাংলো ছেড়ে দিলেন কিনা, তা স্পষ্ট নয়। রাহুল গান্ধিকে সাংসদ হিসেবে অযোগ্য ঘোষণার পাশাপাশি লোকসভা সচিবালয়ের পক্ষ থেকে রাহুলের নির্বাচনী এলাকা কেরলের ওয়ানাড়কেও সাংসদ শূন্য বলে ঘোষণা করেছে। নির্বাচন কমিশনের পক্ষ থেকে এই আসনের বিশেষ নির্বাচন আয়োজন করা হতে পারে। একইসঙ্গে সরকারি বাংলোও ছেড়ে দিতে হবে রাহুল গান্ধিকে। এর জন্য এক মাস সময় পাবেন রাহুল গান্ধি। কংগ্রেস দলের দাবি, এই পদক্ষেপ আসলে রাহুল গান্ধির কণ্ঠরোধের ষড়যন্ত্র। সংসদের ভিতর বাইরে একের পর এক কঠিন প্রশ্ন উত্থাপন করে মোদি সরকারকে অস্বস্তিতে ফেলছিলেন রাহুল। সেই কারণেই তাঁকে



চুপ করিয়ে দেওয়া হচ্ছে। বিজেপির দাবি, এর পিছনে কোনও ষড়যন্ত্র নেই। গেরুয়া শিবিরের মতে, রাহুলের মন্তব্যের প্রেক্ষিতে রায় দিয়েছে এক স্বাধীন আদালত। রাহুল শুধু প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকেই নয়, সমগ্র ওবিসি সম্প্রদায়কেই অপমান করেছেন বলে দাবি করেছে বিজেপি। রাহুল গান্ধির মন্তব্যের জন্য তাঁকে দোষী সাব্যস্ত করে দুই বছরের কারাদণ্ড দিয়েছে গুজরাটের সুরাটের আদালত। তবে ১০,০০০ টাকার ব্যক্তিগত বন্ডে আগাম জামিন দেওয়া হয়েছে কংগ্রেসের প্রাক্তন সভাপতি। পাশাপাশি, উচ্চ আদালতে এই রায়ের বিরুদ্ধে আবেদন করার অনুমতিও দিয়েছে আদালত। ৩০ দিনের মধ্যে কোন উচ্চ আদালতে কিংবা সুপ্রিম কোর্টে তাঁকে আবেদন করতে হবে। ১৯৫১ সালের জনপ্রতিনিধি আইনের বিধান অনুযায়ী, কোনও সাংসদ যদি দোষী সাব্যস্ত হয়ে কমপক্ষে দুই বছরের কারাদণ্ড পান, সেই ক্ষেত্রে তাঁর সাংসদ পদ খারিজ হয়ে যাবে। এই অবস্থায়, রাহুল গান্ধি এই রায়কে উচ্চ আদালতে চ্যালেঞ্জ করবেন বলে জানিয়েছে কংগ্রেস দল। আদালতের এই আদেশ বহাল থাকলে, সাংসদ পদ খারিজের পাশাপাশি আগামী আট বছরের জন্য কোনও নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না রাহুল গান্ধি। প্রসঙ্গত তিন বছর আগে মোদি পদবী নিয়ে করা মন্তব্যের জেরে গতকাল রাহুল গান্ধিকে ২ বছরের কারাবাসের সাজা দেয় সুরাতের একটি আদালত। এর পর আজই রাহুল গান্ধির লোকসভার সদস্যপদ খারিজ করার নির্দেশ জারি করেছন লোকসভার স্পিকার। জনপ্রতিনিধিত্বমূলক আইনের উল্লেখ করেই এই শাস্তি দেওয়া হয়েছে। ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত হওয়ায় রাহুল গান্ধির সাংসদ পদ খারিজ হল।

কর্নাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী জনতা দল সেকুলার নেতা এইচ ডি কুমারস্বামী শুক্রবার তৃনমূল কংগ্রেস প্রধান রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করেন। বিকালে কলকাতার কালীঘাটের বাসভবনে তাদের এই সাক্ষাতকে নেহাতই সৌজন্য বলে দলের তরফে উল্লেখ করা হলেও জাতীয় রাজনীতির বর্তমান অবস্থা ও আগামী লোকসভা নির্বাচনের আগে একটি বিজেপি বিরোধী ফ্রন্ট তৈরি করা নিয়ে তাদের মধ্যে বেশ কিছুক্ষন কথা হয়েছে বলে দলের একাংশ মনে করছে। তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারন সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ও বৈঠকে উপস্থিত ছিলেন। আধ ঘণ্টারও কম সময়ে থাকলেন কালীঘাটে। সূত্রের খবর, কর্নাটকে আগামী বিধানসভা নির্বাচনে প্রচারের জন্য মমতাকে আমন্ত্রণ জানাতে কালীঘাটে এসেছিলেন কুমারস্বামী।

## কেষ্টই কি থাকছেন? প্রশ্ন জিইয়ে রেখে বীরভূমের দায়িত্ব অন্য তিন নেতা

**দুরন্ত বার্তা, কলকাতা, ২৪ মার্চঃ** তিহাড়-যাত্রার পর স্বপদে বহাল রইলেন অনুব্রত মণ্ডল। বীরভূমের জেলা সভাপতি পদ থেকে সরানো হল না গরু পাচার মামলার অন্যতম অভিযুক্ত অনুব্রতকে। শুক্রবার বীরভূম নিয়ে বিশেষ বৈঠক ছিল কালীঘাটে। উপস্থিত ছিলেন বীরভূম জেলার একাধিক নেতা। সেই বৈঠকেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে সূত্রের খবর। তবে আপাতত অনুব্রতর অনুপস্থিতিতে জেলা সংগঠন দেখবেন তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। এছাড়া বীরভূমের জন্য থাকবে ৫ জনের কোর কমিটি। সেই কমিটিতে থাকছেন মলয় ঘটক, ফিরহাদ হাকিম। প্রায় ৮ মাস আগে গ্রেফতার হন অনুব্রত মণ্ডল। দীর্ঘদিন ধরে আসানসোলের জেলে বন্দি ছিলেন তিনি। তারপরও সভাপতি পদ থেকে সরানো হয়নি তাঁকে। শুধু সভাপতি পদ নয়, একসময় বকলমে বীরভূমের সর্বেসর্বা বলেই পরিচিত ছিলেন এই তৃণমূল নেতা। তাঁর দাপটের কথা আজও বীরভূমে পা রাখলেই বোঝা যায়। প্রথমে সিবিআই, পরে ইডির হাতে গ্রেফতার হন তিনি। একের পর এক আইনি লড়াইতে ধাক্কা খাওয়ার পর শেষ পর্যন্ত তিহাড় জেলে ঠাঁই হয়েছে অনুব্রত মণ্ডলের। কেষ্টর দিল্লি-যাত্রার পর শুক্রবার কালীঘাটের এই বৈঠক নিয়ে জল্পনা ছিল। অনুব্রতর বিরুদ্ধে কোনও পদক্ষেপ করা হয় কি না, সেদিকেই নজর ছিল রাজনৈতিক মহলের। তবে এই সিদ্ধান্তে স্পষ্ট, জেলে থাকলেও কেষ্ট মণ্ডলের ওপর ভরসা কমেনি এতটুকু। আগেও মমতা বন্দ্যোপাধ্যায় জানিয়েছিলেন যে তিনি নিজেই বীরভূমের সংগঠন দেখবেন।

## বাম আমলে ৪৬ হাজার চাকরিতে বেনিয়ম!

### ক্যাগ রিপোর্ট নিয়ে বললেন ব্রাত্যও

**দুরন্ত বার্তা, কলকাতা, ২৪ মার্চঃ** নিয়োগ দুর্নীতির ক্যাগ রিপোর্ট। বামেদের বিরুদ্ধে এটাই হতে চলেছে শাসক দলের নয়া অস্ত্র? বৃহস্পতিবার প্রাক্তন শিক্ষামন্ত্রী তথা নিয়োগ দুর্নীতিতে অভিযুক্ত পার্থ চট্টোপাধ্যায়ের মুখে প্রথম এই রিপোর্টের কথা শোনা যায়। এবার সেই রিপোর্টের কথাই বললেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। তাঁর দাবি, বাম আমলে ৪৬ হাজার নিয়োগ দুর্নীতির কথা উল্লেখ আছে ক্যাগ রিপোর্টে। বৃহস্পতিবারই সেই রিপোর্টের কথা জানতে পেরেছেন বলে দাবি করেছেন ব্রাত্য বসু। সিপিএম নেতাদের উদ্দেশে তিনি বলেন, কাচের ঘরে বলে ঢিল ছুড়বেন না। আমাদের কাছে আরও অনেক অভিযোগ আসছে। বৃহস্পতিবার পার্থ বলেছেন, ‘‘সুজন চক্রবর্তী, দিলীপ বাবু, শুভেন্দু বাবুরা বড় বড় কথা বলছেন। তাঁরা নিজেদের দিকে দেখুন। উত্তরবঙ্গে তাঁরা কী করেছেন। ২০০৯-১০-এর ক্যাগ রিপোর্ট দেখুন।’’ এরপরই ক্যাগ রিপোর্ট নিয়ে শুরু হয়েছে চর্চা। বিতর্ক উস্কে দিয়ে বৃহস্পতিবারই কলকাতার তৃণমূল কাউন্সিলর অরূপ চক্রবর্তী একটি ফেসবুক পোস্ট করেছেন। সেখানে একটি রিপোর্ট তুলে ধরেছেন তিনি। তাঁর দাবি, বহুচর্চিত ২০০৯-১০ সালের ক্যাগের রিপোর্টের একটি অংশ এটি। সেখানে উল্লেখ রয়েছে, ২০০৯ ও ২০১০ সালের প্রধান শিক্ষক নিয়োগ, ২০০৯ ও ২০১০ সালের সহ শিক্ষক নিয়োগ, ২০১০ সালের ক্লার্ক নিয়োগ, ২০১০ সালের গ্রুপ ডি নিয়োগ আর ২০১০ সালের লাইব্রেরিয়ান নিয়োগ, সবেতেই অনিয়ম অস্বচ্ছতার অভিযোগ রয়েছে। ব্রাত্য এদিন আরও বলেন, ‘‘শ্বেতপত্র প্রকাশ করব বলতেই সিপিএম হুমকি দিচ্ছে। চ্যালেঞ্জ করছে। কী বলতে চায় সিপিএম? গতকালই রাজ্যের প্রাক্তন মন্ত্রী আবদুল রেজ্জাক মোল্লা বলেছেন, হোলটাইমারদের স্ত্রীদের চাকরি বাঁধা থাকত। ওঁর পরিবারের লোকেরাও চাকরি পেয়েছে।’’ তবে ব্রাত্যর দাবি, তৃণমূল ‘‘বদলা নয় বদল চেয়েছিল। সে কারণেই বাম আমলের এই সব চাকরি নিয়ে কাটাছেঁড়া হয়নি।’’ শুক্রবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি জানিয়েছেন, বাংলা ছবির সঙ্গে নিয়োগ দুর্নীতির নাম জড়ানোয় ভয় পেয়েছিলেন তিনিও। তিনি নাকি ফোনও করেছিলেন পরিচালককে। এদিন ব্রাত্য বলেন, ‘‘আমি তো আতঙ্কে ছিলাম। কোন কোন ছবিতে অভিনয় করেছি, মনে নেই। শেষ যে ছবিতে অভিনয় করেছি, তার পরিচালককে ফোন করলাম। তিনি বললেন, প্রযোজক বাংলাদেশি। ভাবলাম যাক বাঁচা গিয়েছে। আদতে পরিচালক বা অভিনেতাদের পক্ষে সত্যিই বলা সম্ভব নয় যে প্রযোজকদের টাকার উৎস কী।’’ একই সঙ্গে পরিচালকদের সতর্ক থাকার কথা বলেছেন ব্রাত্য বসু। শিক্ষামন্ত্রী বলেন, ‘‘অনেক অভিনেত্রী আছেন, যাঁরা ফিল্ম ইন্ডাস্ট্রির লোকই নয়। প্রযোজকদের সঙ্গে সম্পর্ক আছে বলেই ঢুকে পড়েছেন। সে ব্যাপারে পরিচালকদের সতর্ক থাকতে হবে।’’

## ‘আমরা রামধনু দেখতে পাচ্ছি’

### রাজ্যবাসীকে আর একটু ধৈর্য ধরার অনুরোধ ইডির

**দুরন্ত বার্তা, কলকাতা, ২৪ মার্চঃ** সাধারণ মানুষ থেকে আদালতের বিচারক- বিচারপতি। নিয়োগ দুর্নীতি থেকে শুরু করে গরু পাচার কাণ্ডের তদন্ত কবে শেষ হবে এবং মূল মাথাদের নাম কবে সামনে আসবে, এই প্রশ্ন কমবেশি সবাই তুলেছেন। এবার আদালতেই ইডি ইঙ্গিত দিল, নিয়োগ দুর্নীতির তদন্তের প্রায় শেষ পর্যায়ে পৌঁছে গিয়েছে তারা। ইডি-র আইনজীবীর কথায়, তারা রামধনুর খুব কাছে পৌঁছে গিয়েছেন। এ দিন হুগলির তৃণমূল নেতা শান্তনু বন্দ্যোপাধ্যায়কে ফের একবার আদালতে পেশ করে ইডি। আদালতে এ দিন ইডি দাবি করেছে, শান্তনুর অন্তত ১৩টি সম্পত্তির হদিশ পেয়েছে তারা। বেনামে আরও পাঁচটি সম্পত্তির খোঁজ মিলেছে। ইডি-র অভিযোগ, যেভাবে শিক্ষা দফতরে দুর্নীতির চক্রান্ত হয়েছিল, তাতে পার্থ চট্টোপাধ্যায় ‘শিক্ষক’ এবং শান্তনু বন্দ্যোপাধ্যায় ‘ছাত্র’। বছরে যাঁর ৬ লক্ষ টাকা উপার্জন, সেই শান্তনুর কীভাবে কোটি কোটি টাকার টাকার সম্পত্তি হল, এ দিন আদালতে সেই প্রশ্নও তুলেছে ইডি। এই সূত্রেই ইডি-র আইনজীবী ফের দাবি করেন, তারা তদন্তে বহু প্রভাবশালীর নাম পেয়েছেন। সেই সমস্ত নাম আদালতে না বলা হলেও কেস ডায়েরিতে রয়েছে। ইঙ্গিতপূর্ণ ভাবে ইডি-র আইনজীবী বিচারকের উদ্দেশ্যে বলেন, ‘‘প্রতি বছর শীতের পর বসন্ত আসে, তারপরেই তীব্র গরম। গরমের পর আসে বর্ষা। তারপর তৈরি হয় রামধনু। বাংলা ও দেশের মানুষকে বলছি, একটু ধৈর্য ধরুন। আমরা রামধনুর কাছাকাছি, এই মুহূর্তে আমরা বসন্তে আছি।’’ আদালতে এ দিন ইডি দাবি করে, শান্তনু ২০১৪ সালের টেট পরীক্ষার নিয়োগ প্রক্রিয়ায় হওয়া দুর্নীতির সঙ্গে যুক্ত। ২০১২ সালের টেট পরীক্ষার্থীদের অ্যাডমিট কার্ডও

মিলেছে শান্তনুর ফোন থেকে। শান্তনু বন্দ্যোপাধ্যায়ের আইনজীবী এ দিন দাবি করেন, তাঁর মক্কেলের কিডনির সমস্যা রয়েছে। ফলে তাঁর যথাযথ চিকিৎসার প্রয়োজন। যদিও জামিনের প্রবল বিরোধিতা করেন ইডি-র আইনজীবী। তিনি বিচারককে আরও বলেন, ‘‘আমরা বলছি এটা দুর্নীতির সোনার খনি। অয়ন শীল নামে আরও এক অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে। অয়নের গ্রেফতার তদন্তের গতিপ্রকৃতি বদলে দিয়েছে। পুরসভার দুর্নীতি সামনে এসেছে। খালাসি থেকে মজদুর সব পদেই চাকরি হয়েছে টাকার বিনিময়ে।’’ দু’ পক্ষের সওয়াল জবাব শুনে আগামী ৫ এপ্রিল পর্যন্ত শান্তনু বন্দ্যোপাধ্যায়ের জেল হেফাজতের নির্দেশ দেয় আদালত। যদিও শান্তনু অবশ্য এ দিন আদালত থেকে বেরনোর সময় দাবি করেছেন, ‘‘আমি যদি দোষী হই, তাহলে শাস্তি পাবো। নির্দোষ প্রমাণিত হলে আগামী দিনে জানতে পারবেন।’’

করদাতারা নজর দিন

Azadi Ka Amrit Mahotsav

G20 2023 INDIA

নিম্নলিখিত ক্ষেত্রে আপডেট রিটার্ন দাখিল করা যাবেঃ

- যদি মূল রিটার্ন দাখিল করা না হয়ে থাকে
- যদি বিলম্বিত রিটার্ন দাখিল করার সময়সীমা শেষ হয়ে থাকে
- মূল বিবরণী সংশোধন করার জন্য যদি-
  - আয়ের সঠিক ঘোষণা না করা হয়
  - আয়ের ভুল শীর্ষক বাছা হয়ে থাকে অথবা ভুল দরে করের পরিশোধ করা হয়ে থাকে
  - বাহিত ক্ষতি বা শোষিত অবচয় হ্রাস করা প্রয়োজন
  - এমএটি/এএমটি ক্রেডিট-এ কম অপেক্ষিত

আপনি নির্ধারিত বর্ষ ২০২০-২১-এর জন্য আপনার আপডেট রিটার্ন
৩১ মার্চ, ২০২৩ অবধি ফাইল করতে পারেন।
দেরি করবেন না, আজই ফাইল করুন

| আপনি যদি ৩১.০৩.২০২৩-এর মধ্যে ফাইল আইটিআর-ইউ করেন | অতিরিক্ত মূল্যের ট্যাক্স দিতে হবে |
| --- | --- |
| নির্ধারিত বর্ষ ২০২০-২০২১ | কর এবং সুদের মোট যোগের ৫০ শতাংশ |
| নির্ধারিত বর্ষ ২০২১-২০২২ এবং নির্ধারিত বর্ষ ২০২২-২০২৩ | কর এবং সুদের মোট যোগের ২৫ শতাংশ |

বিষদ জানতে দয়া করে আয়কর আইন, ১৯৬১-র ধারা ১৩৯(৮এ) আর ১৪০বি দেখুন

cbc 15401/13/0021/2223

For e-Brochures scan QR Code

INCOME TAX DEPARTMENT

আয়কর বিভাগ
কেন্দ্রীয় প্রত্যক্ষ কর বোর্ড

For more information scan QR Code

অতিরিক্ত বিবরণ এবং আপডেট রিটার্ন ফাইল-এর জন্য দেখুন www.incometax.gov.in

@IncomeTaxIndia @IncomeTaxIndiaOfficial @IncomeTaxIndiaOfficial @Income Tax India @Income Tax India Official

# রমজানের শুরুতে শুভেচ্ছা জানালেন প্রধানমন্ত্রী মোদী

নয়াদিল্লি, ২৪ মার্চ ঃ শুক্রবার রমজান মাস শুরু হওয়ায় প্রধানমন্ত্রী নরে ঃদ্র মোদী শুভেচ্ছা জানিয়েছেন। এই পবিত্র মাসটি আমাদের সমাজে বৃহত্তর ঐক্য এবং সম্প্রীতি নিয়ে আসুক, এদিন টুইটবার্তায় জানিয়েছেন প্রধানমন্ত্রী মোদী। তিনি আরও বলেন, এটি দরিদ্রদের সেবা করার গুরুত্বকেও নিশ্চিত করে।ইসলাম ধর্মে পবিত্রতম মাস হিসেবে বিবেচিত রমজান অবশেষে এসেছে। এটি মাসব্যাপী উপবাসের সময়কালের সূচনা করে। ৩০ দিন বা তারও বেশি সময় ধরে মুসলিম সম্প্রদায়ের লোকেরা তাদের খাদ্যাভাসে সংযম করে এবং দিনে মাত্র দুবার খায় - একটি প্রাক-ফাস্ট খাবার যাকে 'সেহরি' বলা হয় এবং সূর্যাস্তের পরে 'ইফতার' বলা হয়। '

# জন্মদিনে ক্ষমা চাইলেন কঙ্গনা

কলকাতা, ২৪ মে ঃ টলিউডের রানী কঙ্গনা রানাওয়াত। তার অভিনয়ের কদর সর্বত্র। এরই মাঝে ৩৬ বছরে পা দিলেন কঙ্গনা। নিজের জন্মদিনেই ক্ষমা চেয়ে বসলেন অভিনেত্রী।গত বৃহস্পতিবার সোশ্যাল মিডিয়ায় একটি ছোট্ট ভিডিও পোস্ট করেন কঙ্গনা। সেখানে অভিনেত্রী বলেন, '' আমার জন্ম দিনটাতে আমার বাবা-মাকে কৃতজ্ঞতা জানাচ্ছি। আমার কুলদেবী মা অম্বিকাজিকে অনেক প্রণাম, যিনি আমায় জন্ম দিয়েছেন। আমার সমস্ত গুরু, বিশেষত আমার আধ্যাত্মিক গুরু শ্রী সদ্গুরুজী, স্বামী বিবেকানন্দ, আমার সেই সব প্রশংসাকারী, শুভাকাঙ্ক্ষী, যাঁরা আমার সঙ্গে কাজ করেন, যাঁদের জন্য আমি এত সাফল্য পেয়েছি তাঁদেরকেও অনেক ধন্যবাদ জানাই। আমার পরিবার, আমার বন্ধু, অনুরাগী। সব্বার প্রতি অশেষ কৃতজ্ঞতা।''শুধু পরিজনরা নন, ' উদ্দেশেও সুর নরম করলেন অভিনেত্রী। বলেছেন, আমার যে শত্রুরা কখনও আমায় শান্তিতে থাকতে দেননি, আমায় লড়াই করতে শিখিয়েছেন, তাঁদের প্রতিও আমি কৃতজ্ঞ।অভিনেত্রী জানান, সহজ করেই ভাবেন তিনি। সকলেরই মঙ্গল চান, কারও ক্ষতি চান না। দেশহিতে যদি কারও প্রতি কখনও এমন কিছু কথা বলে থাকেন যাতে কেউ কষ্ট পেয়েছেন, তার জন্য ক্ষমা চেয়েনিলেন জন্মদিনে।

# ড্রোন দিয়ে অনুপ্রবেশের চেষ্টা পাকিস্তানের

চণ্ডীগড়, ২৪ মার্চ ঃগত বৃহস্পতিবার গভীর রাতে আবারও আন্তর্জাতিক সীমান্ত থেকে ভারতে অনুপ্রবেশের চেষ্টা করে পাকিস্তান। ডেরা বাবা নানকে অবস্থিত বিএসএফের মেটলা পোস্টে টহলরত বিএসএফ জওয়ানরা পাকিস্তানি ড্রোনের গতিবিধি দেখে ৫৪ রাউন্ড গুলি চালায়।বিএসএফ শুক্রবার সকালে তল্লাশি অভিযানের সময় পাঁচটি পিস্তল, ১০টি ম্যাগাজিন উদ্ধার করেছে। প্রসঙ্গত, পাকিস্তান ড্রোন দিয়ে লাগাতার ভারতীয় সীমান্ত দিয়ে অনুপ্রবেশের চেষ্টা করছে। উল্লেখ্য, সাম্প্রতিক সময়ে, ড্রোনগুলি নিরাপত্তা সংস্থাগুলির জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জ হয়ে উঠেছে কারণ সেগুলি মাদক ও অস্ত্র চোরাচালানের জন্য ব্যবহৃত হচ্ছে। ভারত-পাক সীমান্তেই বারবার দেখা মিলছে ড্রোনের। সীমান্ত দিয়ে অনুপ্রবেশে বাধা পেয়েই ড্রোনের সাহায্যে ভারতে থাকা সন্ত্রাসবাদীদের অস্ত্র দিয়ে সাহায্য করছে। তবে এই ঘটনা আর বেশিদিন চলবে না বলেই হুঁশিয়ারি দিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

# বিগত ২৪ ঘন্টায় ভারতে করোনার টিকা পেয়েছেন ৬,১১৭ জন

নয়াদিল্লি, ২৪ মার্চ ঃ ভারতে থামছে না টিকাকরণ অভিযান। বিগত ২৪ ঘন্টায় ভারতে করোনার টিকা পেয়েছেন ৬ হাজার ১১৭ জন প্রাপক। এই সময়ে করোনা পরীক্ষা হয়েছে ১ লক্ষ ৫ হাজার ৩১৬ জনের।ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) শুক্রবার জানিয়েছে দেশব্যাপী টিকাকরণ অভিযানের আওতায় বিগত ২৪ ঘন্টায় ভারতে করোনার ভ্যাকসিন পেয়েছেন ৬ হাজার ১১৭ জন প্রাপক, ফলে শুক্রবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট টিকা প্রাপকের সংখ্যা ২২০ কোটি ৬৫ লক্ষ ৩৪ হাজার ৮৪১-এ পৌঁছেছে। ২৪ মার্চ সারা দিনে ভারতে ১ লক্ষ ৫ হাজার ৩১৬ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

# ধ্বনিভোটে লোকসভায় পাশ হল অর্থবিল, প্রতিবাদ বিরোধীদের

নয়াদিল্লি, ২৪ মার্চ ঃ শুক্রবার লোকসভায় অর্থবিল পাশ হল। তবে বিরোধীদের অভিযোগ কোনও আলোচনা ছাড়াই এদিন নরেন্দ্র মোদী সরকার লোকসভায় অর্থবিল পাশ করিয়ে নিয়েছে। আদানিকাণ্ডে যৌথ সংসদীয় কমিটি (জেপিসি)-র মাধ্যমে তদন্তের দাবিতে বিরোধী সাংসদদের বিক্ষোভের মধ্যেই কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন লোকসভায় অর্থবিল পেশ করেন।

স্পিকার ওম বিড়লার অনুমতিতে আলোচনা ছাড়াই ধ্বনিভোটে অর্থবিল পাশ হয়ে যায়।অর্থবিলে অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীদের পেনশন সংক্রান্ত বিষয়টি খতিয়ে দেখার জন্য নতুন কমিটি গঠনের প্রস্তাব রয়েছে। রয়েছে বিদেশ সফরের সময় ক্রেডিট কার্ডের নিয়মে রদবদল সংক্রান্ত রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (আরবিআই)-র প্রস্তাবও। সব মিলিয়ে মোট ৪৫টি সংশোধনী-সহ পাশ হয়েছে।প্রসঙ্গত, বৃহস্পতিবারও বিরোধীদের বিক্ষোভের মধ্যেই আগামী অর্থবর্ষে কেন্দ্রের বিভিন্ন মন্ত্রকের বাজেটের ৪৫ লক্ষ কোটি টাকা ব্যয় বরাদ্দ সংক্রান্ত প্রস্তাব ধ্বনিভোটে পাশ করিয়ে নিয়েছিল কেন্দ্র। বাজেটের নথি জানাচ্ছে, ২০২৩-২৪ সালে কেন্দ্রের বিভিন্ন মন্ত্রকে মোট আনুমানিক ব্যয় ৪৫ লক্ষ কোটি টাকা ধার্য করা হয়েছে। যার মধ্যে মোট মূলধন ব্যয় ধরা হয়েছে ১০ লক্ষ কোটি টাকা। চলতি অর্থবর্ষের ব্যয় আনুমানিক ৪১.৮ লক্ষ কোটি টাকা।

# মমতার ওড়িয়া কথা নিয়ে নেটনাগরিকদের তোপ অব্যাহত

কলকাতা, ২৪ মার্চ ঃ পুরীতে সাংবাদিকদের সঙ্গে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সংক্ষিপ্ত সাক্ষাৎকারে তাঁর ওড়িয়া ভাষাকে তোপ দেগেছেন নেটনাগরিকরা। কয়েকশো ব্যঙ্গ ভেসে বেড়াচ্ছে ফেসবুকের দেওয়ালে। মলয় চ্যাটার্জি নামে এক নেটনাগরিক ওই সাক্ষাৎকারের ভিডিও যুক্ত করে লিখেছেন, যাক গাউন্তি...। দিনের শেষে একটা কথা বলে যাউন্তি।এমন ওড়িয়া শুনন্তি তো আমার মাথা ঘোরান্তি।১৪ ঘন্টায় এই ভিডিওতে মন্তব্য ও শেয়ার করেছেন যথাক্রমে ১৪৭ ও ৪১ জন। দেখেছেন ছ'হাজারের ওপর। এরকম একাধিক পোস্টে অনেক প্রতিক্রিয়া এসেছে।শর্মিষ্ঠা সরকার লিখেছেন, উঃফ্, যন্তর বটে একখানা। অপর্ণা বিশ্বাস লিখেছেন, আমরাই এনাকে ভাইরাল করি উনি যেটা চান ! আমারে দেব না ভুলিতে-। অভিজি সেনগুপ্ত লিখেছেন, আর হাসতে পারিনা। অনসূয়া বসু লিখেছেন, এটার নাম ভণ্ডামি। ভাষার অপমান।স্বান্তনা সরকার দাস লিখেছেন, চুপিচুপি একটা কথা বলি। ওনার কান মনে হয় খারাপ। কী বলে নিজেই শোনেনা। কান খারাপ বলি কি করে। ভাষা বা শব্দ না শুনলে সেটা রিপিট হবে না। কিন্তু যারা সাথে পাছে থাকে তারাও কি ' শিক্ষানিকেতনের' ছাত্রছাত্রী। তবে মন্দ লাগে না শুনতে। অজ্ঞান অর্জন হয়।অমিত বসু লিখেছেন, উড়িষ্যার মানুষজন সাধারনভাবে এসব খুব ভালো চোখে দেখেন না। যে কোনো ট্যুর গাইড বা ট্যুর অপারেটরের সাথে কথা বললেই দেখবেন ওঁরা পুরী বা অন্য কোথাও গিয়ে স্পষ্ট বাংলায় কথা বলার পরামর্শ দেন। উড়িষ্যার মানুষ বাংলা বোঝেন, অসুবিধে হয় না। তাই বলে সঠিকভাবে ভাষাটা না জেনে বলার চেষ্টা করতে লাগল ওঁরা মনে করেন ওঁদের ভ্যাঙ্গানো হচ্ছে বা মস্করা করা হচ্ছে।কাজী ফয়জল নাসের লিখেছেন, আসল ক্রেডিট পাশে দাঁড়ানো অফিসারদের। এর পরেও গম্ভীর মুখ করে দাঁায়ে আছেন সবাই। ধীমান কৃষ্ণ চক্রবর্তী লিখেছেন, ভিডিওটা প্লে করার পর ফোনটা অফ হয়ে গেল। এর দাম কে দিবন্তি?অরুণাভ ব্যানার্জী লিখেছেন, অসম্ভব চালাক মহিলা। ইচ্ছে করে করে। সোমা মুখার্জি লিখেছেন, ইয়েকে ইয়ের মত থাকতে দাও, ইয়ে তো ইয়ের মত গুছিয়ে নিয়েছে ডিএ না পাও যদি তা না পাওয়াই থাক। শ্রী পেলেই ঝক্কাস জীবন! অঞ্জন চক্রবর্তী লিখেছেন, যাচ্ছে তাই! সব কিছুর পিছনে অন্তি জুড়ে দিলেই উড়িয়া ভাষা শেখা হয়ে গেল, এই গুলো মজা নয় একটা ভাষা কে অশ্রদ্ধা বলেই মনে হলো। শম্পা বন্দ্যোপাধ্যায় লিখেছেন, একটা কথা অস্বীকার করা যায় না, তিনি এই ভাঁড়ামো করে জনপ্রিয়তার শীর্ষে নিজেকে রাখতে চান। মুষ্টিমেয় মানুষ হাসেন আর অধিকাংশ তালি দেয়। আসলে যেখানে ভিক্ষা দিয়ে মুখ বন্ধ করে রাখা, সেখানে তালি কথা বলে। বাকিদের জন্য তিনি বিন্দুমাত্র বিচলিত নন।সত্য সরকার লিখেছেন, গোপাল ভাঁড়ের মহিলা সংস্করণ। ইয়ার্কি মারে নাকি! মুকুলেন্দু বিকাশ মণ্ডল লিখেছেন, আমি বাংলা জানুন্তি, আমি ইংরাজী জানুন্তি, আমি অসমীয়া জানুন্তি, আমি গুজরাটি জানুন্তি, আমি পাঞ্জাবি জানুন্তি, আমি কেরেলা জানুন্তি, আমি গোয়া জানুন্তি, আমি অন্ধ্র জানুন্তি, আমি উড়িয়া জানুন্তি!

# অ্যাকশন দৃশ্যে শুটিং করার সময় আহত অক্ষয় কুমার

মুম্বই, ২৪ মার্চ ঃ ' মিঞা ছোটে মিঞা'-তে অ্যাকশন দৃশ্যে অভিনয় করতে গিয়ে ব্যাপক চোট পেলেন সুপারস্টার অক্ষয় কুমার। এই মুহূর্তে স্কটল্যান্ডে শুটিং করছেন অক্ষয় কুমার।সেখানেই ব্যাপক আহত হলেন অক্ষয় কুমার। অ্যাকশন দৃশ্যে অভিনয় করতে গিয়ে হাঁটুতে চোট লাগে তাঁর। বরাবরই স্টান্ট ম্যান হিসেবে পরিচিত অক্ষয়। ফিল্মে সিনেমার অ্যাকশন দৃশ্যে নিজের স্টান্ট নিজেই করতে পছন্দ করেন অক্ষয়, সেক্ষেত্রে ' বডি ডাবল' বা অবিকল একই দেখতে বা কোনও পেশাদার স্টান্টম্যানের সাহায্য নেন না তিনি।তবে শুটিংয়ে চোট পেলেও, কোন ব। চোটের সম্মুখীন হতে হয়নি অক্ষয়কে। সূত্রের খবর, টাইগারের সঙ্গে বিশেষ অ্যাকশন দৃশ্যে অভিনয় করার সময়ই দুর্ঘটনা

# দেশে গত ২৪ ঘন্টায় করোনায় আক্রান্ত হয়েছেন ১২৪৯, মৃত ২ জন

নয়াদিল্লি, ২৪ মার্চ ঃ ভারতে ফের লাফিয়ে লাফিয়ে বাড়ছে দৈনিক আক্রান্তের সংখ্যা। বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে করোনায় সংক্রমিত হয়েছেন ১২৪৯ জন। এই সময়ে মৃত্যু হয়েছে দুইজনের। শুক্রবার কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে করোনায় সংক্রমিত হয়েছেন ১২৪৯ জন। ফলে দেশে করোনায় আক্রান্তের মোট সংখ্যা বেড়ে হয়েছে ৪,৪৭,০০,৬৬৭ জন। বিগত ২৪ ঘন্টায় দুইজনের মৃত্যুর পর মৃতের সংখ্যা বেড়ে ৫,৩০,৮১৮-এ পৌঁছেছে।কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘন্টায় সক্রিয় করোনা-রোগীর সংখ্যা ৩২২ জন বেড়ে ৭,৯২৭-এ পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০২ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। এই সময়ে ভারতে করোনা মুক্ত হয়েছেন ৯২৫ জন। ফলে শুক্রবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪১,৬১,৯২২ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৭৯ শতাংশ।

# ভারতীয় নববর্ষে বিশাল শোভাযাত্রার আয়োজন 'ভারতীয় সংস্কৃতি সম্বর্ধন সমিতি'-র

কলকাতা, ২৪ মার্চ ঃ কলকাতা মহানগরীর সুপরিচিত সাংস্কৃতিক সংগঠন 'ভারতীয় সংস্কৃতি সম্বর্ধন সমিতি'-এর পৃষ্ঠপোষকতায় ভারতীয় নববর্ষ বিক্রম সংবত ২০৮০ কে স্বাগত জানাতে একটি বিশাল শোভাযাত্রার আয়োজন করা হয়েছিল। শ্যাম বাবা মন্দির থেকে ভূতনাথ ঘাট পর্যন্ত শোভাযাত্রা বের করা হয়। ভূতনাথ ঘাটে নির্মল গঙ্গা চেতনা মঞ্চ আয়োজিত মা গঙ্গা আরতির মধ্য দিয়ে শেষ হয়। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন একাধিক হিন্দু সংগঠন।ভূতনাথ ঘাটে অনুষ্ঠিত সমাপনী অনুষ্ঠানের শুরুতে সভাপতি নির্মল কুমার সরফ ভোমরাজ সারাওগী, গৌড়ীয় মিশনের ঋষিকেশ মহারাজ, প্রধান অতিথি জয়প্রকাশ সিং, কাউন্সিলর বিজয় উপাধ্যায়, পূর্ণিমা কোঠারি প্রভৃতি, অতিথিরা ভারত মাতার ছবিতে ফুল দিয়ে সকলকে বিক্রম সংবত ২০৮০ -এর শুভেচ্ছা জানান।প্রতিষ্ঠানের সভাপতি আচার্য

রাকেশ পান্ডে বলেন, চৈত্র শুক্লা প্রতিপদে ভগবান এক থেকে বহুর সচেতন সৃষ্টি করেছেন। নববর্ষ আমাদের জাতীয় পরিচয় ও আত্মমর্যাদার প্রতীক নিয়ে প্রাচীন হিসাব-নিকাশের শ্রেষ্ঠ প্রমাণ। এ বছর মা দুর্গা এসেছেন নৌকায় চড়ে যা সমৃদ্ধির প্রতীক। সংস্থার পৃষ্ঠপোষক লক্ষ্মীকান্ত তিওয়ারি সবাইকে নতুন বছরের শুভেচ্ছা জানিয়েছেন। প্রধান অতিথি জয়প্রকাশ সিং সহ অন্যান্য বিশিষ্ট অতিথি মঞ্চে উপস্থিত ছিলেন। সংগঠনের পরিচয় দিতে গিয়ে মন্ত্রী শৈলেশ বাগদি বলেন, সংগঠনটি গত ১২ বছর ধরে এই নববর্ষের অনুষ্ঠানের আয়োজন করে আসছে। ধন্যবাদ জ্ঞাপন করেন সহ-মন্ত্রী আর্য নীতিন এবং অনুষ্ঠান সঞ্চালনা করেন সহ-সভাপতি সঞ্জয় মন্ডল। মহাবীর বাজাজ, ব্রহ্মা নন্দ ব্যাং, শঙ্করলাল আগরওয়াল, দীনেশ কেদিয়া এবং অন্যান্য গণ্যমান্য ব্যক্তিসহ শত শত মানুষ গঙ্গা আরতিতে অংশ নেন এবং ভারতমাতা কি জয় স্লোগান দেন।এর আগে শ্যাম বাবা মন্দির থেকে ভূতনাথ ঘাট পর্যন্ত শোভাযাত্রা বের করা হয়। ভূতনাথ ঘাটে নির্মল গঙ্গা চেতনা মঞ্চ আয়োজিত মা গঙ্গা আরতির মধ্য দিয়ে শেষ হয়। গৌড়ীয় মিশন, নির্মল গঙ্গা চেতনা মঞ্চ, সংস্কৃতি প্রচার সমিতি, বিশ্ব হিন্দু পরিষদ, কল্যাণ আশ্রম, শ্রী সালাসার ভক্তবৃন্দ, শ্যাম প্রেম মণ্ডল কাঠগোলা, মাতৃভূমি সেবা সংঘ, মারুতি সেবা সমিতি, রাম শরদ কোঠারির মতো মহানগরের অনেক সংগঠন অংশ নেয়। এই শোভাযাত্রা।, সর্বভারতীয় মারোয়ারি মহিলা সম্মেলন, উত্তর কলকাতা জনহিত সংকল্প, শ্রী রাম নবমী মহোসব সমিতি, মহেশ্বরী সেবা সমিতি, স্বর্ণিম ফাউন্ডেশন, হিন্দু জাগরণ মঞ্চ এবং রামদেব বাবা প্রচীন মন্দির ইত্যাদি ছক নিয়ে অংশ নেয়।

# ডিমা হাসাও জেলায় জলজীবন মিশন প্রকল্পের কাজ ডিসেম্বরের মধ্যে সম্পূর্ণ হচ্ছেঃজয়ন্ত মল্ল

হাফলং (অসম), ২৪ মার্চ ঃ ডিমা হাসাও জেলায় চলতে থাকা জলজীবন মিশন প্রকল্পের কাজ আগামী ডিসেম্বর মাসের মধ্যে সম্পূর্ণ হয়ে উঠবে বলে আশা প্রকাশ করেছেন রাজ্যের জনস্বাস্থ্য কারিগরি মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া।আজ বৃহস্পতিবার এক ঝটিকা সফরে এসে জলজীবন মিশন প্রকল্পের অধীনে ডিমা হাসাও জেলায় চলতে সব কাজের পর্যালোচনা করে মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া বলেন, জেলায় চলতে থাকা জলজীবন মিশন প্রকল্পের কাজ ২০২৩ সালের মধ্যে সম্পূর্ণ হয়ে ওঠার পূর্ণ সম্ভাবনা রয়েছে। ২০২৪ সাল পর্যন্ত জলজীবন মিশন প্রকল্প থাকলে তা ২০২৩ সালের ডিসেম্বরের মধ্যেই ডিমা হাসাও জেলার গ্রামীন এলাকার প্রতিটি ঘরে ঘরে পানীয় জল পৌঁছে দেওয়া সম্ভব হবে বলে মন্তব্য করেন তিনি।বলেন, এনিয়ে ইতিমধ্যে বিভাগীয় আধিকারিকদের নির্দেশ প্রদান করা হয়েছে যাতে করে আগামী ডিসেম্বরের মধ্যে জলজীবন মিশনের কাজ সম্পূর্ণ হয়। মন্ত্রী আরো বলেন যে, জলজীবন মিশন প্রকল্পে কেন্দ্রীয় সরকার ২৫০ কোটি টাকা বরাদ্দ করেছিল এবং ইতিমধ্যে এই কাজ সম্পূর্ণ হয়ে উঠেছে। জানান, কেন্দ্রীয় সরকার জলজীবন মিশন প্রকল্পে আরো ৬০০ কোটি টাকা বরাদ্দ করেছে এবং এনিয়ে আজ বৈঠকে আলোচনা হয়েছে। জলজীবন মিশন প্রকল্পে ডিমা হাসাও জেলায় কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা করতে গত বৃহস্পতিবার হাফলং জেলাশাসক সভাকক্ষে উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের মুখ্য কার্যবাহী সদস্য দেবোলাল গার্লোসা, পার্বত্য পরিষদের কার্যনির্বাহী সদস্য প্রধান সচিব টি টি দাওলাগাপু, জেলাশাসক সীমান্ত কুমার দাস, জনস্বাস্থ্য কারিগরি বিভাগের আধিকারিক ঠিকাদারদের সঙ্গে বৈঠকে বসে মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া জলজীবন মিশন প্রকল্পের কাজের অগ্রগতি খতিয়ে দেখে জলজীবন মিশনের কাজ সম্পূর্ণ করে তুলতে নির্দেশ দেন।এদিকে ডিমা হাসাও জেলার শৈল শহর হাফলঙে পানীয় জলের সমস্যা সহ পানীয় জলের উৎস স্থল গুলি শুকিয়ে যাওয়ার দরুন হাফলং শহরে দুই মাস অন্তর অন্তর জল সরবরাহ করতে ব্যর্থ হচ্ছে জনস্বাস্থ্য কারিগরি বিভাগ আর এনিয়ে কি ব্যবস্থা গ্রহন করা হয়েছে সাংবাদিকদের এমন প্রশ্নের উত্তরে মন্ত্রী বলেন, শহরাঞ্চলে জনস্বাস্থ্য কারিগরি বিভাগ জল সরবরাহ করে না শহরাঞ্চলে আরবান ডেভেলপম্যান্ট বিভাগ জল সরবরাহ করে থাকে তবে গত কেবিনেট বৈঠকে হাফলং শহরে জলের সমস্যা নিরসনে অর্থ মঞ্জুর করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।বৃহস্পতিবারের বৈঠকে এ বিষয়টি আলোচনায় উঠে আসে বলে মন্তব্য করে মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া বলেন, হাফলং শহরের জলের সমস্যা সমাধান করতে ওয়াটার হারভেষ্টিং নেচারেল জল হারভেষ্টিং প্রকল্প হাতে নেওয়া যায় কিনা এনিয়ে বৈঠকে আলোচনা হয়। তবে এই সব প্রকল্প হাতে নিলে অতিরিক্ত অর্থের প্রয়োজন পড়বে এবং রাজ্য সরকার এই অর্থ বরাদ্দের জন্য ব্যবস্থা গ্রহন করবে। এনিয়ে তিনি আগামী এক সপ্তাহের মধ্যে বিভাগীয় ইঞ্জিনিয়ারা সব কিছু খতিয়ে দেখে তাকে অবগত করবে বলে মন্ত্রী জানান।

# করিমগঞ্জে স্মরণ দিবস পালন করলো ছাত্র সংগঠন অল ইন্ডিয়া ডিএসও

করিমগঞ্জ (অসম) ২৪ মার্চঃ বৃহস্পতিবার যথাযোগ্য মর্যাদা সহকারে তিন স্বাধীনতা সংগ্রামী ভগ সিং, সুখদেব থাপর এবং শিবরাম রাজগুরুর স্মরণ দিবস পালন করলো ছাত্র সংগঠন অল ইন্ডিয়া ডিএসও। সকাল ৯ টার সময় করিমগঞ্জ শহরের মেইন রোডের জেলা কার্যালযের সম্মুখে ভগৎ সিং এর অস্থায়ী শহীদ বেদী স্থাপন করে গার্ড অফ ওনার এবং শ্রদ্ধার্ঘ্য জানানো হয় সেখানে ছাত্র-ছাত্রীদের কাছে কিছু কথা তুলে ধরেন সংগঠনের করিমগঞ্জ কমিটির

সম্পাদক জয়দীপ দাস। তিনি বলেন ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের বীর শহীদ ভগৎ সিং স্মরণ দিবসে শুধুমাত্র কিছু কার্যসূচির মধ্য দিয়ে পালন করা ছাত্র সংগঠনের মূল উদ্দেশ্য নয় সংগঠনের উদ্দেশ্য ভগৎ সিং এর যে অপুরিত স্বপ্ন সে স্বপ্নকে পূরণ করা সংগঠনের লক্ষ্য।শ্রদ্ধার্ঘ্য অনুষ্ঠানের শেষে জেলা কার্যালয়ে ছাত্র-ছাত্রীদের কাছে ভগ সিং এর জীবন সংগ্রাম নিয়ে আলোচনা করেন এসইউসিআই (কমিউনিস্ট )দলের করিমগঞ্জ জেলা কমিটির সম্পাদক তথা রাজ্য কমিটির সদস্য কমরেড অরুণাংশু ভট্টাচার্য। তিনি ছাত্রছাত্রীদেরকে ভগৎ সিং এর ছোট সময়ের সেই দেশপ্রেমের গল্প অর্থাৎ জালিয়ান ওয়ালাবাগের হত্যাকাণ্ডের পর ভগৎ সিং সেখানে গিয়ে সে রক্তমাখা মাটি হাতে নিয়ে প্রতিজ্ঞা করেছিলেন যে এদেশ থেকে তিনি ইংরেজকে তাড়িয়ে ছাড়বেন এবং পরবর্তীতে যেভাবে আন্দোলনে ঝাঁপিয়ে পড়েছিলেন তার ব্যাখ্যা তুলে ধরেন।উপস্থিত ছাত্র-ছাত্রীদেরকে দেশের গরীব মেহনতী মানুষের স্বার্থে লড়াই করতে এবং আরো উচ্চকণ্ঠে মাথা উঁচু করে লড়াই করে দেশীয় পুঁজি পতিদের হাত থেকে ভারতবর্ষকে মুক্ত করতে এবং ভগৎ সিং এর স্বপ্ন পূরণ করার জন্য আহ্বান জানান।

# বারাণসীতে টিবি মুক্ত পঞ্চায়েত সহ পাঁচটি উদ্যোগের সূচনা করেন প্রধানমন্ত্রী

বারাণসী/নয়াদিল্লি, ২৪ মার্চ ঃ'বিশ্ব যক্ষ্মা দিবস' উপলক্ষে তাঁর সংসদীয় এলাকা বারাণসী থেকে একটি টিবি-মুক্ত পঞ্চায়েত সহ পাঁচটি উদ্যোগের সূচনা করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।রুদ্রাক্ষ কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত 'ওয়ান ওয়ার্ল্ড টিবি সামিট'-এ রিমোট বোতামে টিবি-মুক্ত পঞ্চায়েত উদ্যোগ ছাড়াও অল ইন্ডিয়া ব্রিফ টিবি প্রিভেন্টিভ ট্রিটমেন্ট (টিপিটি) আনুষ্ঠানিকভাবে চালু করেন প্রধানমন্ত্রী মোদী। মোদী টিবির জন্য পরিবার-কেন্দ্রিক যত্নের মডেল এবং ভারতের বার্ষিক টিবি রিপোর্ট প্রকাশ সহ বিভিন্ন উদ্যোগও চালু করেছেন।উত্তরপ্রদেশের গভর্নর আনন্দীবেন প্যাটেল, মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ এবং কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মনসুখ মান্ডাভিয়া সহ বহু বিশিষ্ট ব্যক্তি এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

# রমজানের শুভেচ্ছা মমতা, শুভেন্দুর

কলকাতা, ২৪ মার্চ ঃ রমজানের শুভেচ্ছা জানালেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও শুভেন্দু অধিকারী।শুক্রবার মুখ্যমন্ত্রী টুইটারে লেখেন, পবিত্র রমজান মাস শুরু হওয়ার সাথে সাথে আমি সারা বিশ্বের মুসলিম সম্প্রদায়ের আমার সকল ভাই ও বোনদেরকে আমার শুভেচ্ছা জানাই। আমরা যেন মানুষের সেবা করে যেতে পারি এবং এমন একটি সমাজের জন্য কাজ করতে পারি যেটি দারিদ্র্য এবং সমস্ত সামাজিক বিশৃঙ্খলা থেকে মুক্ত। অন্যদিকে শুভেন্দুবাবু প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর শুভেচ্ছাকে যুক্ত করে টুইটারে লেখেন, পবিত্র রমজান মাসের শুরুতে শুভেচ্ছা জানাই।

# রাহুল গান্ধীর দেশের কাছে ক্ষমা চাওয়া উচিতঃপীযূষ গোয়েল

নয়াদিল্লি , ২৪ মার্চ ঃ রাহুল গান্ধী তাঁর বক্তব্য দিয়ে দেশের গণতন্ত্রকে অপমান করেছেন এবং এজন্য তার ক্ষমা চাওয়া উচিত বলে মনে করেন কেন্দ্রীয় মন্ত্রী পীযূষ গোয়েল। গত বৃহস্পতিবার রাহুল গান্ধীর শাস্তির পরে কংগ্রেস নেতাদের বিবৃতিগুলিরও তীব্র সমালোচনা করে গোয়েল বলেছেন, বিচার ব্যবস্থা নিয়ে নির্লজ্জ বিবৃতি দেওয়া দুর্ভাগ্যজনক।সংসদের বাইরে সাংবাদিকদের সঙ্গে আলাপচারিতায় রাহুল গান্ধীকে পরামর্শ দেন পীযূষ গোয়েল। তিনি বলেন যে, জনজীবনে চিন্তা-ভাবনা করে বক্তব্য দিতে হবে এবং এর মধ্যে শালীনতা থাকতে হবে। যদিও রাহুল গান্ধী এখনও পর্যন্ত তার বক্তব্য দিয়ে গণতান্ত্রিক প্রতিষ্ঠানকে অপমান করেছেন। দেশ তা মানতে প্রস্তুত নয়। রাহুল গান্ধীর মেনে নেওয়া উচিত দেশ ও সংবিধানের চেয়ে বড় কেউ নয়। যদি সে নিজেকে সত্য ও ভালবাসার পক্ষে বলে মনে করে, তবে তার মহত্ত্ব দেখিয়ে ক্ষমা চাওয়া উচিত।গোয়েল বলেন, রাহুল গান্ধীর মেনে নেওয়া উচিত যে দেশ ও বিশ্বের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপর আস্থা রয়েছে। রাহুল কখনই উচ্চ সাংবিধানিক পদকে সম্মান করেননি।

# ২৫ মার্চ কর্ণাটকে কয়েক হাজার কোটি টাকার প্রকল্পের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২৪ মার্চ ঃচিক্কাবাল্লাপুর এবং বেঙ্গালুরুতে বিভিন্ন উন্নয়ন কাজের সূচনা করতে শনিবার কর্ণাটক সফর করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।প্রধানমন্ত্রীর কার্যালয় সূত্রে জানা গেছে, ২৫ মার্চ কর্ণাটক সফরে যাবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সকালে চিক্কাবল্লাপুরে শ্রী মধুসূদন সাই ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস অ্যান্ড রিসার্চের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী এরপর বেলা ১ টায় বেঙ্গালুরু মেট্রোর হোয়াইটফিল্ড (কাদুগোদি) কৃষ্ণরাজপুরা মেট্রো লাইনের উদ্বোধন করে মেট্রোতে যাত্রা করবেন।প্রধানমন্ত্রী এরপর কর্ণাটকের দাভানাগেরে ভারতীয় জনতা পার্টির (বিজেপি) বিজয় সংকল্প যাত্রার সমাপনী অনুষ্ঠানে যোগ দেবেন।

# প্রকাশ্যে চিড়িয়াখানার নতুন ২ সদস্য জগা-মাধাই

কলকাতা,২৪ মার্চ ঃ লক্ষীবারে নয়া চমক চিড়িয়াখানায়। প্রকাশ্যে এল চিড়িয়াখানার জগাই ও মাধাই। এই জগাই মাধাই কোনও মানুষ নয়। তারা দুই ভল্লুক ।এক বছর আগে বাংলাদেশে পাচারের সময় উত্তর ২৪ পরগনা জেলার হাসনাবাদ থেকে দুটি শ্লথ প্রজাতির ভল্লুক উদ্ধার করে বনদফতর। গত মার্চ মাসে তাদের উদ্ধার করে আলিপুর চিড়িয়াখানায় পাঠানো হয়। একবছর পর প্রকাশ্যে এল তারা। গত বৃহস্পতিবার তাদের ছাড়া হল এনক্লোজারে। আর ছাড়া পেয়েই নিজেদের মধ্যে খুনসুটি করতে দেখা গেল হিমালয়ান ভল্লুকদের। চিড়িয়াখানার কর্মীরা তাদের নাম দিয়েছেন - জগাই আর মাধাই। যখন তাদের বয়স ছিল মাত্র দু'মাস। দু'জনের মধ্যে একজনের ওজন ছিল মাত্র ২ কেজি। আরেকজন ছিল আড়াই কেজির মতো। দু'জনই পুরুষ। যখন তাদের চিড়িয়াখানায় আনা হয়েছিল তখন নিজের পায়ে ঠিকহাঁটতে পারত ন। দুধ ছাড়া কিছু খেত এক। তখন থেকেই চিড়িয়াখানা কর্তৃপক্ষ দুই শাবকের অভিভাবক।

# মুকেশ আম্বানি বিশ্বের নবম ধনী, আদানি ২৩ তম স্থানে

নয়াদিল্লি, ২৪ মার্চ ঃ রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ লিমিটেডের (আরআইএল) চেয়ারম্যান তথা ম্যানেজিং ডিরেক্টর মুকেশ আম্বানিও বিশ্বের শীর্ষ দশজন ধনীর তালিকায় রয়েছেন। একই সময়ে, আদানি গ্রুপের চেয়ারম্যান গৌতম আদানি এই তালিকায় দ্বিতীয় স্থান থেকে ২৩ তম স্থানে নেমে এসেছেন। মুকেশ আম্বানি এই তালিকার ৯ম স্থানে রয়েছেন। শীর্ষ দশ ধনকুবেরের তালিকায় একমাত্র ভারতীয় হলেন মুকেশ আম্বানি।রিসার্চ প্ল্যাটফর্ম হুরুন গত বুধবার রিয়েল এস্টেট কোম্পানি এম৩এম-এর সঙ্গে যুক্ত হয়ে ধনীদের তালিকা প্রকাশ করেছে। এইবার হুরুন গ্লোবাল রিচ লিস্ট ২০২৩-এ, মুকেশ আম্বানি একমাত্র ভারতীয় ধনকুবের হিসাবে শীর্ষ দশজন ধনীর তালিকায় রয়েছেন। গৌতম আদানি এই বছর তালিকায় ২৩তম স্থানে নেমে এসেছেন। হুরুনের নতুন তালিকা অনুযায়ী, মুকেশ আম্বানি আবার দেশের সবচেয়ে ধনী ব্যক্তি হয়েছেন।মুকেশ আম্বানি ৮২০০ বিলিয়ন ডলারের সম্পদ নিয়ে ৯ম স্থানে রয়েছেন। গৌতম আদানির মোট সম্পদের পরিমাণ নেমে এসেছে ৫৩ বিলিয়ন ডলার। তা সত্ত্বেও, তিনি এখনও দ্বিতীয় ধনী ভারতীয়। গত বছর, গৌতম আদানি হুরুনের তালিকায় ভারতীয় ধনীদের মধ্যে প্রথম স্থানে ছিলেন। তখন তার মোট সম্পদের পরিমাণ ছিল প্রায় ১৩,০০০ কোটি ডলার।সাইরাস পুনাওয়ালা ২৮ বিলিয়ন ডলারের সম্পদ সহ হুরুনের ধনী তালিকায় তৃতীয় বৃহত্তম বিলিয়নিয়ার। ২৭ বিলিয়ন ডলারের সম্পদ নিয়ে তালিকার চতুর্থ স্থানে রয়েছেন শিব নাদার, যেখানে স্টিল কিং নামে পরিচিত লক্ষ্মী মিত্তাল ২০ বিলিয়ন ডলারের সম্পদ নিয়ে পঞ্চম স্থানে রয়েছেন, আর রাধাকিশান দামানি পঞ্চম স্থানে রয়েছেন।

# প্রদীপ সরকারের মৃত্যুতে শোকস্তব্ধ অভিষেক বচ্চন

মুম্বই,২৪ মার্চ ঃ শুক্রবার ভোররাত ৩টের সময় প্রয়াত হয়েছেন পরিচালক প্রদীপ সরকার। খবর প্রকাশ্যে আসতেই শোকের ছায়া নেমেছে বলিউডে। হনসল মেহতা প্রথম এই খবর প্রকাশ্যে আনেন। এরপর একে একে মনোজ বাজপেয়ী, অভিষেক বচ্চন-রাও টুইটারে শোকপ্রকাশ করেছেন। পরিচালকের ' চুনারি মে দাগ' ছবিতে একটি বিশেষ চরিত্রে অভিনয় করেছিলেন জুনিয়র বচ্চন। এদিন সে কথাই উঠে এসেছে অভিনেতার শোকবার্তায়।অভিষেক লিখেছেন, ঘুম থেকে উঠে ভয়ানক খবর পেলাম। শান্তিতে থাকুন দাদা। আমাকে ভালবাসার জন্য এবং আমাকে আপনার জীবনের একটা ছোট্ট পর্বে আমাদের অংশীদার করার জন্য ধন্যবাদ। আপনাকে খুব মিস করব।

## পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,২৫ মার্চ ঃবুধবার, ১০ চৈত্র মাস ১৪২৯ বঙ্গাব্দ, ইংরেজীঃ২৫মার্চঃ ২০২৩, ৫৩৬ চৈতনাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ ১০ চৈত্র মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ১০ চৈত্র মাস ১৪২৯, ভারতীয় সিভিলঃ১০ চৈত্র মাস ১৯৪৪, মৈতৈঃ১০ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপুর্নাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪ পদ।বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫

## আবহাওয়া

অংশত, সকালে দিকে মেঘলা আকাশ হবে। পরে পরিস্কার না হও হতে পারে।। তাপমাত্রা সর্বোচ্চ ৩১.০৫ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২১.০২এডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯২শতকরা এবং ৪৪শতকরা। বৃষ্টি হয়েছে শুক্রবার। জোয়ার- সকাল ১১টা ২০ মিনিট এবং রাত-১১টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-১১টা ২০মিনিট। রাত-১১টা ২০ মিনিট। সূর্য উদয় হবে আজঃ ৫ টা ৪৫মিনিটে এবং সূর্য অস্ত যাবে দিনেঃ ৫ টা -৪৫মিনিটের মধ্যে হবে আজ।

## রাশিফল

**মেষরাশিঃ**অপ্রয়োজনীয় উত্তেজনা এবং দুশ্চিন্তা আপনার জীবনকে রসকষহীন করে তুলতে পারে। **বৃষভ রাশিঃ**আপনার চারপাশের মানুষের সম্প্রসারিত সমর্থন আপনাকে খুশি করবে। শুভদিন **মিথুন রাশিঃ**আপনার দয়ালু স্বভাব আজ অনেক খুশির মুহূর্ত বয়ে আনবে। সংসারে শান্তি হবে। **কর্কট রাশিঃ**কোন ঝগড়াটে ব্যক্তির সাথে বিবাদ আপনার মেজাজ খারাপ করতে পারে। । **সিংহ রাশিঃ**আপনার ক্ষমতা শক্তি বেশী থাকবে। বিাহের যোগ হবেই। বাড়িতে অতিথি আগমন **কন্যা রাশিঃ**অতিরিক্ত খাওয়া এড়িয়ে চলুন এবং আপনার ওজন নিয়ন্ত্রণে রাখুন। শুভ দিন **তুলা রাশিঃ** আপনার মানসিক স্বাস্থ্য রক্ষা করুন যা আধ্যাত্মিক জীবনের পূর্বশর্ত। আর্থিক সংকট। বিদেশ যাত্রা শুভ। সংসারে শান্তি **বৃশ্চিক রাশিঃ**সৃজনশীল কাজও আপনাকে চাপমুক্ত রাখবে। আপনার বাবার কোনও পরামর্শ কর্মক্ষেত্রে উপকারী হতে পারে। **ধনু রাশিঃ** সৃজনশীল কাজও আপনাকে চাপমুক্ত রাখবে। আপনার বাবার কোনও পরামর্শ কর্মক্ষেত্রে উপকারী হতে পারে। **মকর রাশিঃ** আপনি অন্যদের সমালোচনার অভ্যাসের জন্য সমালোচিত হবেন। শুভ রং লাল **কুম্ভ রাশিঃ**শারীরিক অসুস্থতা থেকে সেরে ওঠার সুযোগ রয়েছে। আজ আপনার বাড়ির বাইরে যাওয়ার আগে আপনার প্রবীণদের আশীর্বাদ লাভ করুন, এটি আপনার উপকারে আসবে।শুভ **মীন রাশিঃ** অন্যদের সাথে খুশি ভাগ করে নেওয়ার মাধ্যমে স্বাস্হ্যের বিকাশ ঘটতে পারে। অতীতের বিনিয়োগ থেকে উপার্জন বৃদ্ধি দেখতে পাওয়া যাচ্ছে। বাড়িতে নিয়ন্ত্রক অবস্থা বিদ্যমান বলে আপনার মন খারাপ হতে পারে। ভালবাসার

# হাওড়ায় জেলা জুড়ে শিল্প ও উদ্যোগ খাতে আগামী ২-৩ বছরের মধ্যে ১১,২০০ কোটি টাকার বিনিয়োগ আসতে চলেছে, ঘোষণা মন্ত্রী চন্দ্রনাথ সিনহা'র

শ্রেয়া আদক, হাওড়া, ২৪ মার্চ ঃ হাওড়া জেলার আসন্ন শিল্প পার্কগুলিতে আগামী দিনে প্রচুর টাকার বিনিয়োগ আসবে এবং সেই বিনিয়োগগুলি বাস্তবায়িত হলে বহু মানুষের কর্মসংস্থান হবে। শুক্রবার হাওড়ার শরৎ সদনে ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পের সিনার্জি সম্মেলনে এসে একথা জানান রাজ্যের ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প এবং বস্ত্র দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী চন্দ্রনাথ সিনহা। তিনি বলেন, 'আগামী দু'তিন বছরে হাওড়ার আসন্ন শিল্প পার্কগুলিতে প্রায় ৪ হাজার ৪৫০ কোটি টাকার বিনিয়োগ আসতে চলেছে। এছাড়া গোটা জেলা জুড়ে শিল্প ও উদ্যোগ খাতে আরও ৬,৭৫০ কোটি টাকার বিনিয়োগ আসতে পারে। এর ফলে বিনিয়োগের পরিমাণ বেড়ে দাঁড়াবে ১১,২০০ কোটি টাকা। এই বিনিয়োগগুলি বাস্তবায়িত হলে শুধু প্রায় এক লক্ষ ৬০ হাজারেরও বেশি মানুষ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে এখানে কর্মসংস্থানের সুযোগ পাবেন'। ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পের সিনার্জি এন্ড বিজনেস ফেসিলিটেশন কনক্লেভ ২০২২-২৩ অনুষ্ঠানে এসে মন্ত্রী চন্দ্রনাথ সিনহা এদিন বিভিন্ন প্রকল্পের ঘোষণা করেন। তিনি আরও বলেন, চলতি আর্থিক বছরে ব্যবসা স্থাপন বা সম্প্রসারণের জন্য শিল্পদ্যোগগুলিকে এখনো পর্যন্ত বিধিবদ্ধ প্রয়োজনীয়তার জন্য প্রধান প্রধান ছাড়পত্রের মোট ৩,৬২২টির অনুমোদন দেওয়া হয়েছে। এর মধ্যে রয়েছে ল্যান্ড মিউটেশন ও কনভার্সন, দূষণ সংক্রান্ত ছাড়পত্র, ফ্যাক্টরি রেজিস্ট্রেশন, বিদ্যুৎ সংযোগ, ভূগর্ভস্থ জল নিষ্কাশনের জন্য ছাড়পত্র এবং অগ্নি নিরাপত্তামূলক ছাড়পত্র। এছাড়াও হাওড়া মিউনিসিপাল কর্পোরেশন প্রায় ৯ হাজারটি নতুন ট্রেড লাইসেন্স প্রদান করেছে। ২০২২-২৩ আর্থিক বছরে ডিসেম্বর পর্যন্ত ব্যাঙ্কগুলি এমএসএমই ক্ষেত্রে মোট ৯,৬১৮ কোটি টাকা ঋণ প্রদান করেছে। এমএসএমই শিল্পের উন্নয়নে এই বছরে বাংলাশ্রী ইন্সেন্টিভ স্কিমের অধীনে মোট ৫.৮ কোটি টাকা অনুদান দেওয়া হয়েছে। এই বছরে চারটি বেসরকারি পার্ক ডেভলপারকে এসএআইপি প্রকল্পে শিল্প পার্ক স্থাপনের জন্য চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়েছে। যে চারটি উদ্যোগকে অনুমোদন দেওয়া হয়েছে সেগুলি হল - রানিহাটি আমতা রোডের এমএসএমই শিল্প পার্ক, অনন্তপুরের শিল্প পার্ক, রানিহাটির ফাউন্ড্রি পার্ক এবং জগৎবল্লভপুরের মিনি ফাউন্ড পার্ক। এছাড়াও সাঁকরাইল জমি হাব সম্পূর্ণ সংস্কার করা হয়েছে, এই হাবটি পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য সাঁকরাইল, পাঁচলা, ডোমজুড়, উলুবেড়িয়া ১ এবং উলুবেড়িয়া ২ ব্লকের পাঁচটি জরি ক্লাস্টারকে নিয়ে একটি ফেডারেল সমবায় সমিতি গঠন করা হয়েছে। সমিতিকে ২৫ লক্ষ টাকার একটি অত্যাধুনিক অটোমেটিক জরি মেশিন দেওয়া হয়েছে। এতে জরির কাজ অতি দ্রুত ও নিখুঁতভাবে করা যাবে এবং উৎপাদন বাড়বে। ডিজাইন উন্নত হবে যা জরির কাজে যুক্ত শিল্পীদের জীবনযাত্রা আরও উন্নত করবে। এছাড়া ক্লাস্টার উন্নয়নে বেশ কয়েকটি ক্ষেত্রে হস্তক্ষেপ গ্রহণ করা হয়েছে। যেমন ডোমজুড়ে জুয়েলারি ক্লাস্টারের সঙ্গে যুক্ত দেড়শো জন জুয়েলারি কারিগরকে উন্নত টুলকিট প্রদান করা হচ্ছে। এই ইভেন্টের প্ল্যাটফর্ম থেকেই পাঁচজন জুয়েলারি কারিগরের হাতে টুল কিট হস্তান্তরের মাধ্যমে এই উদ্যোগটি চালু করা হচ্ছে। অবশিষ্ট টুল কিট প্রায় প্রস্তুত। শীঘ্রই তা কারিগরদের মধ্যে বিতরণ করা হবে বলে মন্ত্রী জানিয়েছেন। তিনি আরও বলেন, অঙ্কুরহাটি জেমস এন্ড জুয়েলারি পার্কে জুয়েলারি ইউনিটগুলির জন্য সেখানে একটি সাধারণ সুবিধা কেন্দ্র স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। জগৎবল্লভপুর ব্লকের অধীনে বড়গাছিয়ার মেটাল স্পেয়ার পার্টস ক্লাস্টারের জন্য সাধারণ সুবিধা কেন্দ্র স্থাপনের পদক্ষেপ নেওয়া হয়েছে এবং টেন্ডার প্রক্রিয়া শুরু হয়েছে। হাওড়া ফাউন্ড্রি অ্যাসোসিয়েশনের অধীনে ফাউন্ড্রি ক্লাস্টারের জন্য সাধারণ সুবিধা কেন্দ্র স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। ফাউন্ড্রি ক্লাস্টার ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েশন দ্বারা ৬০ একর জমিতে একটি লাইট ইঞ্জিনিয়ারিং পার্ক তৈরির প্রস্তাব করা হয়েছে। যা হাওড়ার ইঞ্জিনিয়ারিং শিল্পের জন্য একটি বড় ভূমিকা পালন করবে। জেম অ্যান্ড জুয়েলারি ক্ষেত্রে রপ্তানি বাড়াতে অঙ্কুরহাটি জেম এন্ড জুয়েলারি পার্কে একটি রপ্তানি সুবিধা কেন্দ্র স্থাপন করা হয়েছে। এই কেন্দ্রটি এইচএসএন কোড, দেশ নির্দিষ্ট সংবিধিবদ্ধ প্রয়োজনীয়তা ইত্যাদি সহ রপ্তানি পদ্ধতি সম্পর্কে রপ্তানিকারকদের সহায়তা করছে বলেও মন্ত্রী এদিন জানান। এদিন মন্ত্রী চন্দ্রনাথ সিনহা আরও বলেন, হাওড়া জেলা রাজ্যের শিল্প মানচিত্রে একটা আলাদা জায়গা দখল করে রয়েছে। জেলায় ২৭টি MSME ক্লাস্টার কাজ করছে। এই সরকার ক্ষমতায় আসার পর MSME সেক্টরে ভালো কাজ হয়েছে। এই জেলা টেক্সটাইল শিল্পেও আগামী দিনে সামনের সারিতে আসবে। এই জেলায় আরও শিল্প বিনিয়োগ হবে এবং কর্মসংস্থান বাড়বে বলে আশা করা যায়। রাজ্য সরকার অবিরাম কাজ করছে। সিনার্জি কনক্লেভ নিয়মিত করা হচ্ছে। রাজ্য সরকার বিভিন্নভাবে সহায়তা করছে। ক্লাস্টার উন্নয়নের ক্ষেত্রেও রাজ্য সরকার সাহায্য করছে। ১১,২০০ কোটি টাকার বিনিয়োগ আসবে। ১ লক্ষ ৬০ হাজার মানুষের কর্মসংস্থান হবে। এদিন রাজ্যের সমবায় মন্ত্রী অরূপ রায় বলেন, হাওড়াকে এশিয়ার শেফিল্ড বলা হতো। হাওড়ার শিল্পে আবার জোয়ার এসেছে। উদ্যোগপতি শিল্পপতিরা হাওড়ায় শিল্প গড়ুন। আমরা সকলে সহযোগিতা করব। অন্যদিকে, ওই দপ্তরের প্রিন্সিপাল সেক্রেটারি রাজেশ পান্ডে বলেন, গত কয়েক বছর ধরে সিনার্জি হচ্ছে। হাওড়ায় এটি দ্বিতীয় সিনার্জি। ব্যাঙ্কগুলোকেও আমরা যুক্ত করেছি। হাওড়া খুব গুরুত্বপূর্ণ জেলা। এখানে এশিয়ার বৃহত্তম হোসিয়ারি পার্ক। গত বছরে ঘোষণা হয় স্কুল ইউনিফর্ম প্রোজেক্ট। লোকাল ইন্ডাস্ট্রিকে রাজ্য সরকার সাপোর্ট করছে। আরও নতুন ইন্ডাস্ট্রিয়াল পার্ক হবে এখানে। এদিনের সিনার্জিতে উপস্থিত ছিলেন রাজ্যের ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প দপ্তরের মন্ত্রী চন্দ্রনাথ সিনহা, সমবায় মন্ত্রী অরূপ রায়, বিধায়ক ডা ঃ নির্মল মাজি, বিদেশ বসু, পুর প্রশাসকমন্ডলীর চেয়ারপার্সন ডাঃ সুজয় চক্রবর্তী, জেলাশাসক মুক্তা আর্য, পুর কমিশনার ধবল জৈন, MSME Textile দপ্তরের প্রিন্সিপাল সেক্রেটারি রাজেশ পান্ডে, জেলা পরিষদের সহ সভাপতি অজয় ভট্টাচার্য্য প্রমুখ।

# প্রতিবাদের কন্ঠ দমানো যাবে না, কেন্দ্রকে তোপ মন্ত্রী ডাঃ শশী পাঁজার

দুরন্ত বার্তা, হাওড়া, ২৪ মার্চ ঃ প্রতিবাদের কন্ঠ দমানো যাবে না। এবার কেন্দ্রকে তোপ রাজ্যের মন্ত্রী ডাঃ শশী পাঁজার। শুক্রবার হাওড়ায় তিনি বলেন, দেশে এখন এজেন্সি রাজ চলছে। স্বৈরাচারী সরকার চলছে। কেন্দ্রীয় সরকার যদি মনে করে এভাবে বিরোধীদের দমিয়ে রাখা যাবে তাহলে তারা ভুল ভাবছে। প্রতিবাদের কন্ঠ দমানো যাবেনা। শুক্রবার সন্ধ্যায় হাওড়া পুরসভার এক অনুষ্ঠানে এসে এভাবেই কেন্দ্রীয় সরকারকে তীব্র ভাষায় আক্রমণ করেন তিনি। শশী পাঁজা বলেন, শাসক দল লোকসভা এবং রাজ্যসভায় এতোই হইচই করছে যে হাউস চলছে না। বহু গুরুত্বপূর্ণ প্রশ্নের উত্তর মিলছে না। আমাদের মুখ্যমন্ত্রী বিরোধী জোট তৈরির চেষ্টা করছেন। তিনি বলেন, দেশে এখন এজেন্সি রাজ চলছে। তৃণমূল কংগ্রেস সহ বিভিন্ন বিরোধী দলকে ভয় দেখানোর চেষ্টা করা হচ্ছে। এমনকি সংবাদমাধ্যমও ব্যতিক্রম নয়। এক ধরনের একনায়কতন্ত্র চলছে। তবে মানুষের কন্ঠ রোধ করা যাবে না। তৃণমূল কংগ্রেস এই ঘটনার তীব্র নিন্দা করছে এবং যেভাবে দলনেত্রী নির্দেশ দেবেন সেভাবেই এর মোকাবিলা করা হবে। এই নিয়ে কংগ্রেসকে তৃণমূল কংগ্রেস সমর্থন করবে কিনা এই প্রশ্নে তিনি বলেন এটা দল ঠিক করবে। তবে যেভাবে বিরোধী দলের ওপর আক্রমণ নেমে আসছে তা মানুষকে সঙ্গে নিয়ে প্রতিরোধ করা হবে। কিছুদিন আগে সমাজবাদী পার্টির নেতা অখিলেশ যাদবের সঙ্গে বৈঠক করেন মুখ্যমন্ত্রী। উড়িষ্যার মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়কের সঙ্গেও তার বৈঠক হয়। কিভাবে বিজেপির আক্রমণ রুখে দেওয়া যায় তা নিয়ে দেশজুড়ে চেষ্টা চলছে। ডা. শশী পাঁজা এদিন সাংবাদিকদের প্রশ্নের উত্তরে আরও বলেন, গণতন্ত্রকে শক্তিশালী করতে হবে। মানুষ চাইবে গণতন্ত্র প্রতিষ্ঠা থাকুক এবং ভারতবর্ষ এগিয়ে যাক। ওরা জবাব দিতে পারছে না বলেই লোকসভা রাজ্যসভা চলছে না। ব্যাপারটা ঘুরিয়ে দেওয়া হচ্ছে। শাসকদলই এত চিকার করছে যে পার্লামেন্ট চলতে দেওয়া যাচ্ছে না। যে ১ লক্ষ কোটির উপর দেউলিয়া হয়েছে, এলআইসি এবং এসবিআইয়ে সাধারণ মানুষের গচ্ছিত টাকার ভবিষ্যত কি সেই নিয়ে অনেক প্রশ্ন। গণতন্ত্র সবচেয়ে নিম্নস্তরে নেমেছে। ভয়ানক পরিস্থিতির দিকেই যাচ্ছে। বহুবার বলা হয়েছে দেশের অবস্থা একনায়কতন্ত্র বা প্রেসিডেন্সিয়াল ফর্ম। এখানে মানুষের অধিকার খর্ব করা হচ্ছে। এরকম পরিবেশ তৈরি হচ্ছিল। এটা আজ হয়েছে। এই ব্যাপারটা তৃণমূল কংগ্রেস বিরোধীতা করে। কে পাওয়ারে আসবে, কে ক্ষমতা দখল করবে তা সাধারণ মানুষ ঠিক করে। সুতরাং ২০২৪ সালে ক্ষমতায় কে আসবে মানুষই ঠিক করবে। বিজেপির বিরোধী দলের ওপর আক্রমণ চলছে, তাদের বিরুদ্ধে এজেন্সি চালানো হচ্ছে এর বিরুদ্ধে বেশ কিছু বছর ধরে প্রতিবাদ চলছে। প্রতিবাদের কন্ঠ দমানো যাবেনা। যদি মনে করে এজেন্সির মাধ্যমে দমানোর চেষ্টা করা হয় তাহলে সেটা ভুল ধারণা। প্রসঙ্গত, শুক্রবার সন্ধ্যায় হাওড়া পুরনিগমের উদ্যোগে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য বহুমুখী পরিষেবা কেন্দ্র 'সক্ষম' এর এদিন শুভ সূচনা করেন রাজ্যের নারী-শিশু কল্যাণ ও সমাজ কল্যাণ মন্ত্রী মন্ত্রী ডাঃ শশী পাঁজা। ওই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের সমবায় মন্ত্রী অরূপ রায়, হাওড়া পৌরনিগমের প্রশাসকমন্ডলীর মুখ্য প্রশাসক ডাঃ সুজয় চক্রবর্ত্তী, পুর কমিশনার ধবল জৈন, জেলাশাসক মুক্তা আর্য, বিধায়িকা নন্দিতা চৌধুরী, জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. নিতাই চন্দ্র মন্ডল, সদর মহকুমা শাসক তরুণ ভট্টাচার্য্য সহ অন্যান্যরা। এই অনুষ্ঠান প্রসঙ্গে মন্ত্রী ডাঃ শশী পাঁজা বলেন, নাগরিক পরিষেবা প্রদানের পাশাপাশি পুরসভার এই উদ্যোগ প্রশংসনীয়। এদিন রাজ্যের সমবায় মন্ত্রী অরূপ রায় বলেন, এই বাড়িটি পরিত্যক্ত অবস্থায় পাড়েছিল। হাওড়া পুরনিগম নিজেরা উদ্যোগ নিয়ে এটির সংস্কার করে এখানে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য এই পরিষেবা কেন্দ্রটি চালু করেছে। এর ফলে এলাকার বহু মানুষ উপকৃত হবেন। হাওড়ার মুখ্য পুর প্রশাসক ডাঃ সুজয় চক্রবর্তী বলেন, আপাতত বুধবার ও রবিবার এই কেন্দ্রটি চালু থাকবে। আগামী বুধবার ২৯ মার্চ থেকে এই পরিষেবা কেন্দ্রে আনুষ্ঠানিকভাবে কাজ শুরু হবে। প্রসঙ্গত, হাওড়া পুরসভা এলাকার মহেন্দ্র ভট্টাচার্য্য রোডের দালাল পুকুর জোনে এই সক্ষম স্বাস্থ্যকেন্দ্রটি গড়ে তোলা হয়েছে। এখানে ক্লিনিক্যাল সাইকোলজি, আই কিউ অ্যাসেসমেন্ট, বিহেভিয়ার মডিফিকেশন, অকুপেশনাল থেরাপি, স্পিচ অ্যান্ড ল্যাঙ্গুয়েজ এভেলিউশন, পেডিয়াট্রিক ফিজিওথেরাপি, পেরেন্টাল কাউন্সেলিং সহ বিভিন্ন পরিষেবা পাওয়া যাবে। এখানে অ্যাডভান্স বুকিং করতে খরচ পড়বে মাত্র ৫০ টাকা। অ্যাসেসমেন্ট এবং ডক্টরদের সঙ্গে কনসালটেশনের জন্য খরচ পড়বে মাত্র ১০০ টাকা। মিনিমাম থেরাপেথিক প্যাকেজ চার্জ ৩৫০ টাকা প্রতি সেশান অনুযায়ী। জানা গেছে, খুবই অল্প খরচে এই পরিষেবা পাওয়া যাবে। শুধুমাত্র বুধবার এবং রবিবার এই পরিষেবা মিলবে। সকাল ১১টা থেকে ৩ টে পর্যন্ত। তবে রিসেপশন খোলা থাকবে সাত দিন বুধবার থেকে সোমবার পর্যন্ত।

# সপ্তাহান্তে শিয়ালদহ শাখায় বাতিল একগুচ্ছ লোকাল ট্রেন

দুরন্ত বার্তা, কলকাতা, ২৪ মার্চ ঃ আবার যাত্রী দুর্ভোগের আশঙ্কা। সপ্তাহান্তে শিয়ালদহ শাখায় বাতিল একগুচ্ছ লোকাল ট্রেন। রেল সূত্রে জানা গিয়েছে, রক্ষাণাবেক্ষণের কাজ চলবে ইছাপুর ও নৈহাটি স্টেশনের মাঝের একটি ব্রিজে। এর আগে ১৪ মার্চ পর্যন্ত বহু লোকাল ট্রেন বাতিল ছিল শিয়ালদায়। শিয়ালদহ মেন শাখায় বাতিল ছিল ২৬ জোড়া ট্রেন। নৈহাটি- হালিশহর এর মধ্যে নন-ইন্টারলকিং এর কাজ চলায় দুর্ভোগ বাড়ে নিত্যযাত্রীদের। এবার আবার দুর্ভোগের আশঙ্কায় বাড়ছে উদ্বেগ। যদিও সপ্তাহ শেষে অফিসযাত্রীদের ভিড় অনেকটাই কম থাকে। তবে নানা প্রয়োজনে অনেকেই ট্রেন ধরতে হয়। সে কারণে ট্রেন বাতিলের খবরে চিন্তা বাড়ছে আমজনতার। ২৫ তারিখ শনিবার রাত ১০ থেকে ২৬ তারিখ রবিবার রাত ৯টা পর্যন্ত কাজ চলবে। সে কারণেই শিয়ালদা-নৈহাটি, শিয়ালদহ-রানাঘাট ও শিয়ালদহ -শান্তিপুর রুটে তিন জোড়া লোকাল ট্রেন বাতিল থাকছে শনিবার। বাতিলের তালিকায় থাকছে ৫ জোড়া শিয়ালদহ - নৈহাটি লোকাল, ৩ জোড়া শিয়ালদহ - রানাঘাট লোকাল, ৪ জোড়া শিয়ালদহ- কল্যাণী সীমান্ত লোকাল, ২ জোড়া শিয়ালদহ-ব্যারাকপুর লোকাল। বাতিল একজোড়া করে শিয়ালদহ -শান্তিপুর, শিয়ালদহ- কৃষ্ণনগর, শিয়ালদহ - গেদে এবং দমদম জং-ব্যারাকপুর লোকাল। একইসঙ্গে রবিবার তিনজোড়া লোকাল ঘুরপথে চলবে ব্যারাকপুর থেকে। পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র বিজ্ঞপ্তি জারি করে এ কথা জানিয়েছেন।

''অটোস অন কল'' ০৩৩ ২৫৬৪ . ২৯৯১ আজ রথ তলার মোড়ে কামারহাটি থেকে ডানলপ এবং কামারহাটি বিধানসভার বিভিন্ন অঞ্চলে ২৪ ঘন্টায় অটো পরিষেবা পাওয়া যাবে বলে জানালেন কামারহাটি বিধানসভার বিধায়ক মদন মিত্র । এছাড়া উপস্থিত ছিলেন কামারহাটি পৌরসভার পৌরপ্রধান শ্রী গোপাল সাহা ও অন্যান্য পৌর প্রতিনিধিগন। খুব অল্প খরচে এই পরিষেবা পাবেন কামারহাটি বিধানসভার অঞ্চল ও সংলগ্ন বিভিন্ন পৌরসভা অঞ্চলে । ছবি- সুবল সাহা ।

# দক্ষিণবঙ্গে রোদ ঝলমলে আকাশ, উত্তরে বহাল থাকবে বৃষ্টিপাত

দুরন্ত বার্তা, কলকাতা, ২৪ মার্চ ঃ কয়েকদিন ধরে টানা ঝড়বৃষ্টির পরে দক্ষিণবঙ্গে রোদ ঝলমলে আকাশ। তবে আবহাওয়া দফতরের পূর্বভাস বলছে দক্ষিণবঙ্গে শনিবার পর্যন্ত পরিষ্কার আকাশ থাকলে বিকেলের পর একাধিক জেলায় বজ্র বিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। পাশাপাশি উত্তরের পাঁচ জেলাতে বহাল থাকবে বৃষ্টিপাত। আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী ৪-৫ দিন দার্জিলিং, কালিম্পং, আলিপুরদুয়ার, কোচবিহার এবং জলপাইগুড়িতে হালকা বৃষ্টির পূর্বাভাস রয়েছে। কয়েকদিন বৃষ্টিতে ভিজেছে রাজ্যের একাধিক জেলা। কোথাও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাত আবার কোথাও শিলাবৃষ্টি হয়েছে। নতুন করে বৃষ্টি শুরু হলে বঙ্গবাসীর দুর্যোগ বাড়তে পারে বলেই মনে করা হচ্ছে। কলকাতায় ভোরে হালকা কুয়াশার পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দফতর। শহরে সকালের দিকে আংশিক মেঘলা আকাশ থাকবে। পরবর্তী সময়ে পরিষ্কার হবে আকাশ। কলকাতায় আর বৃষ্টির কোনও সম্ভাবনা প্রায় নেই। শনিবার বিকেলের পর থেকে আবহাওয়া পরিবর্তনের ইঙ্গিত। আবহাওয়া দফতর জানিয়েছে, এদিন কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ২৩.৬ ডিগ্রি সেলসিয়াস। সর্বোচ্চ তাপমাত্রা ৩১.৪ ডিগ্রি সেলসিয়াস। গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়নি। নতুন করে পশ্চিমী ঝঞ্ঝা তৈরি হয়েছে। আবহাওয়া দফতর সূত্রে জানা গিয়েছে, রাজস্থান এলাকা একটি ঘূর্ণাবর্ত রয়েছে। একটি অক্ষরেখা রয়েছে তামিলনাড়ু থেকে ছত্তিশগড় পর্যন্ত বিস্তৃত হয়েছে, যেটি কর্ণাটক এবং তেলেঙ্গানা ও বিদর্ভের উপর দিয়ে গেছে। আগামী ২৪ ঘণ্টায় পাঞ্জাব, হরিয়ানা চণ্ডীগড়, দিল্লি সহ উত্তরপ্রদেশের একাংশে হালকা মাঝারি ও বৃষ্টি হতে পারে।

# দুয়ারে সরকার শিবির এগিয়ে নিয়ে যেতে টাস্ক ফোর্স গঠন রাজ্যের

দুরন্ত বার্তা, কলকাতা, ২৪ মার্চ ঃ রাজ্য সরকার আসন্ন দুয়ারে সরকার শিবির কর্মসূচীকে মসৃন ভাবে এগিয়ে নিয়ে যেতে একটি সুসংহত টাস্ক ফোর্স গঠন করেছে। গুরূত্বপূর্ন ১৬টি দপ্তরের ২৩ জন আধিকারিককে নিয়ে এই টাস্ক ফোর্স গঠন করা হয়েছে বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। রাজ্যজুড়ে চলা এই কর্মসূচীর উপরে নজরদারি ও তদারকি করা ছাড়াও একটি কেন্দ্রীয় কন্ট্রোল রুম থেকে টাস্ক ফোর্সের সদস্যরা গোটা ব্যবস্থা নিয়ন্ত্রন করবে। টাস্ক ফোর্স ইতিমধ্যেই জেলা আধিকারিকদের সঙ্গে এই বিষয় বৈঠক করেছেন। উল্লেখ্য আগামী ১ এপ্রিল থেকে রাজ্যজুড়ে দুয়ারে সরকার শিবির চালু হতে চলেছে। এই শিবির থেকে এইবার রাজ্যবাসী ৩৩ রকমের সুবিধা পাওয়ার জন্য আবেদন করতে পারবেন।

# মারণ ক্যানসারে আক্রান্ত হয়েও নিজের অদম্য জেদে এবছর উচ্চ মাধ্যমিক পরীক্ষা দিলো তিয়াসা

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, জয়নগর, ২৪ মার্চ ঃ মানুষ চায় বাঁচতে। চায় কিছু কাজ করে যেতে। আর হয় অনেক ক্ষেত্রে তার উল্টো। তাইতো মারন ক্যানসারে আক্রান্ত হয়েও নিজের অদম্য জেদে জীবনের প্রথম বড় পরীক্ষা দিচছে জয়নগরের তিয়াসা প্রামানিক নামে এবছরের এক উচচ মাধ্যমিক পরীক্ষার্থী। ২০২১ সালে কোভিডের কারনে মাধ্যমিক পরীক্ষা হয় নি। তাই সেই সব ছাত্র- ছাত্রীদের কাছে এবছরের উচচ মাধ্যমিক পরীক্ষা জীবনের প্রথম বড় পরীক্ষা। আর বেশ কিছু দিন যাবৎ মারন ক্যানসারে আক্রান্ত হয় জয়নগরের তিয়াসা প্রামানিক নামে এক ছাত্রী। তাঁর চিকিৎসা চলছে। আর নিজের অদম্য জেদে সে নিজের শারিরীক কস্টকে উপেক্ষা করে নিমপীঠ রামকৃষ্ণ সারদা বিদ্যামন্দির ফর গালর্স হাইস্কুলে উচচ মাধ্যমিক পরীক্ষা দিচ্ছে। নিজে যে এতবড় একটা রোগে আক্রান্ত সে সব ভুলে সে এগিয়ে যেতে চায়। আর তাঁর এই আশা পূর্ণ করার লক্ষ্যে তাঁর বাবা- মা- শিক্ষকেরা চেষ্টা করে চলেছে। তবে তাঁর বাবা ও মা বলেন, আগের চেয়ে সে অনেকটা সুস্থ হয়ে গেছে। তাঁর পরীক্ষা কেন্দ্রের ইনচার্জ তথা জয়নগর উত্তর চক্রের অবর বিদ্যালয় পরিদর্শক কৃষ্ণেন্দু ঘোষ বলেন, তিয়াসা খুব সুন্দর ভাবে পরীক্ষা দিচ্ছে। সে তাড়াতাড়ি সুস্থ হয়ে উঠুক। জীবনে আরও বড় হোক এই কামনা করি।

# নিয়োগ দুর্নীতিকাণ্ডে চাঞ্চল্যকর তথ্য, শান্তনুর স্ত্রীর সঙ্গে ব্যবসায় বিনিয়োগ কালীঘাটের কাকুর

বনস্পতি দে, হুগলি, ২৪ মার্চ ঃ নিয়োগ দুর্নীতি কাণ্ডে একের পর এক সামনে আসছে চাঞ্চল্যকর তথ্য। কেসের এক সুতোয় টান দিলে জট খুলছে অন্য জায়গায়। সূত্রের খবর, এবার হুগলি বলাগড়ের তৃণমূল নেতার সঙ্গে সামনে কালীঘাটের কাকু অর্থাৎ সুজয় কৃষ্ণ ভদ্রের যোগ সামনে এসেছে। উল্লেখ্য, নিয়োগ দুর্নীতি কাণ্ডে সিবিআই তলব করেছে গোপাল দলপতি বর্ণিত কালীঘাটের কাকু অর্থাৎ সুজয় কৃষ্ণ ভদ্রকে। এবার উঠে এসেছে শান্তনুর স্ত্রীয়ের সংস্থায় সুজয়কৃষ্ণ ভদ্রের বিনিয়োগের তথ্য মিলেছে। সূত্রের খবর, চন্দননগর সত্যপীড়তলায় বহুতল নির্মাণ করছে ডিআইপি ডেভলপার সংস্থা। সেই সংস্থার অংশীদার নিয়োগ দুর্নীতিতে গ্রেফতার হওয়া প্রাক্তন তৃণমূল যুব নেতা শান্তনু বন্দ্যোপাধ্যায়ের স্ত্রী প্রিয়াঙ্কা বন্দ্যোপাধ্যায়। ২০২০ সালে ডিআইপি ডেভালপার চন্দননগর জিটি রোডের পাশে প্রায় ছয় কাঠা জমির উপর বহুতল নির্মাণের জন্য চুক্তি বদ্ধ হয়। বহুতলের নক্সা দিয়ে বিজ্ঞাপনও দেওয়া হয়, বুকিংও শুরু হয়। সূত্রের খবর, ডিআইপি ডেভালপাররের ব্যালেন্স শিটে দেখা যাচ্ছে কালীঘাটের কাকু অর্থাৎ সুজয় কৃষ্ণ ভদ্র চল্লিশ লাখ টাকা বিনিয়োগ করেছেন প্রাক্তন তৃণমূল যুব নেতা শান্তনু বন্দ্যোপাধ্যায়ের স্ত্রী প্রিয়াঙ্কা বন্দ্যোপাধ্যায়ের অংশীদারিত্ব থাকা সংস্থায় । ৯৬ লাখ টাকার ব্যালেন্স শিটে দেখা যাচ্ছে শান্তনু বন্দ্যোপাধ্যায়কে দশ লাখ প্রিয়াঙ্কার ছেলের নামে থাকা সংস্থা ইভান কনট্রেডকে ৪০ লাখ টাকা লোন দেওয়া হয়েছে। অন্যদিকে, কালীঘাটের কাকু বলেছিলেন, তিনি কুন্তলকে চেনেন না কিন্তু শান্তনুকে চেনেন। সেই শান্তনুর স্ত্রীর সংস্থাতেই টাকা বিনিয়োগ করেছেন সুজয়কৃষ্ণ ভদ্র! সূত্রের খবর, চুঁচুড়া- চন্দননগর- হাওড়ার মুন্সির হাট সহ কয়েকটি জায়গায় রিয়েল এস্টেটে টাকা বিনিয়োগ করা হয়েছে শান্তনুর স্ত্রীর নামে । নিয়োগ দুর্নীতির কালো টাকা কি সাদা করা হয়েছে এভাবেই উঠছে প্রশ্ন। ডিআইপি ডেভলপার সংস্থার অংশীদার ইন্দ্রনীল চৌধুরী জানিয়েছিলেন, তাদের তিন জনের সমান বিনিয়োগ রয়েছে সত্যপীড়তলার প্রজেক্টে। কালীঘাটের কাকুর বিনিয়োগ প্রসঙ্গে ইন্দ্রনীল জানান, দোকান নেবেন বলে অগ্রিম দিয়েছিলেন। শান্তনু দশ লাখ টাকা লোন নিয়েছিলেন। সেই সংক্রান্ত সব তথ্য ইডিকে দেওয়া হয়েছে।

# শ্বশুরের সঙ্গে উচ্চমাধ্যমিক দিতে গিয়ে উধাও ছাত্রী! খুনের অভিযোগ পরিবারের

দুরন্ত বার্তা, হাওড়া, ২৪ মার্চ ঃ শ্বশুরের সঙ্গে উচ্চমাধ্যমিক পরীক্ষা দিতে এসে নিখোঁজ। রেললাইন থেকে উদ্ধার ক্ষতবিক্ষত দেহ। তরুণীর অস্বাভাবিক মৃত্যু ঘিরে রহস্য! মৃতার নাম কবিতা গুপ্ত। কবিতা গুপ্তর পরিবারের অভিযোগ, খুন করা হয়েছে তাদের মেয়েকে। এই ঘটনায় কবিতার শ্বশুরবাড়ির লোকেদের বিরুদ্ধেই অভিযোগের আঙুল তুলেছেন তাঁরা। পরিবার সূত্রে জানা গিয়েছে, গতবছর উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছিল কবিতা। কিন্তু বাংলা আর এডুকেশন, এই দুই বিষয়ে অকৃতকার্য হয় সে। এবার সেই দুই বিষয়ে তাই আবার পরীক্ষা দেয় কবিতা। পরীক্ষাকেন্দ্র ছিল চণ্ডীতলার নৈটি স্কুলে। লিলুয়া থেকে কবিতার শ্বশুরই তাঁকে পরীক্ষাকেন্দ্রে পৌঁছে দেন। আবার পরীক্ষা শেষে তিনি-ই বাড়ি নিয়ে যেতেন। গতকালও পরীক্ষা দিতে এসেছিল কবিতা। পরীক্ষাকেন্দ্রে কবিতাকে পৌঁছে দিয়ে বাইরে অপেক্ষা করছিলেন শ্বশুর। কিন্তু পরীক্ষা শেষ হওয়ার পর পরীক্ষাকেন্দ্রে আর কবিতাকে খুঁজে পাওয়া যায়নি। প্রায় ঘণ্টাখানেক পর কবিতার ক্ষতবিক্ষত দেহ উদ্ধার হয় জনাই ও গোবরা স্টেশনের মাঝে ১৪ নম্বর রেলগেট এলাকায়। সেখান থেকে তাঁকে উদ্ধার করে চণ্ডীতলা গ্রামীণ হাসপাতালে নিয়ে যায় রেল পুলিস। সেখানেই চিকিসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। দেহ উদ্ধারের পর ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে চণ্ডীতলা থানার পুলিস। রেল পুলিস সূত্রে জানা গেছে, অস্বাভাবিক মৃত্যুর মামলা দায়ের হয়েছে। ওদিকে কবিতার পরিবার জানিয়েছে, গত বছর ফেব্রুয়ারি মাসে কবিতা সরকারের বিয়ে হয় হাওড়ার লিলুয়ার বাসিন্দা দেবাশিষ গুপ্তর সঙ্গে। অভিযোগ, বিয়ের পর থেকেই পণের জন্য কবিতার উপর অত্যাচার করত শ্বশুরবাড়ির লোকজন। বাপের বাড়ি থেকে টাকা আনার জন্য চাপ দিত। এই নিয়ে কয়েকবার অশান্তিও হয়েছে দুই পরিবারের মধ্যে। এখন কবিতার আত্মীয় সঞ্জিব মাঝির অভিযোগ, 'গতকাল কবিতাকে নিয়ে তার শ্বশুর সুশান্ত দাশগুপ্ত নৈটি এসেছিলেন পরীক্ষা দিতে। হঠাৎ বাড়িতে এসে বলেন, কবিতাকে নাকি খুঁজে পাওয়া যাচ্ছে না। পরে জানতে পারি, রেললাইন থেকে কবিতার মৃতদেহ উদ্ধার হয়েছে। আমাদের সন্দেহ ওর শ্বশুর ওকে ঠেলে ফেলে দিয়েছে। আবার এও হতে পারে সংসারের অশান্তিতে আত্মঘাতী হয়েছে কবিতা। আমরা এর তদন্ত চাই।' এই মর্মে অভিযোগও দায়ের করেছেন কবিতার মা অনিতা সরকার।

# সোমবার দুই দিনের সফরে রাজ্যে আসছেন রাষ্ট্রপতি

দুরন্ত বার্তা, কলকাতা, ২৪ মার্চ ঃ একগুচ্ছ কর্মসূচী নিয়ে রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূ এই প্রথমবারের জন্য দুই দিনের সফরে রাজ্যে আসছেন। আগামী সোমবার সকাল ১০টা ৫৫ মিনিটে তিনি কলকাতা বিমানবন্দরে নামবেন। এরপরে তিনি হেলিকপ্টারে করে ময়দানে আরসিটিসি হেলিপ্যাড গ্রাউন্ডে পৌঁছাবেন। সেখান থেকে দুপুর ১২টা ৫৫ মিনিটে কলকাতার নেতাজী ভবনে প্রস্তাবিত এক অনুষ্ঠানে যোগ দেবেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। এরপরে ২ টা ১৫ মিনিটে কলকাতার জোড়াসাঁকোয় পৌঁছাবেন তিনি। সেখান থেকে রাজভবনে ফিরবেন। পরে বিকাল ৫ টায় নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে রাজ্য সরকারের তরফে তাকে নাগরিক সংবর্ধনা দেওয়া হবে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ও রাজ্যপাল সি ভি আনন্দ বোস উপস্থিত থাকবেন। সেইদিন রাজভবনে রাত্রীবাস করবেন রাষ্ট্রপতি। মঙ্গলবার সকাল ১০ টায় সায়েন্স সিটি অডিটোরিয়ামে প্রস্তাবিত এক অনুষ্ঠানে অংশ নেবেন তিনি। পরে বেলুড় মঠে যাবেন। ওইদিনই বীরভূমের শান্তিনিকেতনে একটি অনুষ্ঠানে তিনি অংশ নেবেন। পরে বিকালে আরসিটিসি হেলিপ্যাড গ্রাউন্ড হয়ে রাষ্ট্রপতি কলকাতা বিমানবন্দরে পৌঁছাবেন। ওইদিনই তার দিল্লি ফিরে যাওয়ার কথা।

# রাজ্য সরকার ভবিষ্যত ক্রেডিট কার্ডের জন্য ঋণ দিতে রাজি ব্যাংক

দুরন্ত বার্তা, কলকাতা, ২৪ মার্চ ঃ রাজ্য সরকার ভবিষ্যত ক্রেডিট কার্ডের জন্য ঋণ দিতে রাজি ব্যাংক । আজ স্টেট লেভেল ব্যাংকার্স কমিটির বৈঠকে ব্যাংক গুলি এই বিষয়ে সম্মতি জানিয়েছে বলে দাবি করেছেন মুখ্যমন্ত্রীর প্রধান আর্থিক উপদেষ্টা অমিত মিত্র। এদিন তিনি বলেন ভবিষ্যত ক্রেডিট কার্ডের জন্য মার্জিন মানি দেব রাজ্য । তাছাড়াও যারা এই ক্রেডিট কার্ডের মাধ্যমে ঋণ নেবেন, সরকারের তরফ থেকে ১৫ শতাংশ ঋণের গ্যারান্টি দেওয়া হবে। এছাড়া ছোট এবং মাঝারি শিল্প উদ্যোগীদের জন্য স্মল ইন্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া একটি ক্রেডিট ট্রাস্ট গড়েছে। সেই ট্রাস্ট বাকি ৮৫ শতাংশ ঋণের গ্যারেন্টার হবে বলে অমিতবাবু জানিয়েছেন। ফলে সরকার এর পক্ষ থেকে ১০০ শতাংশ ঋণের গ্যারান্টার হয়ে গেলো। পাশাপাশি রাজ্য সরকার প্রকল্পের ১০ শতাংশ রাজ্য সরকার দেবে, অথবা সরকার সর্বোচ্চ ২৫ হাজার টাকা আর্থিক সহায়তা দেবে। ইতি মধ্যে এই খাতে বাজেট এ প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করেছে। অমিতবাবুর মতে সব ঠিক থাকলে, এই বছরে ২ লাখ যুবক - যুবতী ব্যবসা শুরু করতে পারবে। এই প্রকল্পের জন্য প্রয়োজনীয় পোর্টাল তৈরি হয়ে গেছে। ১ এপ্রিল থেকে এই প্রকল্প শুরু হয়ে যাবে। তাই দুয়ারে সরকার শিবিরে ভবিষ্য ক্রেডিট কার্ডের জন্য আবেদনপত্র নেওয়া হবে বলে জানিয়েছেন অমিতবাবু। প্রসঙ্গত এদিন স্টেট লেবেল ব্যাংকার্স কমিটির বৈঠক ছিল । অমিত মিত্র ছাড়াও এই বৈঠকে ছিলেন স্বাধীন দায়িত্ব প্রাপ্ত অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্য, দপ্তরের অতিরিক্ত মুখ্য সচিব মনোজ পন্থ এবং সব ব্যাংকের প্রতিনিধিরা।

# ক্ষমাপ্রার্থনা এসএসসির চেয়ারম্যানের

দুরন্ত বার্তা, কলকাতা, ২৪ মার্চ ঃ 'ভুল'-এর জন্য হাই কোর্টে ক্ষমা চাইলেন স্কুল সার্ভিস কমিশন (এসএসসি)-এর চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদার। নম্বর বৃদ্ধি সংক্রান্ত একটি মামলায় আদালতের নির্দেশ অমান্য করার জন্য গত ১৭ মার্চ হাই কোর্টের বিচারপতি রাজাশেখর মান্থা এসএসসির চেয়ারম্যানকে আদালতে সশরীরে হাজিরা দেওয়ার কথা বলেছিলেন। আদালতের নির্দেশমতো শুক্রবার হাজিরা দিয়ে এসএসসি-র চেয়ারম্যান জানান, আদালতের নির্দেশ বুঝতে তাঁদের 'ভুল' হয়েছিল। মামলাটি পুরনো বলে গোটা পদ্ধতিতে কোনও ভুল রয়েছে কি না, তা এসএসসিকে খতিয়ে দেখতে বলে আদালত। প্রথমে এসএসসির কৌঁসুলিরা জবাব দিলেও বিচারপতির সামনে নিজের বক্তব্য রাখেন এসএসসির চেয়ারম্যানও। পদ্ধতিগত ত্রুটি দূর করার যে নির্দেশ দেওয়া হয়েছে, তার কাজ কত দূর এগোল, তা আগামী শুক্রবার জানতে চেয়েছে উচ্চ আদালত। সূত্রের খবর, নির্দেশ না থাকলেও ওই দিন আদালতে সশরীরে হাজির হয়ে এই সংক্রান্ত রিপোর্ট তুলে দিতে পারেন এসএসসির চেয়ারম্যান।

# অনলাইনে পুরকর্মীদের সম্পত্তির হিসাব জমা করার নির্দেশ

দুরন্ত বার্তা, কলকাতা, ২৪ মার্চ ঃ পুরসভায় নিয়োগ দুর্নীতি নিয়ে বিতর্কের মাঝেই সতর্ক হল কলকাতা পুরসভা। কলকাতা পুরসভার তরফে জানিয়ে দেওয়া হয়েছে, এবার থেকে সমস্ত কর্মীকে ১ জানুয়ারির মধ্যে বাধ্যতামূলকভাবে সম্পত্তির হিসাব জমা দিতে হবে। বিজ্ঞপ্তি জারি করে পুর কর্তৃপক্ষ জানিয়েছে, 'অ্যানুয়াল কনফিডেনশিয়াল রিপোর্ট'-ও জমা করতে হবে নির্ধারিত সময়ে। পুরসভা সূত্রের খবর, এতদিন চিরকুটে লিখে সম্পত্তির খতিয়ান পেশ করতেন পুরসভার কর্মীরা। ফলে, কোন কর্মীর কত সম্পত্তি বাড়ল, সেই তথ্য সাধারণত সামনে আসত না। পুরকর্মীদের দেওয়া নিজেদের সম্পত্তির হিসাবের কাগজ আলমারিতে ফাইলবন্দি অবস্থায় থেকে যেত। কিন্তু এবার নিয়ম করে ব্যবস্থায় বদল আনতে চলেছে পুর কর্তৃপক্ষ। গোটা বিষয়টির উপর পুরসভার তরফে করা নজর রাখা হবে। অনলাইনে হিসাব পেশের ব্যবস্থা চালু হওয়ার ফলে যখন-তখন তা দেখা যাবে। পাশাপাশি কোনও পুরকর্মীর আয়ের সঙ্গে সঙ্গতিহীন সম্পত্তির যদি সন্ধান পাওয়া যায়, তবে দ্রুততার সঙ্গে সেই কর্মীর বিরুদ্ধে বিভাগীয় তদন্ত শুরু করা যাবে। শুধু তাই নয় আয়ের সঙ্গতিহীন সম্পত্তি নজরে পড়লে সংশ্লিষ্ট কর্মীকে শাস্তির মুখে পড়তে হবে। প্রসঙ্গত পুরকর্মীদের পদোন্নতির সময়ে দেখা হয়, বিগত বছরগুলোতে তিনি সময় মতো সম্পত্তির হিসেব দিয়েছেন কি না।

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

# দুরন্ত বার্তা

২৮ বর্ষ, দৈনিক ১১৩ সংখ্যা, শনিবার, ১০ চৈত্র, ১৪২৯

## দেখভাল করার কেউ নেই

**সম্পাদকীয়**

দেখভাল করার কেউ নেই বলে অকালে ঝরে যেতে শুরু করে দিয়েছে বহু প্রতিভা। বাড়ির অভিভাবকেরা আজকে স্কুলে তাদের ছেলেমেয়েদের ভর্তি করে দিয়েই খালাস। স্কুলের মাইনে দিয়েই খালাস। গৃহ শিক্ষকের মাসে মাসে মাহিনা দিয়েই খালাস। সন্তানরা কতখানি শিক্ষা গ্রহণ করতে পারলো বা কতখানি শিক্ষা নিতে পারলো তা যাচাই করা হয় না। অভিভাবকেরা মনে করে নামী স্কুলে যখন তাদের ছেলেমেয়েদের ভর্তি করে দিয়েছি তাহলে আর চিন্তার কোনও কারণ নেই। নামী স্কুল থেকে পাশ করলেই একটি নামী কলেজে ভর্তি করে দেব। সেখানা থেকে পাশ করতে বিদেশি বা স্বদেশের কোনও বিশ্ববিদ্যালয়ে ভর্তি করে দিয়ে চাকরি খোঁজার চেষ্টা করা হবে। চাকরি পেয়ে গেলেই সব ল্যাটা চুকে গেল। আর কোনও চিন্তা করতে হবে না। এই ভাবনা নিয়ে চলে অধিকাংশ ছাত্রছাত্রীর পিতামাতারা। দেখভাল করতে হবে সেটা তাদের নজর এড়িয়ে যায়। দেখভাল না করতে পারলে যে ছেলেরো একেবারে গণ্ডমুর্খ বা বখাটে হয়ে থাকবে সেটা বোঝে না। আসলে দেখভাল করাটা হচ্ছে একটি বিশেষ নজরদারি। এটা সব পরিবারের মধ্যে থাকা উচিত। তবে যেসব পরিবারের মধ্যে এখনও দেখভাল প্রথাটা চালু রয়েছে তাদের ছেলেমেয়েদের মাথা তুলে দাঁড়াতে পারে। আর যাদের এই ব্যাপারটা নেই সেই সব পরিবারের সন্তানরা অকালে ঝড়ে পড়তে থাকে। কলকাতা পুরসভার বিশাল অঙ্কের টাকা দিয়ে ত্রিফলা আলো লাগিয়েছিল। তিলোত্তমা কলকাতাকে সাজাতে ত্রিফলা আলোর ব্যবস্থা। বেশি দিন এই ত্রিফলা আলোর আয়ু বেশিদিন টেকেনি। তার একটি মাত্র কারণ হচ্ছে দেখভালের অভাব। দেখভাল না করার ফলে রাস্তার ত্রিফলা আলোগুলি একেবারে হারিয়ে গিয়েছে। যদি কোথাও কোথাও ত্রিফলা আলো রয়েছে সেটা এখন ত্রিফলা আলো না হয়ে একফলা আলোতে পরিণত হয়েছে। আবার কোথাও কোথাও দেখতে পাওয়া গিয়েছে ত্রিফলা আলো আর জ্বলে না। রাস্তার অবস্থাও পরিণত হয়েছে। এর একটি মাত্র কারণ হচ্ছে দেখভালের অভাব। যেখানে দেখভাল ব্যাপারটা নেই সেখানকার অবস্থা একেবারে কাহিল তা আর বলে দিতে হবে না। পশ্চিমবঙ্গের হাসপাতালগুলির অবস্থা ক্রমশ খারাপ হতে শুরু করে দিয়েছে। বিশাল রোগীর ভিড়কে সামাল দেওয়া কয়েকজন ডাক্তারের পক্ষে সম্ভব হচ্ছে না। তার ফলে রোগ নিরাময় করার ব্যাপারটা দীর্ঘ হতে শুরু করে দিয়েছে। যে রোগ শান্তভাবে দেখে রোগীর সঙ্গে কথা বলে তার কি অসুবিধা জেনে চিকিৎসা করতে গেলে আর হচ্ছে না। কোনও রকমভাবে রোগীর কথা শুনে ওষুধ লিখে দিতে বাধ্য হচ্ছে ডাক্তাররা। তার কারণ একজন রোগীর পিছনে প্রায় এক শোজনের বেশি রোগী অপেক্ষা করে রয়েছে রোগ দেখাবে বলে। ফলে ডাক্তার একটি রোগ নিয়ে বেশি সময় দিতে পারছে না। যে রোগ প্রায় একদিনের সব কিছু শুনে সঠিক নিরাময় করার ব্যাপারে মত দিতে পারতো ডাক্তাররা কিন্তু কার্যতি দেখতে পাওয়া গেল সেই রোগ সারাতে ডাক্তারদের বহু দিন গেলে যাচ্ছে। ডাক্তাররা তো ভগবান নয় যে তাদের হাতে পড়েই রোগ আপনা আপনি সেরে যাবে। রোগ সারাতে গেলে দেখভাল করার প্রয়োজন হবে। রোগকে নিরক্ষণ করতে হবে। তার লক্ষণ দেখতে হবে। তারপরে নিরাময় করার ওষুধ দিতে হবে এবং প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা করতে হবে। দেখভাল করতে হবে নাহলে রোগ সঠিক সময়ে নিরাময় করা একেবারে অসম্ভব। সেই কারণে দেখভাল করারটা একটি জরুরী ব্যবস্থার মধ্যে পড়ে। অতীতে পরিবারের পিতামহ থেকে শুরু করে দাদুরা দেখভাল করার দায়িত্ব পালন করতো। কিন্তু আজকে সেই দেখ ভাল করা দায়িত্ব কেউই গ্রহণ করতে রাজি হয় না।

## ভারতের কাশ্মীর নীতি

শিল্পপতিরা এখন বাজার খোঁজার চেষ্টা করছে। তারা এখন কাশ্মীরের প্রকৃতিকে ব্যবসার পরিণত করা কীভাবে যেতে পারে তা নিয়ে চিন্তাভাবনা করতে শুরু করে দিয়েছে। কাশ্মীর হচ্ছে বিশ্বের অন্যতম সৌন্দর্যময় এলাকা। এখানকার প্রাকৃতিক সৌন্দর্য বিস্ময়কর। সেই কারণে কাশ্মীরকে ভূস্বর্গ বলা হয়ে থাকে। কাশ্মীরের সঙ্গে আগে লাদাক যুক্ত ছিল না। পরে লাদাখকে কাশ্মীরের থেকে আলাদা করে দেওয়া হয়েছে। লাদাখ এখন কেন্দ্র শাসিত অঞ্চল। লাদাখও বলা যেতে পারে আর একটি বিরল সৌন্দর্যের অধিকারী। লাদাখ সফর করে পর্যটকেরা মুগ্ধ। কাশ্মীরের বহুতল বিসালবহুল হোটেল তৈরি করা নিষিদ্ধ হলেও সেখানে বিলাসবহু রিসর্ট বা রেস্তোরা তৈরি করা যেতে পারে। এই সব বিলাসবহুল রিসর্ট এবং রেস্তোরার মালিক হতে চায় শিল্পপতিরা। তারা কাশ্মীরের বিভিন্ন স্থানে তাঁবু তৈরি করে বিলাসবহুল রেস্তোরা তৈরি করতে নকসা পর্যন্ত করতে শুরু করে দিয়েছে। এবারে কাশ্মীরের আন্তর্জাতিক বিনিয়োগ সম্মেলন শুরু হয়েছিল অক্টোবর মাসের ২৪ তারিখ থেকে। চলেছিল ২৬ তারিখ পর্যন্ত। সেই কাশ্মীরের বিরোধী দলের নেতারা গিয়েছিল পরিদর্শন করতে। কিন্তু সরকার থেকে বিরোধী দলের নেতাদের কাশ্মীরে প্রবেশ করতে দেওয়া হয়নি। বলা হয়েছে বিরোধী দলের নেতারা কাশ্মীরে গিয়েছিল রাজনীতি করতে। কেন্দ্রীয় সরকার আর ভর্তুকি দিয়ে কাশ্মীর চালাতে চায় না। কাশ্মীরকে কেন্দ্রভুক্ত অঞ্চলে পরিণত করার একটি মাত্র উদ্দেশ্য সেখান বিনিয়োগ বৃদ্ধি করা। বিনিয়োগ বৃদ্ধি করল কাশ্মীর তার উন্নয়নের পয়সা জোগার করে নিতে পারবে। কারোর কাছে কাশ্মীরকে হাত পাততে হবে না। আসলে কাশ্মীরের যে সম্পদ রয়েছে। সেই সম্পদকে যদি কাজে লাগানো যায় তাহলে বিদেশি মুদ্রা ঘরে আসতে বেশি সময় নেবে না। আপেল থেকে শুরু করে ফলমূল এবং কাশ্মীর শাল থেকে শুরু করে বিভিন্ন পোশাক বিশ্বের বাজারে বেশ জনপ্রিয়। এর একটি আন্তর্জাতিক বাজার রয়েছে। কাশ্মীরের মশলার চাহিদা বিশ্ব সেরা। ফলে কাশ্মীরকে অর্থ উপার্জন করতে বেশি সময় লাগবে না। সেই কারণে কাশ্মীরের বাজারকে সকলের কাছে উন্মুক্ত করে দেওয়া হল।

## অনুকূলচন্দ্র ঠাকুরের অমৃত বাণী

**আত্মপ্রতিষ্ঠার তাগিদে যারা শক্তিমান হয় তারা শক্তির দম্ভে সৎলোককে অবমাননা করতে শুরু করে। চাটুকার ছাড়া অন্য লোককে তারা বরদাস্ত করতে পারে না। বহু লোক তাদের আচরণে অন্তরে অন্তরে ক্ষিপ্ত হয়ে ওঠে আর তাই হয় তাদের কাল। অন্তত লোকের অন্তরে তাদের কোন আসন প্রতিষ্ঠিত হয় না......**

## বিবেকানন্দের বাণী ও সাধনা

স্বামী বিবেকানন্দ বলতেন জ্ঞান অর্জন করতে হবে। জ্ঞানই ধন উপার্জন করতে সাহায্য করবে। যিনি জ্ঞানী তাদের ধন উপার্জন করতে আলাদা করে উদ্যোগী হতে হয় না। ধন আপনা থেকে তার কাছে এসে ধরা দিয়ে থাকে। জ্ঞানই ধন উপার্জনের পথটাকে খুলে দেয়। মনের শক্তিটাকে খ ুলে দিতে হয়। ঠাকুর রামকৃষ্ণদেব বলতেন, মানব ধর্ম হচ্ছে সবচেয়ে বড় ধর্ম। তার ওপরে আর কোনও ধর্ম নেই। গীতায় মানব ধর্মের কথা বলা হয়েছে। সেখানে বারবার একটি কথা বলা হচ্ছে অসৎ পথ পরিত্যাগ করে সৎ পথকে অবলম্বন করো। তাহলে জীবনকে রক্ষা করতে সক্ষম হবে। জীবন ধন্য হতে থাকবে। জীবনকে শক্তিশালী করতে হবে। তার জন্য মায়ের ধ্যান করতে হবে। মাতৃভক্তিকে জাগরিত করতে হবে। মাই হচ্ছেন আসল শক্তির আধার। তিনি সবাইকে শক্তি দান করে থাকেন।

# পুতিনকে গ্রেফতারের অর্থ, যুদ্ধ বলছে রাশিয়া

## রাশিয়ার ওপরে ক্ষুব্ধ আন্তর্জাতিক অপরাধ আদালত

রবীন্দ্রকুমার শীল

রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন বিদেশের মাটিতে পা রাখলেই তাঁকে গ্রেফতার করা হবে বলে যে নির্দেশিকা জারি করেছে আইসিসি তা কিন্তু যুদ্ধ ঘোষণার সামিল বলে ধরে নিতে শুরু করে দিয়েছে রাশিয়া। রাশিয়ার প্রাক্তন প্রেসিডেন্ট দিমিত্র মেদভেদেভ বলেছেন, পুতিনকে গ্রেফতার করা হলেই বিশ্ব যুদ্ধ মঞ্চ তৈরি হয়ে যাবে এটা স্পষ্ট করে বলে দেওয়া যেতে পারে। ইউক্রেন যুদ্ধ শুরু এবং সেখানকার শিশুদের জোর করে রাশিয়া তুলে নিয়ে যাওয়ার ব্যাপারে রাশিয়ার ওপরে ক্ষুব্ধ আন্তর্জাতিক অপরাধ আদালত। তারা বলেছে রাশিয়া যে ধরনের কাজ করতে শুরু করে দিয়েছে তা কিন্তু একজন যুদ্ধাপরাধীর মতো। সেই কারণে পুতিনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছে। কোনও আন্তর্জাতিক আইনকে মানছেন না পুতিন। তিনি তাঁর নিজের খেয়ালেই কাজ করতে শুরু করে দিয়েছেন। আইসিসির সদস্য সংখ্যা হল ১২৩টি দেশ। এই সব দেশের মাটিতে পা রাখ লে তাঁকে গ্রেফতার করা হবে। এদিকে রাশিয়া বলেছে যে তারা আইসিসির সদস্য নয়। সেই কারণে এই রায় তারা মানছে না। কিন্তু আইসিসির আইনজীবী কাদের খান বলেছেন, রাশিয়া আইসিসির সদস্য না হতে পারে। কিন্তু যারা সদস্য রয়েছে তাদের দেশের মাটিতে পা রাখলে পুতিনকে গ্রেফতার করা যেতেই পারে। তখন এই আইন প্রযোজ্য। ফলে রাশিয়ার প্রেসিডেন্ট এখন বলতে গেলে আইসিসির সদস্য দেশগুলি মাটিতে পা রাখতে পারছেন না। তিনি এই সব সদস্য দেশ ছাড়া অন্য দেশে মাটিতে পা রাখতে পারেন। রাশিয়ার প্রাক্তন প্রেসিডেন্ট দিমিত্রি মেদভেদেভ বলেছেন, পুতিনকে গ্রেফতার করা হলে রাশিয়ার বিরুদ্ধে আক্রমণ করা হলো বলে ধরে নেওয়া যেতে পারে। ধরা যাক পুতিন জার্মান গিয়েছেন পরমানু শক্তিধর রাষ্ট্র প্রধান হিসাবে। আর সেখানে তাঁকে গ্রেফতার করা হল। তাহলে সেটা কেমন হবে। এটা তো তখন রুশ ফেডারেশনের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার সামিল হবে। সে ক্ষেত্রে জার্মানের বুন্ডেসটাগের ওপরে আমাদের ক্ষেপনাস্ত্র গিয়ে পড়বে। বার্লিনের সঙ্গে রাশিয়ার কূটনৈতিক সম্পর্ক খারাপ হতে থাকবে। জার্মান চ্যান্সেলর হাউসের ওপরে হামলা হতে পারে। এদিকে চিনের প্রেসিডেন্ট তিন দিনের রাশিয়া সফর করে বেজিংয়ে ফিরে গিয়েছেন। তিনি বলেছেন চিন ইউক্রেন যুদ্ধ বন্ধ করতে বারোটি পয়েন্ট দিয়েছে। চিন এই যুদ্ধ বন্ধ করা পক্ষে রয়েছে বলে চিনের প্রেসিডেন্ট শি জিনপিং দাবি করেছেন। ইউক্রেন যুদ্ধের প্রভাব এখন গোটা বিশ্বে ছড়িয়ে পড়তে শুরু করে দিয়েছে। রাশিয়া সফর করার তাঁর একটি মাত্র উদ্দেশ্য হল চিনের সঙ্গে রাশিয়ার সামরিক শক্তি থেকে শুরু করে তেল এবং জ্বালানির বিষয়ে বিস্তারিত ভাবে আলোচনা করা। তাদের বৈঠকে রুশ ইউক্রেন যুদ্ধ প্রসঙ্গ উঠলেও চিন এড়িয়ে যাওয়ার চেষ্টা করা হয়েছিল। তবে প্রায় সময়ে ইডক্রেন রুশ যুদ্ধ পরিস্থিতি এবং তার ভবিষ্যত নিয়ে আলোচনা হয়েছে। চিন শান্তি নিয়ে যে বারোটি পয়েন্টের কথা বলেছে তাতে আগ্রহ প্রকাশ করেছেন ইউক্রেনের প্রেসিডেন্ট জেলেনস্কি। যদি মস্কো সফর করতে গিয়ে চিন প্রেসিডেন্ট এ ব্যাপরে কোনও কথা বলতে চাননি সাংবাদিকদের কাছে। বহু সাংবাদিকেরা প্রশ্ন করেছিল রুশ ইউক্রেন যুদ্ধ পরিস্থিতিতে চিন কোন ভূমিকা পালন করবে। তার কোনও উত্তর দিতে চাননি চিন প্রেসিডেন্ট। তিনি বলেছেন যারা যুদ্ধ পাকিয়েছে তাদের সিদ্ধান্তের ওপরে পুরো বিষয়টা নির্ভর করছে। তবে চিন শান্তির পক্ষে। যুদ্ধের ব্যাপারে চিন কোনও রকমভাবে হস্তক্ষেপ করবে না। চিনের প্রেসিডেন্ট শি জিনপিং এর সঙ্গে ফোনে কথা বলেছেন জেলেনস্কি। তবে কী কথা হয়েছে তা অবশ্য জানা যায়নি। তবে সবাই আশা প্রকাশ করতে শুরু করে দিয়েছে যে যুদ্ধ থামানোর ব্যাপারে রাশিয়া যাতে রাজি হয় সেই কথা তিনি পেড়েছেন। কিন্তু রাশিয়া এখন আগ বড়িয়ে যুদ্ধ বিরতিঘোষণা করাছ না। আসলে রাশিয়া অপেক্ষা করে রয়েছে আগে ইউক্রেন শ্বেত পতাকা তুলে আত্মসমর্পণন করুক। ইউক্রেন যদি আত্মসমর্পণ করে তাহলে যুদ্ধ থামার সম্ভাবনা রয়েছে। কিন্তু তার আগে নয়। আসলে রাশিয়া আগ বাড়িয়ে যুদ্ধ বিরতি ঘোষণা করবে না। আবার এদিকে ইউক্রেন আত্মসমর্পণ করবে না। বা শ্বেত পতাকা তুলে দেবে না। তার ফলে যুদ্ধ ক্রমশ চলতে থাকবে। ঢিমে তালে যুদ্ধ চলছে। এদিকে চিনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে টেলিফোনে কি কথা হয়েছে তা জানার চেষ্টা করা হলে জেলেনস্কি বলেছেন যে তেমন কোনও নির্দিষ্ট করে কিছু কথা হয়নি। আমরা এখনও কিছু জানি না। তবে পর্যবেক্ষক দল মনে করতে শুরু করে দিয়েছে যে ইউক্রেন যদি রুশ শক্তির কাছে মাথা নত করে তাহলে রাশিয়ার প্রেসিডেন্ট পুতিন ইউক্রেন যুদ্ধ থামিয়ে দিতে পারে। এদিকে জেলেনস্কির একজন বিশ্বস্ত ব্যক্তি বলেছেন যে ইউক্রেন প্রেসিডেন্ট জেলেনস্কি মাথা নত করবেন না। তার কোনও অপরাধ নেই। তিনি কারোর দেশকে আক্রমণ করতে যাননি। তাহলে তিনি কেন আত্মসমর্পণ করবেন। পুতিন যুদ্ধ ঘোষণা করেছেন। তাঁকে যুদ্ধ বিরতি ঘোষণা করতে হবে। কিন্তু সেটা পুতিন করতে চাইছেন না। নিজের শক্তি দেখাতে চাইছেন। এদিকে আমেরিকা এবং ব্রিটেন ইউক্রেনকে রক্ষা করতে এগিয়ে এসেছে। জার্মানও বাদ নেই। ফ্রান্সও এগিয়ে এসেছে। তার ফলে চারটি বৃহৎ শক্তি ইউক্রেনকে সহযোগিতা করতে শুরু করে দিয়েছে।

চিনের সহযোগিতা পাওয়ার ব্যাপারে আশাবাদী ছিলেন পুতিন। কিন্তু চিন এখন পুতিনের সঙ্গে আলোচনা করে সব কিছু পরে সিদ্ধান্ত গ্রহণ করবে বলে রাশিয়ার মাটি ত্যাগ করেছে চিনের প্রেসিডেন্ট। চিনের প্রেসিডেন্ট ইউক্রেন রুশ যুদ্ধের ব্যাপারে নাক গলাতে চাইছে না। তারা রাশিয়ার সঙ্গে ব্যবসা বাণিজ্য প্রসার করতে আগ্রহ প্রকাশ করেছে। রাশিয়ার কাছ থেকে অতিরিক্ত তেল এবং জ্বালানি ক্রয় করা ইচ্ছা প্রকাশ করেছে। চিন তাদেরকে অস্ত্র দিয়ে সহযোগিতা করবে কিনা তা জানা যায়নি। তবে যুদ্ধ চলাকালীন চিন কোনও অস্ত্র দিয়ে রাশিয়ার পাশে আপাতত দাঁড়াচ্ছে না বলে জানতে পারা গিয়েছে। এদিকে রাশিয়ার প্রেসিডেন্ট পুতিনকে গ্রেফতার করার ব্যাপারে আইসিসির যে নির্দেশ জারি করা হয়েছে তা নিয়ে চিনের প্রেসিডেন্ট শি জিনপিং কোনও কথা বলতে একেবারে নারাজ ছিলেন। তিনি বলেছেন এ ব্যাপারে চিনকে জড়িয়ে ফেলা উচিত হবে না। চিন আইসিসির সদস্য নয়। তার ফলে আইসিসি কি সিদ্ধান্ত গ্রহণ করেছে সেটা তাদের সদস্যদের ওপরে বর্তাবে। চিন এ ব্যাপারে আগ্রহ প্রকাশ করছে না বা কোনও মন্তব্য প্রকাশ করছে না। চিনের বহু সমস্যা রয়েছে। ইউক্রেন যুদ্ধ হওয়ার ফলে চিন সেই সব সমস্যার সমাধান করতে পারছে না বা বিলম্বিত হচ্ছে। সেই সব কাজকে সফল করে তুলতে চিনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ে রাশিয়া সফর। এর বাইরে চিন অন্য কোনও বিষয় নিয়ে ভাবনা চিন্তা করছে না। এদিকে চিনের প্রেসিডেন্ট শি জিনপিং তিনদিন ধরে মস্কো সফর করেছেন। সেখানে চিনের প্রেসিডেন্ট বলেছেন রাশিয়া ইউক্রেন যুদ্ধ নিয়ে আবার নতুন করে আলোচনায় বলতে ইচ্ছুক। কিন্তু এই কথা বলার ফাঁকে আবার নতুন করে হামলা করতে শুরু করে দিয়েছে রুশ বাহিনীর সদস্যরা। কিভ অঞ্চলে নয় জনের মৃত্যু হয়েছে বলে জানতে পারা গিয়েছে। দক্ষিণ পুর্ব ইউক্রেনের জাপোরিজিয়াতে একজনের মৃত্যু সংবাদ পাওয়া গিয়েছে। দুটি সিশু সহ ৩৪ জন গুরুতর জখম হয়েছে। একটি আবাসনে রুশ ক্ষেপনাস্ত্র এসে পড়েছিল। তার ফলে সেখানকার নয়টি তলা ধরে আগুন জ্বলতে থাকে। এদিকে রাশিয়ায় চিনের প্রেসিডেন্ট শি জিনপিং সফর ঘিরে আমেরিকার নতুনি করে যুদ্ধ কৌশল নিয়ে ভাবনা চিন্তা করতে শুরু করে দিয়েছে। তারা চিন রাশিয়া আলোচনার গোপন খবর বের করার চেষ্টা করছে বলে জানতে পারা গিয়েছে। চিনের প্রেসিডেন্ট শি এর সঙ্গে রাশিয়ার প্রেসিডেন্ট পুতিনের সঙ্গে কী কী বিষয় নিয়ে আলোচনা হয়েছে তার খবর বের করার চেষ্টা করছে বিশেষ সূত্র দরে। মার্কিন সংবাদপত্রগুলি এ ব্যাপারে আগ্রহ প্রকাশ করেছে। এদিকে চিনের প্রেসিডেন্ট শি জিনপিং এর সঙ্গে জেলেনস্কির টেলিনফোনে কী কথা হয়েছে তা নিয়ে বিচার বিশ্লেষণ করতে শুরু করে দিয়েছে মার্কিন সংবাদপত্রের সাংবাদিকেরা। চিনে প্রেসিডেন্ট শি জিনপিং এই সময়ে কেন রাশিয়া সফর করলেন তা নিয়ে বিস্তর জল্পনা হতে শুরু করে দিয়েছে।

চিনের প্রেসিডেন্ট রাশিয়া সফর কালে বিদেশি সাংবাদিকদের ক্রেমলিনে প্রবেশ করা নিষিদ্ধ ছিল। কোনও বিদেশি সাংবাদিক প্রবেশ করতে পারেনি। তাদেরকে রাশিয়ার পুলিশ বাহিনীরা আটকে রেখে দিয়েছিল। সেই সময়ে খ্যাতনামা বিদেশি সাংবাদিকদের গতিবিধি এবং অনেক সময়ে ইন্টারনেটে গোলমাল দেখতে পাওয়া গিয়েছে। তার ফলে বহু সাংবাদিকেরা ছন্ন ছাড়া অবস্থায় অবস্থান করছিল। মনে হচ্ছিল তারা একটি নির্জন দ্বীপে গিয়ে বসবাস করতে শুরু করে দিয়েছে। যেখানে কোনও লোক বসতি নেই। আবার দক্ষিণ চিন সাগরে একটি মার্কিন যুদ্ধ জাহাজ প্রবেশ করেছিল।

# ইউক্রেনে যুদ্ধ বন্ধে বিশ্ব সম্প্রদায়ের উচিত পদক্ষেপ নেওয়া ঃ প্রধানমন্ত্রী শেখ হাসিনা

শ্যামল সান্যাল। ঢাকা, বাংলাদেশ ২৪ মার্চ ঃ বাংলাদেশ প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ইউক্রেনে যুদ্ধ বন্ধে বিশ্ব সম্প্রদায়ের জোরালো পদক্ষেপ নেয়া প্রয়োজন। অব্যাহত এই যুদ্ধ বিশ্বব্যাপী সাধারণ মানুষের দুঃখদুর্দশার কারণ হয়ে দাঁড়িয়েছে। এক বিশেষ সাক্ষাৎকারে তিনি কথা বলেন।প্রধানমন্ত্রী বলেন 'আমি মনে করি যে সাধারণ মানুষ ভোগান্তির শিকার হচ্ছে। এই যুদ্ধ (ইউক্রেনে) বন্ধ করতে বিশ্বের এগিয়ে আসা উচিত।' সাক্ষাৎকারের প্রথম পর্ব ২১ মার্চ সকালে যুক্তরাষ্ট্র ভিত্তিক ক্যাবল নিউজ নেটওয়ার্কে (সিএনএন) সম্প্রচার হয়েছে যুদ্ধে বাংলাদেশের অবস্থান সম্পর্কে মন্তব্য জানতে চাইলে শেখ হাসিনা বলেন, যে কোনো সমস্যার শান্তিপূর্ণ সমাধানে বিশ্বাস করি আমরা। কোনো বিরোধ থাকলে সংলাপের মাধ্যমে সমাধান করা যায়। আমরা কখনই কোনো ধরনের আগ্রাসন বা কোনো সংঘর্ষকে সমর্থন করি না।' তিনি ইউক্রেন যুদ্ধ বন্ধে প্রচেষ্টা চালানোর জন্য বিশ্ব সম্প্রদায়ের প্রতি আহ্বান জানান।বিখ্যাত সাংবাদিক রিচার্ড কোয়েস্টের নেয়া সাক্ষাৎকারে শেখ হাসিনা ইউক্রেনের যুদ্ধ, চীনের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক এবং ঋণ দেয়ার মাধ্যমে চীনের সৃষ্ট মরণফাঁদ ও রোহিঙ্গা ইস্যু নিয়ে অনেক প্রশ্নের জবাব দেন।প্রধানমন্ত্রী বলেন, আমরা শান্তিপূর্ণ সমাধানে বিশ্বাস করি। বাংলাদেশের পররাষ্ট্রনীতি অত্যন্ত স্পষ্ট, 'সবার সঙ্গে বন্ধুত্ব, কারও সঙ্গে বিদ্বেষ নয়।'তিনি বলেন, 'আমরা এটি অনুসরণ করছি, তাই যখন আমরা কোনও মানবাধিকার লঙ্ঘন বা আক্রমণ দেখি, আমরা অবশ্যই এর বিরোধিতা করি।'তিনি বলেন, যুদ্ধ এক পক্ষের দ্বারা সংঘটিত হতে পারে না, উভয় পক্ষের সম্পৃক্ততা প্রয়োজন।প্রধানমন্ত্রী বলেন, 'আমি বিশ্বাস করি, প্রতিটি দেশের নিজস্ব ভূখণ্ডে (স্বাধীনভাবে) বসবাস করার এবং তাদের নিজস্ব অঞ্চল রক্ষার অধিকার রয়েছে।'যুক্তরাষ্ট্র মনে করে বাংলাদেশের সঙ্গে চীনের ঘনিষ্ঠতা বাড়ছে এমন প্রশ্নের জবাবে শেখ হাসিনা বলেন, তার দেশের উন্নয়ন প্রচেষ্টায় সমর্থন করে এমন প্রতিটি দেশের সঙ্গে বাংলাদেশের ঘনিষ্ঠ সম্পর্ক বাড়ছে।তিনি বলেন, 'আমরা সকলের কাছাকাছি, চীন, যুক্তরাষ্ট্র বা ভারত। যারা আমাদের উন্নয়নে সহযোগিতা করছেন, আমরা তাদের সঙ্গে আছি।'তিনি বলেন, চীন বাংলাদেশের উন্নয়ন অংশীদার। তারা বিনিয়োগ করছে এবং কিছু নির্মাণকাজ করছে, 'এটিই মূল কথা।' তিনি জোর দিয়ে বলেন, 'আমরা কারো উপর নির্ভরশীল নই।'চীন থেকে ঋণ নেয়ার বিষয়ে অপর এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী বলেন, 'আমরা ঋণ নেয়ার ক্ষেত্রে অনেক বেশি সতর্ক। আমরা বিশ্বব্যাংক এবং এশীয় উন্নয়ন ব্যাংকের মতো প্রতিষ্ঠান থেকে বেশিরভাগ ঋণ নিয়ে থাকি। চীন থেকে আমাদের ঋণ খুবই কম। এটা শ্রীলঙ্কা বা অন্য কারো মতো নয়।'প্রধানমন্ত্রী বলেন, অকারণে তাঁর সরকার কোনো ঋণ বা কোনো মেগা প্রকল্প নেয় না। কোনো মেগা প্রকল্প বা ঋণ নেয়ার ক্ষেত্রে আমরা বিবেচনা করি কোন প্রকল্প থেকে আমরা রিটার্ন পেতে পারি এবং আমরা সুবিধাভোগী হব।রোহিঙ্গা সংকট মোকাবেলায় আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছ থেকে বাংলাদেশের কী প্রয়োজন জানতে চাইলে শেখ হাসিনা বলেন, 'আমরা আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছি, তারা যেন তাদের নাগরিকদের দেশে ফিরিয়ে নিতে মিয়ানমারকে চাপ দেয়। 'শুধু তাই নয়, আমরা মিয়ানমারের সঙ্গে সংলাপও শুরু করেছি। দুর্ভাগ্যক্রমে, তারা সঠিকভাবে সাড়া দিচ্ছে না। প্রধানমন্ত্রী বলেন, তার সরকার ইতিমধ্যে চীন, আসিয়ান দেশ, জাপান, যুক্তরাষ্ট্র এবং অন্যান্য দেশের সাথে কথা বলেছে এবং মিয়ানমারকে তাদের নাগরিকদের ফিরিয়ে নিতে দেশটির উপর চাপ দেয়ার জন্য তাদের অনুরোধ করেছে।তিনি বলেন, 'দুর্ভাগ্যবশত, মিয়ানমার সরকার কারো কথাই শুনছে না। এটাই সমস্যা।'প্রধানমন্ত্রী বলেন, ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশি (এক কোটি) মানুষের প্রতিবেশী ভারতে আশ্রয় দেওয়ার কথা বিবেচনা করে মানবিক কারণে রোহিঙ্গাদের আশ্রয় দিয়েছে বাংলাদেশ।তিনি বলেন, রোহিঙ্গা (১২ লাখ) বাংলাদেশের জন্য একটি 'বড় বোঝা' হয়ে উঠছে। কারণ দেশটিতে অতিরিক্ত জনসংখ্যা থাকা সত্ত্বেও তাদের মৌলিক অধিকার নিশ্চিত করার পাশাপাশি তাদের (রোহিঙ্গাদের) খাওয়াতে হবে।তিনি বলেন, 'আমাকে তাদের (রোহিঙ্গাদের) খাওয়াতে হবে। আমাকে তাদের মৌলিক চাহিদা নিশ্চিত করতে। হবে।'

# বিজেপির বিরুদ্ধে কংগ্রেস

বিজেপির বিরুদ্ধে লড়াই করবে কংগ্রেস। এছাড়া কংগ্রেসের লড়াই করার আর দ্বিতীয় পথ খোলা নেই। কিন্তু তৃণমূল কংগ্রেস থেকে বারবার বলা হচ্ছে কংগ্রেসের বিজেপির বিরুদ্ধে লড়াই করার ক্ষমতা নেই। মমতা বন্দ্যোপাধ্যায় যুক্তি দেখিয়েছেন, বিজেপি দলের বিরুদ্ধে কংগ্রেস ঠিক মতো লড়াই করতে পারছে না। তাছাড়া ইউপিএ জোট এখন প্রায় ভেঙে গিয়েছে। কংগ্রেস দলকে বিজেপি বিোরধী জোটে নেওয়া যেতে পারে। তবে কিন্তু রাহুল গান্ধির ব্যাপারে তৃণমূল কংগ্রেসের এ্যালার্জি যথেষ্ট পরিমানে রয়েছে। এদিকে তেলেঙ্গনা রাষ্ট্র সমিতির নেতা কে চন্দ্রশেখর রাওয়ের চুক্তি রয়েছে যে কংগ্রেসের এখন আর বিজেপির বিরুদ্ধে লড়াই করার শক্তি নেই। বিজেপি যেভাবে এগিয়ে যেতে শুরু করে দিয়েছে তাতে আগামি দিনে দিল্লিকে সরকার গড়বে বিজেপি এটা ক্রমশ স্পষ্ট হয়ে যেতে শুরু করে দিয়েছে। বিজেপি জোট লোকসভার নির্বাচনে তৈরি হলেও তা একেবারে নড়বড়ে হবে। শক্তিশালী জোট হবে না। সমাজবাদী দলের নেতা অখিলেশ যাদব বিজেপি বিরোধী জোটের সঙ্গে যুক্ত হবে। মায়াবতী দল বিজেপি বিরোধী জোটে অংশ গ্রহণ করবে কিনা তা স্পষ্ট নয়। দিল্লির আম আদমি দল বিজেপি বিরোধী জোট করতে কতখানি এগিয়ে আসবে সেটাও স্পষ্ট নয়। এদিকে রাহুল গান্ধি বলেছেন, তৃণমূল কংগ্রেস, টিআরএস, ওয়াইএসআর কংগ্রেসের মতো আঞ্চলিক দলগুলি শক্তিশালী বিজেপি বিরোধী জোট করতে পারবে না। তবে বিজেপি বিরোধী জোট করা ব্যাপারে কংগ্রেস তাদের দরজা খুলে রাখছে সবার জন্য। বিজেপির বিরুদ্ধে লড়াই করার ব্যাপারে রাহুল গান্ধি বলেছেন, এটা হচ্ছে বিজেপির মতাদর্শের বিরুদ্ধে কংগ্রেসের মতাদর্শের লড়াই। আঞ্চলির দলগুলি ছোট পরিসরে রয়েছে। তাদের কোনও মতাদর্শ নেই। সেই কারণে তারা বিজেপিকে পরাস্ত করতে পারবে না। বিজেপিকে হারাতে গেলে মতাদর্শের প্রয়োজন। বিজেপি দলের নিজস্ব মতাদর্শ রয়েছে। সেই মতাদর্শ খানিকটা আরএসএসের মধ্যে কাছ থেকে নেওয়া। বিজেপি সঙ্গে লড়াই কংগ্রেস আজকে নতুন করছে না। বরাবরই বিজেপি সঙ্গে কংগ্রেস লড়াই করে এসেছে। কখনও বিজেপি জয়ী হয়েছে। আবার কখনও ক ংগ্রেস জয়ী হয়েছে। সংসদে বিজেপি কংগ্রেস লড়াই সবাই দেখতে পেয়েছে। সেখানে অন্য কোন রাজনৈতিক দলের সাংসদের তীব্র লড়াই করতে দেখা যায়নি। কংগ্রেস বিজেপি আদর্শের বিরুদ্ধে লড়াই করে এসেছে। কংগ্রেস দল বিজেপি কৃষি নীতির নিন্দা করেছে। তার ফলে কৃষি বিল থেকে সরে আসতে হয়েছে সরকারকে। কংগ্রেস এখন এত শক্তিশালী না হলেও তারা কিন্তু লড়াই করতে জানে। কীভাবে আদর্শের ওপরে ভিত্তি করে লড়াই করতে হয় সেটা কংগ্রেস দলকে শিখিয়ে দিতে হবে না। তৃণমূল কংগ্রেসের নেতা সৌগত রায় বলেছেন, রাহুল গান্ধি আজকে যা বলছেন তার তাঁর দলের কর্মীদের মনোবল বৃদ্ধি করার জন্য বলছেন। এটার কোনও বাস্তব ভিত্তি নেই। পাঞ্জাব থেকে কংগ্রেস নির্বাচনে হেরে গেল। কংগ্রেস সরকারের পতন ঘটল। আম আদমি দল একেবারে সমানে দিকে উঠে আসতে থাকলো। রাহুলের কথাকে আমরা গুরুত্ব দিচ্ছি না। তৃণমূল কংগ্রেস দল সামনে দিকে এগিয়ে যাওয়ার চেষ্টা করছে। তবে রাজনৈতিক পর্যবেক্ষকেরা মনে করছেন, তৃণমূল কংগ্রেসের নাম বাংলার বাইরে একেবারে নেই। বাংলার বাইরে তৃণমূল কংগ্রেস নিজেদের প্রতিষ্ঠা করতে পারছে না। বাংলার তৃণমূল কংগ্রেস দলের প্রতি কোনও আস্থা নেই। ত্রিপুরা থেকে শুরু করে আসাম, গোয়া এমনকী মনিপুরে দেখতে পাওয়া গিয়েছে তৃণমূল কংগ্রেস দলকে কেউ বেশি আমল দিচ্ছে না। তার একটি মাত্র কারণ হচ্ছে তৃণমূল কংগ্রেস উন্নয়নের কোনও কথা বলতে পারছে না। বিজেপি দলের বিরদ্ধে লড়াই করা জন্য কংগ্রেস সভানেত্রী সনিয়া গান্ধি ভারত ছাড়ো যাত্রা অভিযান করলেন। নেতৃত্ব দিলেন রাহুল গান্ধি। কন্যাকুমারি থেকে শুরু করে একেবারে কাশ্মীর পর্যন্ত এই অভিযান শুরু হবে। গান্ধিজির জন্মদিন থেকেই পালিত হবে এই অভিযান সারা ভারত জুড়ে। মানুষের সঙ্গে যে সংযোগ কংগ্রেসের ছিল তা এখন একেবারে ভেঙে গিয়েছে সেটা স্বীকার করে নিতে হবে। কংগ্রেস দলকে আবার চাঙ্গা করতে সাধারণ মানুষের সঙ্গে সংযোগ বৃদ্ধি করার দিকে মন দিতে শুরু করে দিয়েছেন কংগ্রেস নেতারা। বহু সমস্যার সমাধান চেয়ে সরকারের বিরুদ্ধে আন্দোলনে সামিল হতে চায় কংগ্রেস। সরকারি উদাসীনতার ফলে ভারতের নাগরিকদের আর্থিক ক্ষতি হতে দেখা গিয়েছে। নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বৃদ্ধি পেতে শুরু করেছে। কৃষি পণ্য আকাশ ছোঁয়া দামে গিয়ে ঠেকতে শুরু করে দিয়েছে। ফলে সাধারণ মানুষের অবস্থা একেবারে চরম পর্যায়ে। আঞ্চলিক দলগুলি নির্দিষ্ট জাতি বা গোষ্ঠীর মতাদর্শকে সঙ্গে নিয়ে পরিচালনা করে থাকে।

# রাহুলের সাজাই বিজেপি বিরোধী জোটকে শক্তিশালী করলো

কংগ্রেস নেতা রাহুল গান্ধিকে শাস্তি দিতে গিয়ে বিজেপি বিরোধী জোটকে শক্তিশালী হতে শুরু করে দিল। কংগ্রেসের পাশে এসে দাঁড়ালেন দিল্লির আম আদমি সরকারের মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। কংগ্রেস আপ গোড়া থেকেই আদায় কাঁচকলায় ছিল। কিন্তু রাহুল গান্ধির বিরুদ্ধে মানাহনির মামলায় শাস্তি ঘোষণার পরে নজিরবিহীন ভাবে কংগ্রেসের পাশে এসে দাঁড়ালেন আম আদমি দলের নেতা কেজরিওয়াল। কেজরিওয়াল বলেছেন দেশে বিজেপি বিরোধী দলগুলিকে রাজনৈতিকভাবে শেষ করে দেওয়ার চক্রান্ত শুরু করে দেওয়া হচ্ছে। জেল, পুলিশ, আদালত দিয়ে এমনভাবে বিরোধী দলের নেতাদের ধরে বেঁধে রাখা হচ্ছে যাতে তারা আগামি দিনে কোনও বিরোধিতা না করতে পারে। লোকসভার আগে বিজেপি বিরোধী দলের নেতাদের মাথা তুলে দাঁড়াতে দিতে চায় না এই দল। তারা এমনভাবে চলতে শুরু করে দিয়েছে যে কেন্দ্রীয় সরকারে কোনও বিরোধী দল রাখতে চায় না। তার ফলে যুক্তরাষ্ট্রীয় কাঠামো একেবারে ভেঙে পড়তে থাকবে। এদিকে ওড়িশার নবীন পট্টনায়েক যুক্তরাষ্ট্রীয় কাঠামোকে অটুট রাখার পক্ষে সায় দিয়েছেন বটে। কিন্তু তিনি কোনও রকমভাবে কেন্দ্র বিরোধী আভিযানে অংশ গ্রহণ করতে চান না। তিনি কেন্দ্র রাজ্য সুসম্পর্ক রাখার পক্ষে। তিনি পরিস্কার করে বলে দিয়েছেন ওড়িশার উন্নতি করতে গেলে কেন্দ্রের সহযোগিতা খুবই প্রয়োজন। সেই কারণে তিনি কোনও বিজেপি বিরোধী জোটে অংশ গ্রহণ করছেন না। এদিকে কংগ্রেস নেতা জয়রাম রমেশ বলেছেন দেশের সব বিরোধী দলের নেতাদের সঙ্গে রাহুল গান্ধির সাজা নিয়ে কথা হবে। তাদের মতামত গ্রহণ করা হবে। এ ব্যাপারে বিরোধীরা রাষ্ট্রপতি সঙ্গে দেখা করার ব্যাপারে সময় চেয়েছেন। দিল্লি সহ বিভিন্ন ারজ্যে কংগ্রেস দল বিক্ষোভ কর্মসূচি রেখেছে। দিল্লিতে কংগ্রেসের দুর্নীতি দেখিয়ে আন্দোলন করেছিল অরবিন্দ কেজরিয়াল। তারপরে দিল্লির ক্ষমতা দখল করে নেয় আম আদমি দল কংগ্রেসের হাত থেকে। সেই থেকে দুই দলের মধ্যে বৈরতা সৃষ্টি হয়েছিল। আম আদমি দলের নেতা মণীশ সিসোদিয়ার গ্রেফতারের বিরুদ্ধে অবিজেপি দলের নেতারা সরব হলেও কংগ্রেস তাতে যোগদান করেনি। উল্টে সিসোদিয়ার সঙ্গে আবগরি কেলেঙ্কারীতে অরবিন্দ কেজিরওয়ালের গ্রেফতারে দারি করতে থাকে কংগ্রেস নেতারা। তবে এদিন রাহুল গান্ধির সাজা দেওয়ার ব্যাপারে মুখ খুলেছেন অরবিন্দ কেজরিওয়াল। তিনি বলেছেন, বিজেপি দলের বিরোধী নেতাদের বিচারের নামে শেষ করে দেওয়া হচ্ছে। রাহুল গান্ধিকে মানহানির মামলায় ফাঁসানো হয়েছে তা একেবারে অনুচিত। জনগণ এবং বিরোধীদের কাজই হল সরকারের সমালোচনা করা। আমরা আদালতে সম্মান দিলেও কোনও রকমভাবে আদালতে সিদ্ধান্তে একমত পোষন করছি না। রাজ্যসভার সাংসদ রাঘব চাড্ডা বলেছেন, গণতন্ত্রের ভারকেন্দ্র হল বিরোধী দল। ভিন্ন মতকে কোনও রকমভাবে দমিয়ে রাখা উচিত নয়। এ দেশের রাজনীতিতে সমালোচনা করার অধিকার সবারই রয়েছে। বিরোধিতা করে একটি দলের আদর্শকে সেই জায়গা থেকে নামিয়ে নিয়ে আসার চেষ্টা অত্যন্ত ন্যক্কারজনক বলে গণ্য করা যেতে পারে। এদিকে রাহুল গান্ধির সাজাকে ঘিরে বিরোধী দলের নেতারা এক জোট হয়ে প্রতিবাদ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। সেখানে তৃণমূল কংগ্রেস বা নবীন পট্টনায়েকদের দেখতে পাওয়া গেল না। তাঁরা এ ব্যাপারে একটি কথা বলেননি। এসপি দলের নেতা অখিলেশ যাদবও এ ব্যাপারে কোনও কথা বলেননি। সবাই চুপ করে দেখতে শুরু করে দিয়েছে কত দূর পর্যন্ত খেলাটা গড়াতে পারে।

# পুকুর ভরাট রুখতে কঠোর প্রশাসন

সুজিত দত্ত, বর্ধমান, ২৪ মার্চঃ দীর্ঘদিন ধরেই বর্ধমান শহরে অর্থাৎ বর্ধমান পৌর এলাকায় পুকুর ভরাটের বিভিন্ন অভিযোগে সরব হয়েছে বিভিন্ন ওয়ার্ডের বাসিন্দারা। পুকুর ভরাটের কয়েক ডজন অভিযোগ নিয়ে উদ্বিগ্ন বর্ধমান পৌরসভা একাধিকবার তৎপর হয়েছে পুকুর ভরাট বন্ধ করার জন্য। শুক্রবার বর্ধমান পৌরসভার উদ্যোগে জেলাশাসক অফিসে কনফারেন্স হলে বৈঠক অনুষ্ঠিত হয়। যার মূল বিষয় অবৈধভাবে পুকুর ভরাট করে নির্মাণ করলে কঠোর থেকে কঠোরতম শাস্তি দেওয়া হবে। এই বৈঠকে উপস্থিত ছিলেন পূর্ব বর্ধমান জেলার জেলাশাসক প্রিয়াংকা সিংলা, পূর্ব বর্ধমান জেলার পুলিশ সুপার কামনাশীষ সেন, বর্ধমান দক্ষিণের বিধায়ক খোকন দাস, বর্ধমান পৌরসভার চেয়ারম্যান পরেশ চন্দ্র সরকার, ডিএসপি ট্রাফিক-২ রাকেশ চৌধুরী, বর্ধমান থানার আইসি সুখময় চক্রবর্তী সহ বর্ধমান পৌরসভার এমসিআইসি এবং কাউন্সিলর বৃন্দ। বর্ধমান দক্ষিণের বিধায়ক খোকন দাস জানিয়েছেন, শহরজুড়ে বিভিন্ন জায়গায় অবৈধভাবে পুকুর ভরাটের অভিযোগ আসছে। পৌরসভার তরফ থেকে চেষ্টা করা হচ্ছে যাতে অবৈধভাবে পুকুর ভরাট না হয়। এই বিষয় নিয়ে আজ জেলা শাসকের কনফারেন্স হলে মিটিং অনুষ্ঠিত হলো। বর্ধমান পৌরসভায় প্রায় ৪০টি অভিযোগ জমা পড়েছে যেখানে অবৈধভাবে পুকুর ভরাট করা হচ্ছে। এরপর থেকে অবৈধভাবে পুকুর ভরাট করা হলে বর্ধমান পৌরসভার তরফ থেকে কঠোরতম শাস্তির ব্যবস্থা করা হয়েছে। এই বৈঠকে ৩৫ জন পুকুর মালিকদের ডাকা হয়েছে এবং তাদের পরিষ্কার করে এই বক্তব্য জানিয়ে দেওয়া হয়েছে। অবৈধভাবে যারা পুকুর বুজিয়ে ফেলেছেন বা যারা এখনও পুকুর ভরাটের প্রক্রিয়া চালিয়ে যাচ্ছেন তাদের ৭ দিনের মধ্যে পুকুরগুলির আগের অবস্থায় ফিরিয়ে নিয়ে আসার ব্যবস্থা করার নির্দেশ দেওয়া হয়েছে। অন্যথায় তাদের আইনগতভাবে শাস্তির আওতায় নিয়ে আসা হবে। বর্ধমান পৌরসভার চেয়ারম্যান পরেশ চন্দ্র সরকার বলেন, বর্ষার আগে জল নিকাশি ব্যবস্থা নিয়ে বর্ধমান পৌরসভার যথেষ্ট তৎপর। এছাড়াও এদিনের এই মিটিংয়ে সিদ্ধান্ত হয়েছে অবৈধভাবে পুকুর ভরাট করা যাবে না। সাধারণত পুকুরের মালিকরা জমির মূল্য বৃদ্ধির জন্য অবৈধভাবে পুকুর ভরাট করে সেখানে অবৈধভাবে নির্মাণ করে ফেলছেন। তাই পুকুর ভরাট এবং অবৈধ নির্মাণ বন্ধে তৎপর বর্ধমান পৌরসভা সহ জেলা প্রশাসন। এদিকে অবৈধভাবে পুকুর ভরাট বন্ধে জেলা প্রশাসনের এই তৎপরতায় খুশি বিভিন্ন ওয়ার্ডের বাসিন্দারা। জল নিকাশি ব্যবস্থা, অগ্নিকাণ্ডের ঘটনা সহ বিভিন্ন সামাজিক কাজেও পুকুরের প্রয়োজনীয়তা রয়েছে। তাই কোনভাবেই পুকুর ভরাট করা যাবে না বলেই জানানো হয়েছে জেলা প্রশাসন সূত্রে।

## ৮৫০ কিমি রাস্তা

দুরন্ত বার্তা, কোচবিহার, ২৪ মার্চ ঃ কোচবিহার জেলা পরিষদের উদ্যোগে এক বর্ণাঢ্য শোভাযাত্রা ও টাবেলো বের করা হলো। এই শুভযাত্রা কোচবিহার জেলা পরিষদ থেকে শুরু হয়ে জেলা শাসকের দপ্তরে গিয়ে শেষ হয়েছে। রাজ্য সরকারের পথশ্রী প্রকল্পের বার্তা পৌঁছে দিতে এই অনুষ্ঠান বলে জানা গিয়েছে। এদিনের এই অনুষ্ঠানে জেলাশাসক পবন কাদিয়ান, পুলিশ সুপার সুমিত কুমার, জেলা পরিষদের সভাপতি উমাকান্ত বর্মন প্রমুখ ও উপস্থিত ছিলেন। গোটা রাজ্যজুড়ে প্রায় ১২ হাজার কিলোমিটার রাস্তা তৈরি হবে। কোচবিহার জেলায় ৮৫০ কিলোমিটার রাস্তা তৈরি করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এই ৮৫০ কিলোমিটারে ৩৭০টি রাস্তা তৈরি হবে। এর জন্য খরচ হবে প্রায় আড়াইশো কোটি টাকা। এদিন জেলা শাসক পবন কাদিয়ান জানান, রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের পথশ্রী প্রকল্পের আওতায় কোচবিহারে প্রায় ৩৭০টি রাস্তা তৈরি হবে। প্রায় ৮৫০ কিলোমিটার রাস্তা নতুনভাবে গড়ে তোলা হবে। এই প্রকল্পের বার্তা সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে এই শোভাযাত্রার আয়োজন করা হয়েছে।

## বন্ধ ডায়ালিসিস

দুরন্ত বার্তা, তমলুক, ২৪ মার্চ ঃ পূর্ব মেদিনীপুর জেলার তমলুকে অবস্থিত দীর্ঘ পুরানো পূর্ব মেদিনীপুর জেলা হাসপাতাল নতুন ভাবে তাম্রলিপ্ত মেডিকেল কলেজে নামে সরকারিভাবে উদ্বোধন হয় ২০২২ সালে। এখনও পর্যন্ত বেশ কিছু বিল্ডিং নির্মাণসহ একাধিক কাজ রয়েছে বাকি মেডিকেল কলেজ চত্বরে বৃহস্পতিবার বিকেলে কাজ করার সময় জেলা হাসপাতালের জলের পুরানো রিজার্ভার ট্যাঙ্ক থেকে হাসপাতালের বিভিন্ন ওয়ার্ডে যাওয়ার জলের পাইপ ভেঙে যায় এর পরেই শুরু হয় সমস্যা। বেশ কিছু সময় পরেই বন্ধ হয় ডায়ালিসিস পরিষেবা সহ ওয়ার্ডের ভেতরে থাকা পানীয় জল ও বাথরুমে জলের পরিষেবা। এরপরেই মেডিকেল কলেজের তরফ থেকে তাম্রলিপ্ত পৌরসভায় খবর দেওয়া হলে দ্রুত পৌরসভার জলের গাড়ি পৌঁছে যায়। তবে রাত থেকে এখনও পর্যন্ত বন্ধ রয়েছে ডায়ালিসিস পরিষেবা। তবে এ বিষয়ে তাম্রলিপ্ত মেডিকেল কলেজের প্রিন্সিপাল জানান দ্রুত সমস্যার সমাধান করে যাতে পরিষেবা আবার আগের মত শুরু করা যায় সেই চেষ্টা করা হচ্ছে।

## রোগীদের দত্তক

দুরন্ত বার্তা, বর্ধমান, ২৪ মার্চ ঃ পশ্চিমবঙ্গ স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে বিশ্ব যক্ষ্মা দিবস উপলক্ষে জামালপুর হাসপাতাল থেকে মোট ১১ জন যক্ষা রোগীকে ছ'মাসের জন্য শুক্রবার স্বাস্থ্য দত্তক নিল এক সমাজসেবী ও জামালপুর হাসপাতালে এক স্বাস্থ্যকর্মী। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জামালপুর ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের স্বাস্থ্য আধিকারিক ঋত্বিক ঘোষ এবং চিকিৎসকরা। জামালপুর ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র থেকে শুক্রবার ১১ টা নাগাদ জামালপুরের দক্ষিণ সূরার বাসিন্দা সমাজসেবী সুরোজ ব্যানার্জি দশজনের যক্ষা রোগে আক্রান্তদের ছ'মাসের জন্য স্বাস্থ্য দত্তক নেন এবং জামালপুর ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের এক স্বাস্থ্য কর্মী কৃষ্ণা চ্যাটার্জি তিনি একজনকে দত্তক নিয়েছেন। জামালপুর ব্লকের বিওমিএইচ সহ সকল চিকিৎসকের উপস্থিতির মধ্য দিয়ে স্বাস্থ্য দত্তকের আয়োজন করা হয়েছিল।

## স্ত্রী-কন্যাদের পুড়িয়ে মারার চেষ্টা

গোপাল বিশ্বাস, নদীয়া, ২৪ মার্চ ঃ নিজের স্ত্রী ও কন্যাকে ঘরের মধ্যে বন্দি করে পেট্রোল দিয়ে আগুন ধরিয়ে পুড়িয়ে মারার চেষ্টার অভিযোগ উঠলো পিন্টু সেন নামে এক ব্যাক্তির বিরুদ্ধে। আর যা নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক তরজা। এমনই চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে নদীয়ার কৃষ্ণগঞ্জের রাধাগোবিন্দ পাড়া এলাকায়। স্থানীয় সূত্র মারফত জানা গেছে বৃহস্পতিবার রাতে ঘরের মধ্যে স্ত্রী ও দুই মেয়ে ঘুমিয়েছিল। সেই সময় পিন্টু সেন নামে ওই ব্যাক্তি ঘরে আগুন ধরিয়ে দেয়। শুধু আগুন ধরিয়েই ক্ষান্ত হয়নি। পিন্টু দেখতে পায় স্ত্রী ও তার দুই মেয়ে পালিয়ে যায়। স্ত্রী ও মেয়েকে পুড়িয়ে মারার জন্য তন্ন তন্ন করে খুঁজে বেড়ায়। গ্রামবাসীদের সাহায্যে কোন রকমে বেঁচে যায় মা ও মেয়েরা। স্থানীয় সূত্রে জানা যায় পিন্টুর বড় মেয়ে একাদশ শ্রেনীর ছাত্রী, চলছে তার পরীক্ষাও। প্রায়শই মদ্যপান করে স্ত্রী-মেয়েদের ওপর অত্যাচারও করতো। এলাকায় চালাতো দাদাগিরি। পিন্টু এলাকার তৃণমূল নেতা বলেই পরিচিত। দাপুটে ওই তৃণমূল নেতা পিন্টুর ভয়ে আতঙ্কিত গ্রামবাসীরা। তারা সংবাদ মাধ্যমের সামনে সামনে মুখও খুলতে ভয় পাচ্ছেন। গ্রামবাসীরা জানান ক্যামেরার সামনে মুখ খুললে যে কোন মুহূর্তে তৃণমূল নেতা তাদের উপর আঘাত আনতে পারে। আর এ নিয়েই শুরু হয়েছে রাজনৈতিক তরজা। নেতার দাদাগিরির কথা স্বীকার করে নিয়েছেন বিরোধী দলের নেতারাও। স্থানীয় সিপিএম নেতা জয়দেব হাওলাদার বলেন, এটাই এখন তৃণমূলের কালচার হয়েছে। এলাকায় এদের মতো লোকেদের মদত দিচ্ছে তৃণমূলের বড় বড় নেতারা। তাদের হাত না থাকলে পিন্টুদের মতো লোকেরা এলাকায় এহেন কাজ করতে সাহস পেত না। স্থানীয় বিজেপি নেতারও বক্তব্য, শাসক দলের হাত মাথায় থাকার জন্যই এদের এত বাড়বাড়ন্ত। যদিও কৃষ্ণগঞ্জ ব্লকের প্রাক্তন তৃণমূল সভাপতির দাবি পিন্টু কোন নেতা নয়, সামান্য কর্মী। তবে তার এরূপ কাজ দল কোন ভাবেই সমর্থন করে না, আইন আইনের মতো ব্যাবস্থা নিক। তবে এলাকায় কান পাতলে শোনা যাচ্ছে, এই নেতার ভয়ে স্থানীয় প্রশাসন নাকি আতঙ্কিত হয়ে থাকে। এই ঘটনায় পিন্টুর স্ত্রী ও মেয়েরা তার শাস্তির দাবী জানিয়েছেন। সামগ্রিক ঘটনায় যথেষ্ট আতঙ্কে রয়েছে এলাকাবাসী। ঘটনার তদন্তে নেমেছে পুলিশ-প্রশাসন।

# শুভেন্দুকে কটাক্ষ সুপ্রকাশ গিরির

দুরন্ত বার্তা, কাঁথি, ২৪ মার্চ ঃ আদালতে রক্ষাকবচ পেতে পারেন। কিন্তু মানুষের আদালত কোনওদিন শুভেন্দু অধিকারীকে ক্ষমা করবে না! বক্তা, তৃণমূলের কাঁথি সাংগঠনিক জেলার যুব সভাপতি সুপ্রকাশ গিরি। ঘটনার সূত্রপাত, নিয়োগ কেলেঙ্কারি কাণ্ডে শুভেন্দুর নাম জড়িয়ে সম্প্রতি বিস্ফোরক মন্তব্য করেছিলেন রাজ্যের মন্ত্রী শশী পাঁজা ও তৃণমূল কংগ্রেস মুখপাত্র কুণাল ঘোষ। তারই জেরে শশী ও কুণালের বিরুদ্ধে মানহানির মামলা রুজু করেন শুভেন্দুর ভাই সৌমেন্দু। ওই প্রসঙ্গেই এবার অধিকারী পরিবারকে পাল্টা আক্রমণ শানিয়েছেন অখিল পুত্র সুপ্রকাশ। সুপ্রকাশের কথায়, শাক দিয়ে কি মাছ ঢাকা যায়! গণতান্ত্রিক দেশে আইনি নোটিস পাঠাতে পারেন। তাতে কিছু আসে যায় না। এরপরই সুপ্রকাশ দাবি করেন, আমি তো বলব, ৫৫ জনের লিস্ট অনেকটাই কম। শুভেন্দু অধিকারী এই জেলায় হাজার হাজার চাকরি বিক্রি করেছেন। গ্রুপ সি, গ্রুপ ডি থেকে প্রাথমিক স্কুলের চাকরি। আমি চ্যালেঞ্জ করে বলছি, কাঁথি পুরসভায় বসে বেনিয়ম করে ৩৯০০ জনের চাকরি দিয়েছেন। বস্তত, নিয়োগ কেলেঙ্কারি কাণ্ডে অবিলম্বে শুভেন্দুকে হেফাজতে নিয়ে জেরা করার দাবি জানিয়ে সম্প্রতি শশী পাঁজা ও কুণাল ঘোষ দাবি করেছিলেন ৫৫ জনের চাকরি দিয়েছেন শুভেন্দু অধিকারী। এদিন তার সবিস্তারে ব্যাখ্যা দেন যুবনেতা সুপ্রকাশ গিরি। সুপ্রকাশের দাবি, আমি একটা উদাহরণ দিচ্ছি, ৫৫ জনের নাম বলেছেন আমাদের দলের মুখপাত্ররা। কাঁথি শহরে একটি কমপ্লেক্স রয়েছে নিবেদিতা (২)। সেই কমপ্লেক্সে একটি ফ্ল্যাটে তৎকালীন শুভেন্দু অধিকারীর আনাগোনা থাকতো। সেটা কাঁথির মানুষের সকলেই জানা। সেই ফ্ল্যাটে শুভেন্দু অধিকারী দলীয় বৈঠক করেছেন ও কাজকর্ম করেছেন। সেই ফ্ল্যাটটি যার নামে রেজিস্ট্রেশন রয়েছে, ওই ৫৫ জনের তালিকায় তার নাম রয়েছে। তার মানে কি প্রমাণ হবে তিনি শুভেন্দু অধিকারীর অনুগামী নয়। বহু নাম আছে। ৫৫ তো অনেক কম, কেঁচো খুড়ুন, কেউটে অনেক ভেতরে আছে। হাজার হাজার ছেলে-মেয়ের চাকরি বিক্রি করেছে শুভেন্দু অধিকারী এই জেলায়।

**লামডিং মণ্ডলে পুনর্বিকাশ এবং নবীকরণ কাজ**

ই-টেন্ডার নোটিস নং. ... তারিখঃ ২১-০৩-২০২৩ ...

www.ireps.gov.in

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে

**কাটিহার ডিভিশনে ইঞ্জিনিয়ারিং-এর কাজগুলি**

http://www.ireps.gov.in

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

**নিউ হাফলং স্টেশনের পুনঃ উন্নয়ন ও নবীকরণ**

www.ireps.gov.in

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

**অরুণাচল স্টেশনের পুনঃউন্নয়ন এবং সংস্কার**

www.ireps.gov.in

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

**স্টেশনের পুনঃউন্নয়ন ও নবীকরণ**

www.ireps.gov.in

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

**উদয়পুর স্টেশনের পুনঃউন্নয়ন এবং সংস্কার ইত্যাদি**

www.ireps.gov.in

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে

প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

**পূর্ব রেলওয়ে**

(HAH-467/2022-23)

www.ireps.gov.in

@EasternRailway

easternrailwayheadquarter

**পূর্ব রেলওয়ে**

(HWH-468/2022-23)

www.ireps.gov.in

@EasternRailway

@easternrailwayheadquarter

**উত্তর মধ্য রেলওয়ে**

ই-প্রোকিওরমেন্ট টেন্ডার নোটিস

ভারতের রাষ্ট্রপতির পক্ষে ডেপুটি চিফ মেটিরিয়াল ম্যানেজার, সাধারণ স্টোর ডিপো, ঝাঁসি আহ্বান করছেন উল্লেখিত ই-প্রোকিওরমেন্ট টেন্ডার।

টেন্ডার খোলার তারিখ ঃ ১৯.০৪.২০২৩

438/23(P)

North central railways www.ncr.indianrailways.gov.in @northcentralrailway @CPRONCR

**উত্তর মধ্য রেলওয়ে**

| টেন্ডার নং. | বিবরণী | থেকে | পর্যন্ত |
|---|---|---|---|
| ৬৩২৩ আরজিসি | কর্মাশিয়াল সহযোগী | - | আপডেটেড |
| ০৪ | নথিপত্র | - | অ্যানেক্সার ১, আপলোডেড |

অন্যান্য নিয়ম এবং শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

381/23(P)

www.ncr.indianrailways.gov.in @CPRONCR

**NOTICE INVITING e-TENDER**

Sundarban Cooperative Milk & Livestock Producers Union Ltd.(Sundarini) invites **e-Tender(s) vide this office no.: 1) SMLU/SP/MMP/e-NIT(3 rd Call)/22- 23/88 dated 22.03.2023** for procurement, installation and commission of Agitator Motors with Components. Last date of submission: **29.03.2023 up to 3 PM.** For details please visit **https://wbtenders.gov.in**

**Government of West Bengal**
**Office of the Executive Officer**
**Sankrail Panchayat Samity, Howrah**
**&**
**Office of the Block Dev. Officer**
**Sankrail Dev. Block, Howrah**
**ABRIDGED NOTICE INVITING e-TENDER**

Executive Officer, Sankrail Panchayat Samity invites e-tender for following Work related to Civil Development Work as follows:

| Sl. No. | Tender Reference No | Tender ID | Tender Sl. No. | Last Date of Submission | Date of Opening |
|---|---|---|---|---|---|
| 1 | EO/SNK/eNIT-92/ 2022-23 | 2023_ZPHD_497587 | 01 to 03 | 30/03/2023 | 01/04/2023 |
| 2 | EO/SNK/eNIT-89/ 2022-23(2 nd Call) | 2023_ZPHD_499019 | 01 to 4 | 08/04/2023 | 10/04/2023 |

Intending bidders are requested to visit the website **http://wbtenders.gov.in** for details. For other details may contact with the office of the undersigned.

**Sd/- Executive Officer**
**Sankrail Panchayat Samity, Howrah**
**&**
**Office of the Block Dev. Officer**
**Sankrail Dev. Block, Howrah**

**e-Tender Notice**

D.W.O., B.C.W. & T.D., Purba Medinipur invites e-tender vide **NIT No. WB/BCWTD/NIT-05(e)/2022-23 & Tender Id: 2023_DMPM_498758_1.** Online Bid submission end date on **27/03/2023 up to 6:00 P.M.** Details may be seen on website- **http://wbtenders.gov.in**

Sd/-
D.W.O., B.C.W. & T.D.
Purba Medinipur

**PWD(GOVT. OF WB)**
**TENDER NOTICE**

The Assistant Engineer, Hooghly Sub-Division No.-II, Public Works Directorate invites online e-Tender for the work of: Urgent development of land along with construction of service Road for proper movement of vehicles in connection with the visit of V.V.I.P. at Ratanpur of Singur Block under Hooghly Sub Division No.-II of Hooghly Division. Public Works Directorate in the district of Hooghly during the year 2022-23. **E-NIT No. 19 of 2022-23** of the Assistant Engineer, Hooghly Sub-Division No.-II, Public Works Directorate. **Tender ID: 2023_PWD_499009_1.** Bid submission start date (online): **25-03-2023 at 10.00 A.M.** Bid submission start date (Online): **25-03-2023 at 10.00 A.M.** Bid submission closing date (online): **01.04.2023 up to 03.00 PM.** Corrigendum, if any, will only be published accordingly. Details of NIT and NIT documents may be downloaded from: **http://wbtenders.gov.in**

**Sd/- Assistant Engineer**
**Hooghly Sub-Division No.-II**
**Public Works Directorate.**

**INVITING TENDER NOTICE**

Undersigned is inviting Tender notice towards **NIT No. 28/Dev/BDO/Pur/2022-23 Date. 23.03.2023 & 29/Dev/BDO/Pur/2022-23 Date. 23.03.2023.** Last date of submission of tender is **up to 05:00 pm., 06.04.2023** and will be opened on **10.04.2023 at 11:00 am.** For details pl. contact to the office of the undersigned or visit the website **http://wbtenders.gov.in.**

**Sd/- Block Development Officer, Pursurah Development Block Pursurah, Hooghly**

**NOTICE**
**INVITING QUOTATION**

Quotation are invited from Pindra Gram Panchayat under Purulia-II PS of Purulia District for Soak Pits through **NIQ Nos. 10/2022-23 and 11/2022-23** and Quotation Papers will be issued from **24/03/2023 and 27/03/2023** respectively. Closing dates are respectively **29/03/2023 at 1.00 PM and 03/04/2023 at 1.00 PM.**

**Sd/- Pradhan**
**Pindra Gram Panchayat**

**Office of the Executive Officer**
**Chanditala-II Panchayat Samiti**
**Chanditala, Hooghly**

(A) E-Tender are invited by the Executive Officer Chanditala-II, Chanditala , Hooghly from reputed and resourceful contractors for 11 Nos. of work. **NIT No. 174, dt. 24/03/2023, E-Tender Id- (1)2023_ZPHD_498800_1,(2) 2023_ZPHD_498800_2, (3) 2023_ZPHD_498800__3, (4) 2023_ZPHD_498800__4 , (5) 2023_ZPHD_498800__5, (6) 2023_ZPHD_498800__6, (7) 2023_ZPHD_498800__7, (8) 2023_ZPHD_498800__8, (9) 2023_ZPHD_498800__9, (10) 2023_ZPHD_498800__10 and (11) 2023_ZPHD_498800__11.** Publish Date-**25.03.2023 at 10.00 AM**; Last Date of Online Submission of technical & Financial BID **up to 01.04.2023 at 10.00 AM**, Date of Open-**03.04.2023, 11.00 AM** Completion Time-30 days. (B) E-Tender (3rd Call) are invited by the Executive Officer Chanditala-II, Chanditala, Hooghly from reputed and resourceful contractors for 5 Nos. of work. **NIT no-175, dt. 24.03.2023, E-Tender Id- (1) 2023_ZPHD_498902_1, (2) 2023_ZPHD_498902_2, (3) 2023_ZPHD_498902_3, (4) 2023_ZPHD_498902_4 & (5) 2023_ZPHD_498902_5.** Publish Date-**25.03.2023 at 10.00 AM;** Last Date of Online Submission of technical & Financial BID **up to 01.04.2023 at 10.00 AM**, Date of Open- **03.04.2023, 11.00 AM.** Completion Time-30 days. For details visit website **https://wbtenders.gov.in**

**OFFICE OF THE PRADHAN**
**ANARA GRAM PANCHAYAT**
**VILL & POST – ANARA, DIST. – PURULIA (W.B.)**
**UNDER PARA DEVELOPMENT BLOCK**
**e-TENDER NOTICE**
**NIT Memo No -652,653,654/AGP/2023 Dated – 22.03.2023**
**NIeT No – WB/PUR/PARA/PRADHAN/06/AGP/2023 (2nd Call)**
**NIeT No – WB/PUR/PARA/PRADHAN/07/AGP/2023 (2nd Call)**
**NIeT No – WB/PUR/PARA/PRADHAN/08/AGP/2023**

Encrypted electronic bids are hereby invited by the Pradhan, Anara Gram Panchayat through a single stage two part e-procurement system (Part I : Techno-commercial Bid, Part II : Financial Bid) using website https://wbtenders.gov.in/. 1. Date and Time of Bid Submission: **from 23/03/2023, 9.00 am to 29/03/2023 4.00 pm.** 2. Date and time of Bid opening : **31/03/2023 at 4.05 pm.** The list of schemes & other details will be available in the office notice board of the undersigned as well as above mentioned website.

**Sd/- Pradhan**
**Anara Gram Panchayat**

**OFFICE OF THE PRODHAN**
**NAYANSUKH GRAM PANCHAYAT**
**P.O- Kuli * Block- Farakka * Dist- Murshidabad * (W.B)**
**Notice Inviting Tender**

Sealed Tender are hereby invited by the Prodhan, Nayansukh Gram Panchayat for the following works:-

| NO | NIT No | Description of NIT | Fund | Application last date |
|---|---|---|---|---|
| 1 | 11/2022-23 | NOTICE INVITTING E-TENDER | 15TH CFC / 2022-23 | 24-03-2023 To 31-03-2023 upto 4 PM |
| 2 | 12/2022-23 | NOTICE INVITTING TENDER | 15TH CFC / 2022-23 | 24-03-2023 To 31-03-2023 upto 4 PM |
| 3 | 13/2022-23 | NOTICE INVITTING TENDER | 15TH CFC / 2022-23 | 24-03-2023 To 31-03-2023 upto 4 PM |
| 4 | 14/2022-23 | NOTICE INVITTING TENDER | 15TH CFC / 2022-23 | 24-03-2023 To 31-03-2023 upto 4 PM |
| 5 | 15/2022-23 | NOTICE INVITTING TENDER | 15TH CFC / 2022-23 | 24-03-2023 To 31-03-2023 upto 4 PM |

For details please visit office of the undersigned on any working days.

**Sd/- Prodhan**
**Nayansukh Gram Panchayat**

**OFFICE OF THE BLOCK DEVELOPMENT OFFICER**
**PURULIA-I PANCHAYAT SAMITY**
**CHAKDA, PURULIA**
**NOTICE INVITING E-TENDER No.**
**WBPUR/EO/NIET-16/22-23, Dated:- 17.03.2023**

For and on behalf of Office of the Block Development Officer, Purulia-I Development Block, Purulia invites E-Tender for total 4(Four)Nos. similar nature of works at different places. Documents download starting **from 22/03/2023 at 11:00 hrs. up to 28/03/2023 up to 17:00 Hrs.** Bid submission starting **from 22/03/2023 11:00 hrs. up to 28/03/2023 at 17:30 Hrs.** and Opening on **31/03/2023 at 11:00 Hrs.** For details please visit website **https://wbtenders.gov.in**

**Sd/- Block Development Officer**
**Purulia-I Panchayat Samity**

**হাওড়া পৌর নিগম**

৪, মহাত্মা গান্ধী রোড, হাওড়া-৭১১১০১

ফোন ঃ ০৩৩ ২৬৩৮ ৩২১১/ ১২/ ১৩ ফ্যাক্স ঃ ০৩৩ ২৬৪১ ০৮৩০, www.hmcgov.in

ইডি/ ১১/ পি ও জি / ২২-২৩ তারিখ ঃ ১৩.০৩.২০২৩

ই-টেন্ডার নোটিস

এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার (পি ও জি), এইচএমসি আহ্বান করছেন ই-টেন্ডার প্রস্তাবিত ফর্মে প্রাইমার ও রঙ করার কাজ দেওয়াল, গ্রিল ও কিছু প্লাস্টার করার কাজ বেলেপুল মোড় থেকে নতুন রাস্তা মোড় জংশন পর্যন্ত প্রতিষ্ঠিত, বিত্তশালী ও বিশ্বস্ত ঠিকাদারদের কাছ থেকে যাদের প্রভূত অভিজ্ঞতা রয়েছে একই ধরণের কাজে । বিস্তারিত আনুসঙ্গিক তথ্যাবলী পাওয়া যাবে ই-টেন্ডার নোটিস ও ইই-২ বিভাগ / https://wbtenders.gov.in থেকে। দরপত্র জমা (অনলাইন) বন্ধের তারিখ ঃ ০৮.০৪.২০২৩ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। এইচএমসি কর্তৃপক্ষের অধিকার সংরক্ষিত রয়েছে গ্রহণ বা বাতিল করতে যে কোন আবেদন কোনরূপ কারন উল্লেখ না করে।

এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার
হাওড়া পৌর নিগম

৩৭২(২)/২২-২৩ ২৪.০৩.২০২৩

**Office of The Block Development Officer**
**Joypur Development Block, Joypur, Purulia**
**Memo No-983/B.D.O./J.D.B, Dated:- 24/03/2023**
**NOTICE INVITING TENDER NO.-**
**NIeT-06(SL-01)(2 nd Call)/22-23/B.D.O/J.D.B**

E-Tenders are invited by the undersigned from the bonafied contractors as indicated in the "Eligibility" column of "List of work" categorically for Construction of Dinning Hall at Palanja Primary School under Joypur Development Block. Period of downloading of bid documents **24/03/2023 to 31/03/2023 up to 12.00 PM.** Period for submission of bid documents **up to 12.00 PM. Of 31/03/2023** & the time & date of opening of Technical bid on **03/04/2023 at 12.00 A.M.** The Financial bid to be notified. For details intending participants may contact to the office of The undersigned or visit website **www.wbtendersd.gov.in in** any working day before the Last date for submission of bid documents.

**Sd/- Block Development Officer**
**Joypur Development Block**

**স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**

শাখা অফিস সাঙ্গানারী গেট, এম আই রোড, জয়পুর, রাজস্থান-৩০২০০৩

**দাবী বিজ্ঞপ্তি**

যেহেতু, উল্লিখিত ঋণগ্রহীতা/ সহ-ঋণ গ্রহীতারা রিলায়েন্স হোম ফাইনান্স লিমিটেড (আরএইচএফএল) থেকে আর্থিক সহায়তা নিয়েছেন নিম্নে উল্লেখিত সম্পাদিত দলিল অনুসারে, আরএইচএফএল আর্থিক সম্পদ এবং অন্যান্য অধিকার স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অনুকূলে হস্তান্তর ও বরাদ্দ করেছে। পরবর্তীকালে, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া অন্তর্নিহিত সিকিউরিটিগুলি প্রয়োগ সহ এই ধরনের সমস্ত কাজ করার জন্য অনুমোদিত। আমরা বলেছি যে আর্থিক সহায়তা নেওয়া সত্ত্বেও, ঋণগ্রহীতা/ বন্ধকদাতাগণ নির্ধারিত তারিখ অনুযায়ী সুদ এবং মূল পরিমাণ পরিশোধে বিভিন্ন খেলাপি করেছেন। রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার নির্দেশিকা অনুসারে, আর্থিক সম্পদের সুরক্ষা এবং পুনর্গঠন এবং সুরক্ষা সুদের প্রয়োগ আইন, ২০০২ (সারফেইশি আইন) এর অধীনে অনুমোদিত অফিসারের ফলস্বরূপ অ্যাকাউন্টটি এখানে উল্লেখিত সংশ্লিষ্ট তারিখগুলিতে নন-পারফর্মিং অ্যাসেট হিসাবে শ্রেণীবদ্ধ করা হয়েছে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর বিধি ৩ এর সাথে পঠিত ধারা ১৩(১২) এর অধীনে প্রদত্ত ক্ষমতা প্রয়োগের জন্য এখানে উল্লেখিত সংশ্লিষ্ট তারিখে ডিমান্ড নোটিস জারি করে, নিম্নলিখিত ঋণগ্রহীতাদের/ বন্ধকদাতাদেরকে উল্লেখ করা অর্থ ফেরত দেওয়ার আহ্বান জানায়। নোটিশ প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে অর্থপ্রদানের তারিখ পর্যন্ত নোটিশে উল্লিখিত পরিমাণ এবং আনুষঙ্গিক খরচ, খরচ, চার্জ ইত্যাদির উপর চুক্তিগত হারে আরও সুদ সহ নোটিশ।

তাদের সর্বশেষ পরিচিত ঠিকানায় জারি করা নোটিশগুলি অ-প্রদেয় হয়ে ফিরে এসেছে এবং তাই তাদের এই বিষয়ে পাবলিক নোটিশের মাধ্যমে জানানো হচ্ছে।

| গ্রাহকের নাম / ঠিকানা | নোটিশ , এনপিএ এবং ডিড সম্পাদন (ডিওএ) তারিখ | ঋণ এবং বকেয়া পরিমান | বন্ধকী সম্পত্তির বিবরণ |
|---|---|---|---|
| ১. রাজকুমার ভূঁইয়া, ২. প্রীতি রক্ষিত ভূঁইয়া, প্রিমিসেস নং. ১৬/ সি, শান্তিনগর মূর অ্যাভিনিউ, কলকাতা, পশ্চিমবঙ্গ- ৭০০০৪০। | নোটিশ তারিখ ঃ ১১ জানুয়ারি ২০২৩ এনপিএ তারিখ ঃ ৫ নভেম্বর ২০২২ ডিওএ ঃ ২৯ ডিসেম্বর ২০১৮ | Loan Account No. RHAHKOL000062848 (PR00750924) ঋণ পরিমান ঃ টাকা. ১৮,০০,০০০ /- বকেয়া পরিমান ঃ টাকা. ১৮,৩৪,৫৯৩ /- (আঠারো লক্ষ চৌত্রিশ হাজার পাঁচশত তিরানব্বই টাকা মাত্র) ০৬ জানুয়ারি ২০২৩ তারিখে | সমস্ত অংশ এবং সামগ্রী স্থাবর সম্পত্তি যার মধ্যে রয়েছে একটি ফ্ল্যাট ২য় ফ্লোরে উত্তর-পূর্ব দিকে বিল্ডিংয়ের যার সুপার বিল্ট এলাকা ৮৬০ ব.ফু. সঙ্গে অবিচ্ছেদ্য মালিকানার অংশ রয়েছে জমিতে যার পরিমাপ ৩ কাঠা, ২ ছটাক এবং ১৯ ব.ফু. অবস্থিত মৌজা শিবপুর, যার জেএল নং. ৪২, ই.পি. নং. ৪৯, এস.পি. নং. ৫০, সি.এস. প্লট নং. ২০৪ (পি), ২০১ (পি), ২০২(পি), প্রিমিসেস নং. ৬৭/২, মানিক বন্দ্যোপাধ্যায় সরণী, কলকাতা-৭০০০৪০ আরও জানা ১০, শান্তিনগর কলোনি, মূর অ্যাভিনিউ, থানা-রিজেন্ট পার্ক, জেলা-দক্ষিণ ২৪ পরগণা, ওয়ার্ড নং. ৯৭, কলকাতা পৌরনিগম অধীনস্থত। |
| ১. অনিল কুমার কেডিয়া ২. অঞ্জনা কেডিয়া রীবন্দ্র নগর কমপ্লেক্স, ব্লক-বি, ৪র্থ ফ্লোর, ৮৮ কলেজ রোড, হাওড়া, পশ্চিমবঙ্গ- ৭১১১০৩। | নোটিশ তারিখ ঃ ১৬ ডিসেম্বর ২০২২ এনপিএ তারিখ ঃ ১১ অক্টোবর ২০২২ ডিওএ ঃ ২৯ ডিসেম্বর ২০১৮ | Loan Account No. RHAHKOL000063831 (PR00750935) ঋণ পরিমান ঃ টাকা. ২০৫০০০০ /- বকেয়া পরিমান ঃ টাকা. ১৭৪৭০৩১ /- (সতেরো লক্ষ সাতচল্লিশ হাজার একত্রিশ টাকা মাত্র) ০৬ জানুয়ারি ২০২৩ তারিখে | সমস্ত অংশ এবং সামগ্রী স্থাবর সম্পত্তি ফ্ল্যাট নং. ৪০৭ পরিমাপ ৮৮৯ ব.ফু. সুপার বিল্ট এলাকা ৪র্থ ফ্লোরে, ব্লক বি বিল্ডিংয়ের যার নাম ''রবীন্দ্রনগর কমপ্লেক্স'' নির্মিত জমির পরিমাপ প্রায় ৯ বিঘা ১০ কাঠা মৌজা শিবপুর, থানা শিবপুর, হাওড়া জেলা, মিউনিসিপাল হোল্ডিং নং. ৮৮, কলেজ রোড, ওয়ার্ড নং. ৩৯, হাওড়া পৌরনিগম অধীনস্থ। |

উল্লিখিত পরিস্থিতিতে, নোটিশটি এতদ্বারা উপরোক্ত ঋণ গ্রহীতাদের, সহ-ঋণ গ্রহীতাদের দেওয়া হল যে, এই নোটিশটি প্রকাশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ভবিষ্যতে সুদ এবং প্রযোজ্য চার্জ সহ উপরে উল্লিখিত বকেয়া পরিশোধ করতে হবে। সারফেইশি আইনের ১৩(৪) ধারা এবং এর অধীনে প্রযোজ্য বিধিগুলির অধীনে ঋণগ্রহীতা এবং বন্ধকদের সুরক্ষিত সম্পদের দখল নেওয়া সহ সুরক্ষিত সম্পদের বিরুদ্ধে এই নোটিশের ৬০ দিনের মেয়াদ শেষ হওয়ার পরে পদক্ষেপ নেওয়া হবে।

দয়া করে মনে রাখবেন যে সারফেইশি আইনের ধারা ১৩ (১৩) এর অধীনে, কোনও ঋণগ্রহীতা, সুরক্ষিত পাওনাদারের পূর্ব লিখিত সম্মতি ব্যতীত, নোটিশে উল্লিখিত কোনও সুরক্ষিত সম্পদ বিক্রয়, ইজারা বা অন্যথায় স্থানান্তর করতে পারবেন না।

তারিখ ঃ ২৫ মার্চ, ২০২৩ স্থান ঃ কলকাতা

স্বা /- অনুমোদিত আধিকারিক
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

# এমসিইউতে প্রবীণ সাংবাদিক ডাঃ বেদপ্রতাপ বৈদিকের স্মরণে শ্রদ্ধা সভা

ভোপাল, ২৪ মার্চ ঃ প্রবীণ সাংবাদিক ডঃ বেদ প্রতাপ বৈদিকের স্মরণে শুক্রবার বিকেল ৫.০৫ মিনিটে মাখনলাল চতুর্বেদী জাতীয় সাংবাদিকতা ও যোগাযোগ বিশ্ববিদ্যালয়ের (এমসিইউ), মহারানা প্রতাপ নগরের বিকাশ ভবন ক্যাম্পাসে একটি শ্রদ্ধা সভা অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কেজি সুরেশ জানান, বিশ্ববিদ্যালয়ের সাধারণ পরিষদের সভাপতি ও মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান শ্রদ্ধা সভাতে অংশ নেবেন। অধ্যাপক সুরেশ বলেন, ডাঃ বৈদিক শুধুমাত্র দেশের একজন বরিষ্ঠ সাংবাদিকই ছিলেন না, তিনি ছিলেন মধ্যপ্রদেশের গর্বও। এবং হিন্দীকে একটি বিশ্বব্যাপী প্ল্যাটফর্ম পৌছে দেওয়ার ক্ষেত্রে তিনি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। প্রসঙ্গত, ডাঃ বৈদিক ১৪ই মার্চ মর্মান্তিকভাবে মারা যান।

# মধ্যপ্রদেশের গোয়ালিয়রে ৪.০ মাত্রার ভূমিকম্প

গোয়ালিয়র (মধ্যপ্রদেশ), ২৪ মার্চ ঃ শুক্রবার সকালে ভূমিকম্পে কেঁপে ওঠে মধ্যপ্রদেশের গোয়ালিয়র। রিখটার স্কেলে কম্পনের মাত্রা ছিল ৪.০। ন্যাশনাল সেন্টার ফর সিসমোলজি (এনসিএস) জানিয়েছে, ভূমিকম্পটি সকাল ১০,৩১ মিনিটে গোয়ালিয়রে আঘাত হানে। এর আগে, এনসিএস আরও জানিয়েছে, রিখটার স্কেলে একটি ভূমিকম্প মণিপুরের মইরাংকে আঘাত করেছে। সকাল ৮টা ৫২ মিনিটে মইরাং-এ ভূমিকম্প হয়। প্রসঙ্গত, মঙ্গলবারের আগে দিল্লি এবং এর আশেপাশের অঞ্চলগুলি সহ উত্তর ভারতের লোকেরা সন্ধ্যায় ভূমিকম্পের কম্পন অনুভব করেছিল এবং অনেক লোক সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে খোলা জায়গায় এসেছিল। কম্পনের পরে, দিল্লি ফায়ার সার্ভিস জামিয়া নগর, কালকাজি এলাকা এবং শাহদারা এলাকার ভবনগুলিতে ফাটল দেখা দেওয়ার বিষয়ে খবর পেয়েছিল। ফায়ার সার্ভিসের টিম পরিস্থিতি খতিয়ে দেখতে ঘটনাস্থলে যায়।

# ত্রিপুরা বিধানসভায় পঞ্চদশ অধ্যক্ষ নির্বাচিত বিশ্ববন্ধু সেন

আগরতলা, ২৪ মার্চ ঃ ত্রিপুরা বিধানসভায় পঞ্চদশ অধ্যক্ষ নির্বাচিত হয়েছেন শাসক জোটের প্রার্থী বিশ্ববন্ধু সেন। তিনি ৩২টি ভোট পেয়েছেন। অন্যদিকে, বিরোধী জোটের প্রার্থী গোপাল চন্দ্র রায় ১৪টি ভোট পেয়েছেন। ভোট গ্রহণ প্রক্রিয়া সমাপ্ত হওয়ার পর প্রোটেম স্পিকার বিশ্ববন্ধু সেনকে বিজয়ী ঘোষণা করেন। তারপর মুখ্যমন্ত্রী এবং বিরোধী দলের সদস্যগণ নবনির্বাচিত অধ্যক্ষকে তাঁর চেয়ারে নিয়ে যান। অধ্যক্ষ পদে দায়িত্ব নিয়ে বিশ্ববন্ধু সেন বিধানসভার সকল সদস্যের প্রতি আন্তরিক ধন্যবাদ ও শ্রদ্ধা জ্ঞাপন করেছেন। পরিষদীয় সভাধ্যক্ষ হিসেবে নিরপেক্ষ দায়িত্ব পালনের অঙ্গিকার নেন। পাশাপাশি তিনি সুশৃঙ্খল এবং শান্তিপূর্ণ সভা পরিচালনায় সকলের সহযোগিতা চেয়েছেন। এদিন মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা নবনির্বাচিত অধ্যক্ষকে ট্রেজারি বেঞ্চের তরফে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। সাথে তিনি বিধানসভার সকল সদস্যদেরও ধন্যবাদ জানিয়েছেন। তিনি বলেন, পরিষদীয় গণতন্ত্রের শিক্ষা ও জ্ঞান সম্পন্ন ব্যক্তি অধ্যক্ষ পদে দায়িত্ব পেয়েছেন। সাথে তিনি যোগ করেন, বিধানসভা অধিবেশন সঠিকভাবে পরিচালনায় সকলের দায়বদ্ধতা রয়েছে। রাজ্যের স্বার্থে তিনি বিরোধীদের পরামর্শ ও প্রস্তাব চেয়েছেন। এদিন সিপিএম পরিষদীয় নেতা জিতেন্দ্র চৌধুরীও নবনির্বাচিত অধ্যক্ষকে শুভেচ্ছা জানিয়েছেন। তিনি আশা প্রকাশ করে বলেন, বিধানসভায় ৪০ লক্ষ মানুষের স্বার্থ রক্ষায় সকলেই ভূমিকা নেবেন। ত্রিপুরায় বিধানসভায় শুক্রবার অধ্যক্ষ নির্বাচন প্রক্রিয়া শুরু হয়েছে। বিধানসভায় বসার ব্যবস্থা নিয়ে অসন্তোষ প্রকাশ করে শুরুতেই ভোট বয়কট করে বেরিয়ে গেছেন তিপরা মথার বিধায়কগণ। ফলে, বিজেপি জোটের প্রার্থী বিশ্ববন্ধু সেনের অধ্যক্ষ পদে জয়ী হওয়া নিশ্চিত বলেই ধরে নেওয়া হয়। কারণ, সিপিএম, কংগ্রেস এবং তিপরা মথা একজোট হয়ে অধ্যক্ষ পদে বিরোধী প্রার্থী দিয়েছিল। কিন্তু এখন বিরোধী জোটের প্রার্থী ১৩ জন বিধায়কের ভোট পাবেন না। তাছাড়া, বিজেপি জোট বিধানসভায় সংখ্যাগরিষ্ঠ। স্বাভাবিকভাবেই, নির্বাচনে জয়ী হওয়া বিরোধী প্রার্থীর পক্ষে কোনভাবেই সম্ভব নয়।

# সমুদ্রতলে পরমাণু তেজস্ক্রিয়তা সম্পন্ন সুনামি তোলা ড্রোনের পরীক্ষা চালাল উত্তর কোরিয়া

পেয়ঙ্গন, ২৪ মার্চ ঃ সমুদ্রের নীচে এমন একটি পরমাণু ড্রোনের পরীক্ষা চালিয়েছে উত্তর কোরিয়া। যা কিনা জলে তেজস্ক্রিয় সুনামি তৈরি করতে পারে। শুক্রবার এমটাই দাবি করেছে উত্তর কোরিয়া। তারা দাবি করেছে, মার্কিন যুক্তরাষ্ট্র এবং দক্ষিণ কোরিয়ার যৌথ সামরিক মহড়া চলাকালীন উত্তর কোরিয়া বেশ কয়েকটি ক্ষেপণাস্ত্র পরীক্ষা করেছে। এই মহড়াকে উত্তর কোরিয়া আঞ্চলিক নিরাপত্তার ক্ষেত্রে প্রবল ঝুঁকি বলে বারবার ব্যাখ্যা করেছে। কিন্তু, তাদের দাবি অনুযায়ী, এবার তারা সমুদ্রতলে পরমাণু তেজস্ক্রিয়তা সম্পন্ন সুনামি তোলা ড্রোনের পরীক্ষা চালাল। যদিও বিশেষজ্ঞ মহল উত্তরের এই দাবি নিয়ে সন্দেহ প্রকাশ করেছে। এই পরমাণু অস্ত্রটি যে কোনও উপকূলে, বন্দরে অথবা নোঙর করা জাহাজে স্থাপন করে রাখা যেতে পারে। এটি নিক্ষেপ করলে মুহূর্তের মধ্যে তা সমুদ্রের তলায় গিয়ে মারণ ভূমিকা নেবে। কিছুক্ষণের মধ্যেই সেই সাগরে সুনামির মতো ঢেউ সৃষ্টি হবে। যাকে উত্তর কোরিয়া সুপার স্কেল তেজস্ক্রিয় সুনামি বলে আখ্যা দিয়েছে। এই সুনামির ফলে সাগরের উপরে থাকা জাহাজ কিংবা নীচে থাকা ডুবোজাহাজ নষ্ট হবে। অথবা বন্দরে দাঁড়িয়ে থাকা যুদ্ধজাহাজ ডুবে যাবে। এমনকী উপকূলীয় নৌবন্দর পুরোপুরি ধ্বংস করার ক্ষমতা রয়েছে পারমাণবিক শক্তিসম্পন্ন এই অস্ত্রের।

# সব গান্ধী পদবিধারীদের দোষী বলা যায় না রাহুলকে আক্রমণ রিজিজুর

নয়াদিল্লি, ২৪ মার্চ ঃ মোদী পদবি বিতর্কে সরব হলেন কেন্দ্রীয় আইনমন্ত্রী কিরেণ রিজিজ । ২০১৯ সালে লোকসভা নির্বাচনের আগে প্রচারে মোদী পদবি নিয়ে মন্তব্য করেন রাহুল গান্ধী। তাঁর জেরে মানহানির মামলা দায়ের করেন গুজরাতের বিজেপি বিধায়ক তথা প্রাক্তন মন্ত্রী। এই মামলায় বৃহস্পতিবার দু'বছরের জেল হয়েছে রাহুলের। এই ঘটনাকে ঘিরেই সরগরম জাতীয় রাজনীতি। শুক্রবার আইনমন্ত্রী রাহুল গান্ধীকে কটাক্ষ করে বলেন, কংগ্রেস নেতা ভারতীয় গণতন্ত্র, সেনাবাহিনী এবং দেশের প্রতিষ্ঠানগুলিকে অপমান করেছেন। তবে শুধুমাত্র সেই কারণে সব গান্ধী পদবিধারীদের দোষী বলা যায় না। প্রসঙ্গত, ২০১৯ সালের ১৩ এপ্রিল লোকসভা নির্বাচনী প্রচারে কর্নাটকের কোলারে একটি জনসভায় তিনি বলেন, সব চোরেদের একই পদবি মোদী হয় কী করে? তিনি এই মন্তব্যে পলাতক ব্যবসায়ী নীরব মোদী, ললিত মোদীর নাম উল্লেখ করেছিলেন। কিন্তু এ থেকেই বিতর্কের সূত্রপাত হয় । পরে মানহানির মামলাও দায়ের হয়। গতকাল তার রায়ে রাহুলকে দোষী সাব্যস্ত করে এবং দু'বছরের কারাদণ্ডের সাজা দেয় সুরাতের জেলা আদালত । যদিও পরে তিনি জামিন পেয়ে যান। তাঁর এই গ্রেফতারির বিরুদ্ধে সরব হয়েছে আপ সহ বিরোধী দলগুলি। তারা শাসকদলের বিরুদ্ধে ষড়যন্ত্রের অভিযোগ তোলে। এরপর শুক্রবার সকালে কিরণ রিজিজু টুইট করে এই মন্তব্যটি করেন। এর পাশাপাশি তিনি সমগ্র মোদী সম্প্রদায়ের প্রসঙ্গ টেনে এনে লেখেন, পুরো ওবিসি সম্প্রদায়ের জন্য রাহুল গান্ধীর মন্তব্য অসম্মানজক এবং লজ্জার। দুর্ভাগ্যজনক যে, এই কংগ্রেস নেতারা তাঁকে সমর্থন করার চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

# ভারত সফরে এসে করোনা আক্রান্ত হলেন অজয় বাঙ্গা

নয়াদিল্লি, ২৪ মার্চ ঃ বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট পদে মনোনীত প্রার্থী অজয় বাঙ্গা দুই দিনের সফরে ভারতে এসেছেন। শুক্রবার তাঁর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং অর্থমন্ত্রী নির্মলা সীতারমন সহ অন্যান্য নেতাদের সাথে দেখা করার কথা ছিল। কিন্তু তার আগেই নয়াদিল্লিতে রুটিন চেক আপের সময় তাঁর শরীরে মিলল করোনার সংক্রমণ। এরপর তাকে আপাতত আইসোলেশনে রাখা হয়েছে। মার্কিন ট্রেজারি ডিপার্টমেন্ট জানিয়েছে, রুটিন টেস্টের সময় অজয় বাঙ্গার করোনা পজিটিভ পাওয়া গেছে। তাঁকে আইসোলেশনে রাখা হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, অর্থমন্ত্রী নির্মলা সীতারমন এবং কেন্দ্রীয় বিদেশমন্ত্রী এস. জয়শঙ্করের সঙ্গে বাঙ্গার দেখা করার কর্মসূচি আগেই ঠিক করা ছিল। এদিন ভারতীয় বংশোদ্ভূত বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট প্রার্থী অজয় বাঙ্গার ভারত সফরের শেষ দিন।

# ইতালিতে অনুপ্রবেশের সময় ট্রাক থেকে উদ্ধার ২৩ বাংলাদেশি

রোমানিয়া, ২৪ মার্চ ঃ অবৈধভাবে ইতালিরতে অনুপ্রবেশের সময় রোমানিয়া সীমান্ত থেকে ২৩ বাংলাদেশিকে আটক করা হয়েছে। স্থানীয় সংবাদমাধ্যম স্টাইরিপিসার্স এ তথ্য জানিয়েছে। জানা গেছে, পশ্চিম টার্নু বর্ডার ক্রসিং পয়েন্টে ট্রাকটি আসলে সেখানে তল্লাশি চালানো হয়। গাড়ির চালক জানিয়েছে, সে রোমানিয়া-ইতালি রুটে তোশক নিয়ে যাচ্ছিল। আরাদ সীমান্ত পুলিশ বলেছে, তল্লাশি চালানোর সময়, আমাদের সহকর্মীরা নিশ্চিত করেছেন যে, উদ্ধার হওয়া ব্যক্তিরা বাংলাদেশের নাগরিক। তাদের বয়স ২৫ থেকে ৫০ বছরের মধ্যে। ব্যক্তিগত নথির ভিত্তিতে জানা গেছে, তারা আইনানুগ উপায়ে রোমানিয়াতে প্রবেশ করেছিলেন। সীমান্ত পুলিশ জানিয়েছে, ট্রাক চালককে গ্রেফতার করা হয়েছে। তাকে অভিবাসী চোরাচালান ও ট্রাকে লুকিয়ে থাকা বিদেশি নাগরিকদের সঙ্গে প্রতারণার মাধ্যমে রাজ্যের সীমান্ত অতিক্রম করার চেষ্টার অভিযোগ আনা হয়েছে।

# ফিরোজপুরে সড়ক দুর্ঘটনায় তিন শিক্ষক ও চালকের মৃত্যু হয়েছে

চণ্ডীগড়, ২৪ মার্চ ঃ শুক্রবার সকালে পাঞ্জাবের ফিরোজপুরের খাইফেম গ্রামের কাছে সড়ক দুর্ঘটনায় চালক ও তিন শিক্ষক ঘটনাস্থলেই নিহত হয়েছে। এই শিক্ষকরা একটি গাড়িতে করে ফিরোজপুর থেকে তারান জেলার স্কুলে যাচ্ছিলেন। সাত থেকে আটজন শিক্ষক ছিলেন বলে জানা গেছে। ফিরোজপুর ফাজিলকা সড়কের খাই ফেমের কাছে দ্রুতগতিতে আসা একটি টেম্পোর সাথে তাদের গাড়ির সংঘর্ষ হয়। দুর্ঘটনায় তিন শিক্ষক ও চালক নিহত হয়েছেন, বাকি শিক্ষকরা গুরুতর আহত হয়েছেন। পথচারী ও আশেপাশের লোকজন আহত শিক্ষকদের উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে। এই বিষয়ে বাহরাম থানার অফিসার বচন সিং জানান, খাদের কাছে ভয়াবহ সড়ক দুর্ঘটনা ঘটেছে। পুলিশ তদন্ত শুরু করেছে।

# করিমগঞ্জে সীমান্ত বাণিজ্য সচেতনতা ও ঔদ্যোগিক ইকোসিস্টেম প্রশিক্ষণ

করিমগঞ্জ (অসম), ২৪ মার্চ ঃ রাজ্যের শিল্প ও বাণিজ্য বিভাগের আযুক্তের নির্দেশে আগামী ২৮ মার্চ, মঙ্গলবার করিমগঞ্জে সীমান্ত বাণিজ্য সচেতনতা ও ঔদ্যোগিক ইকোসিস্টেমের ওপর এক প্রশিক্ষণ তথা কর্মশালা অনুষ্ঠিত হচ্ছে। করিমগঞ্জের জেলা শিল্প ও বাণিজ্য কেন্দ্র এবং সীমান্ত চেতনা মঞ্চ পূর্বোত্তরের যৌথ উদ্যোগে মঙ্গলবার সকাল সাড়ে দশটায় করিমগঞ্জের সেটেলমেন্ট রোডস্থিত জনস্বাস্থ্য কারিগরি বিভাগের সম্মেলন কক্ষে এই প্রশিক্ষণ সহ সচেতনতা কর্মশালা অনুষ্ঠিত হবে। এতে শিল্পদ্যোগীদের বিভিন্ন সরকারি প্রকল্প ও প্রোগ্রাম সম্পর্কে প্রয়োজনীয় প্রশিক্ষণ দেওয়া হবে। পাশাপাশি, সরকারিভাবে প্রদান করা বিভিন্ন সেবার অধীনে নতুন শিল্পোদ্যোগ স্থাপন, ব্যবসার পদ্ধতি, অর্থের ব্যবস্থা এবং ব্যবসায়িক সহায়তা সম্পর্কে প্রশিক্ষণে আলোকপাত করা হবে। এতে ছোট বড় শিল্পোদ্যোগ স্থাপনে পরামর্শ প্রদান করা হবে। এছাড়া স্থানীয়ভাবে উৎপাদিত বিভিন্ন সামগ্রীর রপ্তানির ব্যবস্থা নিয়েও আলোচনা করা হবে। মঙ্গলবার অনুষ্ঠিত এই প্রশিক্ষণ তথা কর্মশালায় জেলার উৎসাহিত যুব প্রজন্মের শিল্পোদ্যোগ স্থাপনে ইচ্ছুকদের ও সংশ্লিষ্ট অন্যান্যদের উপস্থিত থাকতে আয়োজকদের পক্ষ থেকে অনুরোধ জানানো হয়েছে।

# হাওড়া অর্থোপেডিক হাসপাতাল দ্বারা পালিত বিশ্ব টিবি দিবস

২৪ মার্চ ঃ বিশ্ব যক্ষ্মা দিবস প্রতি বছর ২৪ মার্চ টিবি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং বিশ্বব্যাপী মহামারী শেষ করার প্রচেষ্টার জন্য পালন করা হয়। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) টিবি মহামারী মোকাবেলায় আশা জাগানো এবং উচ্চস্তরের নেতৃত্ব, বিনিয়োগ বৃদ্ধি, দ্রুত নতুন সুপারিশ গ্রহণ, উদ্ভাবন গ্রহণ, ত্বরান্বিত পদক্ষেপ এবং মাল্টিসেক্টরাল সহযোগিতাকে উৎসাহিত করা। ডাব্লুএইচও সদস্য রাষ্ট্রগুলিকে ওষুধপ্রতিরোধী টিবির জন্য প্রস্তাবিত সংক্ষিপ্ত সর্বমৌখিক চিকিৎসা পদ্ধতির রোলআউটকে ত্বরান্বিত করার আহ্বান জানিয়ে অংশীদারদের সাথে অ্যাকশনের আহ্বানও জারি করবে। ২০২১ সালে ১০.৬ মিলিয়ন মানুষ টিবিতে অসুস্থ হয়েছিল এবং ২০২১ সালে ১.৬ মিলিয়ন মানুষ টিবিতে মারা গিয়েছিল। কিন্তু ২০০০ সাল থেকে টিবি শেষ করার জন্য বিশ্বব্যাপী প্রচেষ্টার মাধ্যমে ৭৪ মিলিয়ন জীবন বাঁচানো হয়েছে। ডাঃ আশিস কুমার ভট্টাচার্য, অতিরিক্ত চিফ মেডিকেল সুপারিনটেনডেন্ট হাওড়া যক্ষ্মা রোগের বিভিন্ন দিক এবং এর প্রতিরোধ ও চিকিৎসা সম্পর্কে বিশদভাবে আলোচনা করেছেন। ডাঃ সুখেন গড়াই, সহকারী বিভাগীয় মেডিকেল অফিসারজিঅ্যান্ডও মহিলাদের যক্ষ্মা সম্পর্কে আলোচনা করেন। ডাঃ দেবযানী মুখার্জি, অতিরিক্ত চিফ মেডিকেল সুপারিনটেনডেন্ট হাওড়া চোখের যক্ষ্মা সম্পর্কে কথা বলেছেন এবং প্রাথমিক রোগ নির্ণয় এবং চিকিৎসার গুরুত্বের উপর জোর দিয়েছেন। শিশু বিশেষজ্ঞ ডাঃ চৈতালী পাত্র শিশুদের যক্ষ্মা রোগ নির্ণয় ও চিকিৎসা সম্পর্কে বক্তব্য রাখেন। ডাঃ ভেঙ্কটেশ্বর পাণ্ডে, অতিরিক্ত চিফ মেডিক্যাল সুপারিনটেনডেন্ট স্বাস্থ্য ও পরিবার কল্যাণ হাওড়া) সমাজের বিভিন্ন অংশের ভূমিকা সম্পর্কে কথা বলেছেন যাতে আমরা বিশ্ব টিবি দিবস ২০২৩-এর থিমের প্রতি সুবিচার করতে পারি-হ্যাঁ! আমরা টিবি শেষ করতে পারি।

# উত্তরপূর্ব চলমান ১২ তম বৈঠকের ২ দিন

গোরখপুর ২৪ মার্চ ঃ উত্তর পূর্ব রেলওয়ের জেনারেল ম্যানেজার শ্রী চন্দ্র বীর রমনের সভাপতিত্বে NE রেলওয়ে মজদুর ইউনিয়ন-এর সাথে স্থায়ী আলোচনার প্রক্রিয়া-এর চলমান দুই দিনের ১২ তম বৈঠকের দ্বিতীয় দিনে ২৪ শে মার্চ, ২০২৩, অতিরিক্ত মহাব্যবস্থাপক শ্রী অনিল কুমার মিশ্র, বিভাগীয় প্রধান, সিনিয়র রেল অফিসার, নারমুর সভাপতি শ্রী বসন্ত লাল চতুর্বেদী, সাধারণ সম্পাদক শ্রী কে এল গুপ্ত, সহসভাপতি মুনিলাল গুপ্ত এবং তিনটির কর্মকর্তা বিভাগ উপস্থিত ছিলেন।

# রোগীদের আর্থিক সহায়তা প্রদান

করিমগঞ্জ (অসম) ২৪ মার্চ ঃ অ্যাকুইট এনকেফেলাইটিস সিনড্রোম এবং জাপানিজ এনকেফেলাইটিস রোগীদের আর্থিক সহায়তা প্রকল্পের অংশ হিসাবে, যারা ব্যক্তিগতভাবে চিকিৎসা করিয়েছেন তার মধ্যে করিমগঞ্জের স্বাস্থ্য বিভাগ থেকে অনিতা নাথকে ৩৩১০৯ টাকার অনুমোদন পত্র প্রদান করা হয়েছে। শনিবার, স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক ডা. রাজীব কুমার বরুয়া, কৃষ্ণপুরের পয়াত নরেশ নাথের স্ত্রী অনিতা নাথকে সহায়তার অনুমোদন পত্র তুলে দেন। এতে মুখ্য চিকিৎসা ও স্বাস্থ্য আধিকারিক (সিডি) ডা. রঞ্জিত বৈদ্য, ডিস্ট্রিক্ট অ্যাকাউন্টস ম্যানেজার শংকরলাল দে, ডিএমই সুমন চৌধুরী, এনসিভিবিডিসি ডিস্ট্রিক্ট কনসালটেন্ট দেবজিৎ দে প্রমুখ উপস্থিত ছিলেন।

# ট্রেনে পোষা কুকুর বহন করার নিয়ম এবং বুকিং করার পদ্ধতি

২৪ মার্চ ঃ ভারতীয় রেলওয়ে পশুদের পরিবহনের দায়িত্ব নেয় যেমন হাতি, ঘোড়া, খচ্চর, ভেড়া, ছাগল, কুকুর এবং অন্যান্য প্রাণী ও পাখি। যখন পোষা কুকুরের পরিবহনের কথা আসে, তখন ট্রেনকে সর্বদা পরিবহনের পছন্দের মোড হিসাবে বিবেচনা করা হয়। রেলওয়ে পোষা কুকুরের জন্য নিরাপদ এবং সাশ্রয়ী মূল্যের পরিবহন সরবরাহ করে। যাত্রীদের কাছে প্রথম এসি বাসস্থানে এটি তাদের সাথে বহন করার বিকল্প রয়েছে বা এটি ট্রেনের ট্রেন ম্যানেজার (গার্ড) এর তত্ত্বাবধানে লাগেজকামব্রেক ভ্যানে লাগেজ হিসাবে বুক করা যেতে পারে।ট্রেনে পোষা কুকুরটিকে বহন করতে ইচ্ছুক যাত্রীপোষ্য মালিক রেলওয়ের দ্বারা নির্ধারিত নিয়মগুলি অনুসরণ করবেন বলে আশা করা হচ্ছে।

# ৭০০০ সিরিজের ল্যাপটপগুলির প্রবর্তন

২৪ মার্চ ঃ এসুস আজ এএমডি রাইজেন ৭০০০ সিরিজের ল্যাপটপগুলির প্রবর্তনের সাথে ভারতে তার কনসিউমার নোটবুকের রেঞ্জ সম্প্রসারণের ঘোষণা করেছে। ল্যাপটপের নতুন রেঞ্জ বিশেষভাবে তরুণ পেশাজীবী, উদ্যোক্তা এবং লাইফস্টাইল উৎসাহীদের জন্য ডিজাইন করা হয়েছে, যার মধ্যে রয়েছে ভিভোবুক সিরিজ এবং ফ্ল্যাগশিপ জেনবুক ১৪ ওএলইডি এবং সর্বশেষ ভিভোবুক গো রেঞ্জ। নতুন জেনবুক ১৪ ওএলইডির দাম ৮৯,৯৯০ টাকা, ভিভোবুক গো ১৪'র দাম ৪২,৯৯০ টাকা, ভিভোবুক গো ১৫ ওএলইডির দাম ৫০,৯৯০ টাকা এবং ভিভোবুক ১৫ক্স ওএলইডির দাম ৬৬,৯৯০ টাকা। এসুস ভিভোবুক ১৪১৫ ওএলইডি এবং ভিভোবুক ১৬ মডেলের সাথে ভিভোবুক ক্লাসিক রেঞ্জও চালু করেছে, যার দাম ৫৫,৯৯০ টাকা থেকে শুরু হচ্ছে।

# মেট্রোতে টিকিট সিস্টেমের বিপ্লব

২৪ মার্চ ঃ কলকাতা মেট্রো, ভারতের প্রথম মেট্রো, বর্তমানে তিনটি করিডোর চালু আছে যেমন ব্লু লাইন, গ্রীন লাইন এবং পার্পল লাইন। কবি সুভাষ থেকে হেমন্ত মুখোপাধ্যায় স্টেশন (অরেঞ্জ লাইন) পর্যন্ত আরেকটি করিডোর শীঘ্রই বাণিজ্যিক পরিষেবার জন্য খুলে দেওয়া হবে। অন্যান্য মেট্রো রুটও শীঘ্রই চালু হবে। উত্তরদক্ষিণ মেট্রো (নীল লাইন) ২৪ অক্টোবর, ১৯৮৪ সালে উদ্বোধন করা হয়েছিল। প্রথম দিনে, কাগজে মুদ্রিত প্রিন্টেড কার্ড টিকিট (পিসিটি) যাত্রীদের হাতে ইস্যু করা হয়েছিল। এই টিকিট ব্যবস্থা কলকাতা মেট্রোতে ১৯৮৪ থেকে ১৯৯৬ পর্যন্ত ১২ বছর অব্যাহত ছিল। এই পিসিটি গুলি অন্যান্য রেলওয়ের শহরতলির লাইনগুলিতে ব্যবহৃত টিকিটের সাথে বেশ মিল ছিল। সময়ের সাথে সাথে মেট্রো রেলওয়ে আধুনিক প্রযুক্তি গ্রহণ করেছে এবং সমস্ত মেট্রো স্টেশনে টার্নস্টাইল গেট স্থাপন করা হয়েছে। এই গেটগুলির ইনস্টলেশন ১৯৯০ সালে শুরু হয় এবং ১৯৯৬ সালে সম্পূর্ণরূপে চালু হয়। মে, ১৯৯৬ থেকে ম্যাগনেটিক স্ট্রিপ টিকিট কলকাতা মেট্রোতে চালু হয়। এই ম্যাগনেটিক স্ট্রিপ টিকিটগুলি সেই সময়ে অত্যন্ত উন্নত ছিল এবং প্রিন্টেড কার্ড টিকিটগুলি প্রতিস্থাপন করেছিল। ম্যাগনেটিক স্ট্রিপ টিকিট (এমএসটি) এবং টার্নস্টাইল গেটস তৈরি করেছে একটি ফরাসি কোম্পানি ড্যাসল্ট। এই অটোমেশন মেট্রোতে ক্রমবর্ধমান ফুটফলকে দক্ষতার সাথে পরিচালনা করতে সাহায্য করেছে। এই টিকিট ব্যবস্থা ১৯৯৬ থেকে ২০১১ সাল পর্যন্ত ১৫ বছর ধরে কার্যকর ছিল। ২০১১ সালে, প্রযুক্তি দ্রুত পরিবর্তিত হওয়ায়, মেট্রো রেলওয়ের টিকিটিং ব্যবস্থাকে আপগ্রেড করার প্রয়োজনীয়তা অনুভব করা হয়েছিল। ২০১১ সালে মেট্রো রেলওয়ের বিভিন্ন স্টেশনে স্বয়ংক্রিয় ভাড়া সংগ্রহ এবং যাত্রী নিয়ন্ত্রণ গেট স্থাপন শুরু হয়। এই স্বয়ংক্রিয় ভাড়া সংগ্রহ এবং যাত্রী নিয়ন্ত্রণ গেটগুলি ২০১১ সালে সমস্ত স্টেশনে ইনস্টল করা হয়েছিল এবং জুলাই, ২০১১ থেকে এই গেটগুলি সম্পূর্ণরূপে চালু করা হয়েছিল। জুলাই, ২০১১ থেকে যাত্রীরা স্মার্ট কার্ড বা স্মার্ট টোকেন ক্রয় করে মেট্রোতে ভ্রমণ শুরু করে। এই নতুন AFC-PC গেটগুলি চালু হওয়ার পর জুলাই, ২০১১ থেকে কলকাতা মেট্রোতে ম্যাগনেটিক স্ট্রিপ টিকিট অপ্রচলিত হয়ে পড়ে। শুধুমাত্র স্মার্ট টোকেন এবং স্মার্ট কার্ডধারীদের মেট্রোতে ভ্রমণের অনুমতি দেওয়া হয়েছিল। টিকিট ব্যবস্থায় এই দৃষ্টান্ত পরিবর্তন মেট্রো যাত্রীদের খুব খুশি করেছে। যেহেতু ইন্টারনেট সর্বব্যাপী হয়ে উঠেছে এবং আমাদের কাজকে সহজ করতে শুরু করেছে, তাই আমাদের যাত্রীদের সুবিধার জন্য এই প্রযুক্তিটি গ্রহণ করা প্রয়োজন বলে মনে হয়েছে। মেট্রো যাত্রীদের জন্য ৩০.০৬.২০২০ তারিখে স্মার্ট কার্ডের একটি অনলাইন রিচার্জ সুবিধা চালু করেছে।


**Name Change**

I, MOHAMMED HASIM (old name) S/o GAJIRUDDIN SEKH resident of I/150, Baishnabghata patuli Township, Po, Panchasayar, Ps, Patuli, Kolkata- 700094 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) HASIM SEKH, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 23/03/2023. MOHAMMED HASIM and HASIM SEKH both are same and one identical person.

**Name Change**

I, MOHIUDDIN MOLLA alias MD MOHIUDDIN MOLLA (old name) S/o ATA HOSEN MOLLA resident of Vill-Majherhat, PO-Uttar Kashipur, PS-Kashipur, Dist-(S) 24 Pgs, Pin-700135 WEST BENGAL, India I have changed my name to (shall henceforth be known as) MD MAHIUDDIN MOLLA, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 23/03/2023. MOHIUDDIN MOLLA, MD MOHIUDDIN MOLLA and MD MAHIUDDIN MOLLA both are same and one identical person.


## গেরস্থালি

# আসবাবে সংসার গুছিয়ে নিতে কম বাজেটে কোথায় কি দেখে নিন

নতুন সংসার গোছাতে সকলেই চান। তাই না। এর মানে হল নিত্যনতুন জিনিস দিয়ে ঘর সাজানো। তাবে কেউ কেউ পুরানো জিনিস দিয়ে বা কেউ কেউ নতুন জিনিস দিয়ে ঘর সাজোতে পছন্দ করেন। কে না জানে ঘর গুছিয়ে তোলার জন্য সবচেয়ে আগে দরকার আসবাবপত্র। আসবাব যেমন প্রয়োজনীয় বিষয়, তেমনই তার সঙ্গে জড়িয়ে থাকে অন্দরসজ্জাও। তাই আসবাব কেনার আগে বেশ কয়েকটি বিষয় মাথায় রাখা জরুরি। কম বাজেটেও এখন ছোটখাটো, স্টাইলিশ আসবাব পাওয়া যায়। শুধু ভালভাবে দেখেশুনে কেনার পালা। আপনার নতুন বাড়ি সাজানোর জন্য রইল কয়েকটি গুরুত্বপূর্ণ টিপস। প্রথমত, আসবাব কেনার ক্ষেত্রে আগে ঘরের আকার আয়তন ভালভাবে দেখে নিন। ফ্ল্যাট হলে একরকম আসবাব, আবার বাড়িতে লাগবে মানানসই ফার্নিচার। আবার ভাড়াবাড়ি হলে সেখানে দ্রুত, সহজে অদলবদল করা যায়, তেমন আসবাব কিনলেই ভাল। একটি খাট, আলমারি, ড্রেসিং টেবিল, আলনা বাড়িতে থাকা আবশ্যক। এছাড়া ডাইনিং টেবিল, টিভি ক্যাবিনেট, র‍্যাকও দরকার। তবে মনে রাখতে হবে, এসব জিনিস চিরকালীন নয়। একটা সময় পর বদলাতেই হবে। তা মাথায় রেখে কিনুন। শোয়ার ঘর ছোট হলে বক্সখাট কেনা সবচেয়ে বুদ্ধিমানের। তাহলে খাটের ভিতরের বাক্সে অনেক কিছু রাখা যাবে। তার পাশে লম্বাটে ড্রেসিং টেবিল। ঘরের অন্যদিকে আলমারি। ব্যস, ছিমছাম ভাবে শোয়ার ঘর সাজানোর কাজ শেষ। আলমারি কিনুন ঘরের জায়গা অনুযায়ী। কাঠের ভারী আলমারি ছাড়াও কিনতে পারেন হালকা স্টিল কিংবা ফাইবারের আলমারি। শুধু দেখে নিতে হবে পর্যাপ্ত তাক এবং লকার রয়েছে কিনা। তা কতটা সুরক্ষিত, সেটাও অবশ্যই দেখবেন আলমারি কেনার সময়। এ ধরনের আলমারি কিংবা ড্রেসিং টেবিলের দাম খুব বেশি হয় না। বসার ঘরে বড় সোফাসেট, টিভি ক্যাবিনেট রাখলে সবচেয়ে সুন্দর লাগে। তবে জায়গা কম হলে বড সোফাসেটের বদলে রাখুন সেন্টার টেবিল আর সুন্দর ডিজাইনের হালকা কয়েকটি চেয়ার। দেওয়ালে টিভির তাক কিংবা শোকেস সেট করে নিলে জায়গা বাঁচে অনেকটা। তাতে খরচও কমবে আর এক জায়গা থেকে অন্যত্র নিয়ে যাওয়াও সহজ হবে। চেষ্টা করবেন প্রতি আসবাবের রং পৃথক রাখতে। একটি ঘরে তা বৈচিত্র্য আনে। কাঠ ছাড়াও আজকাল বোর্ড, স্টিল, অ্যালুমিনিয়াম আর প্লাস্টিকের তৈরি আসবাব পাওয়া যায়। সেগুলি হালকা, ছোট ঘরে মানিয়েও যায় বেশ। আর দামও তুলনামূলকভাবে কম। কেনার আগে বেশ কয়েকটি দোকানে রেইকি করে নিতে ভুলবেন না। এতে আপনার ধারণাও স্পষ্ট হবে, চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার আগে বাজেটটাও একবার আরেকবার ঝালিয়ে নিতে পারবেন।

### ঘরের বাতাস বিশুদ্ধ থাকবে ৫টি উপায়ে

আবহাওয়া শুকনো থাকার কারণে বছরের এ সময়ে ধুলার প্রকোপ বাড়ে। বাতাসের এ দূষণ দরজা জানালা গলে আমাদের ঘরেও ঢুকে পড়ে। যার কারণে সর্দি, কাশি ও অ্যালার্জিতে ভোগেন অনেকে। প্রাকৃতিক কিছু নিয়ম এবং একটু সাবধানতা অবলম্বন করলে বাড়ির ভেতরের বাতাসের ধুলা ও দূষণ আমরা অনেকটাই নিয়ন্ত্রণে রাখতে পারি। সেগুলো কি কি পদ্ধতিতে হবে তা জেনে নিই।

বায়ু বিশুদ্ধকরণ তেল- ডিফিউসারের মাধ্যমে দারুচিনি, ওরেগানো, রোজমেরি, থাইম, বাতাবি লেবু, লবঙ্গ ইত্যাদি তেল ব্যবহার করতে পারেন। এগুলো ঘরকে ছত্রাকমুক্ত রাখবে। ইউক্যালিপটাস ও পুদিনাগাছ ঘরের মশামাছি দূর করে বাতাসে সতেজ সুবাস ছড়াবে। বাইরের জুতা নিয়ে ঘরে ঢুকলে ছত্রাকের বীজ, ধুলা, রেণু, বিষাক্ত উপাদান এবং মাইট (অ্যালার্জি সৃষ্টির জীবাণু) আপনার ঘরে প্রবেশ করতে পারে। জুতা খুলে ঘরে ঢুকুন। প্রতিদিনের কাপড় প্রতিদিন ধুয়ে ফেলতে হবে। প্রতিদিন হালকা ভেজা কাপড় দিয়ে ঘরের আসবাব মুছে নিলে ধুলাবালু কম থাকবে। ঘরের ভেতরের বাতাস থেকে ধুলা ও অ্যালার্জির উপাদান দূর করার জন্য এয়ার পিউরিফায়ার ব্যবহার করতে পারেন।

গাছ- ঘরের মধ্যে জমে থাকা ভ্যাপসা ভাব, দুর্গন্ধ, আসবাবপত্র ও বিষাক্ত বায়বীয় পদার্থ শোষণ করার ক্ষমতা রাখে কিছু গাছ, যার মধ্যে অন্যতম পিস লিলি। এ ছাড়া লেডি পাম, গোল্ডেন পোথোস, বাটারফ্লাই পাম, আরিকা পাম, ঘৃতকুমারী, ব্যাম্বু পাম, মাদার ইন লস টাং, বোস্টন ফার্ন, ডেভিলস আইভি, আইভি ইত্যাদি গাছ লাগানো যেতে পারে। এগুলো আপনার ঘরের বায়ু বিশুদ্ধ রাখার ক্ষেত্রে ভূমিকা রাখবে।

সাধারণ মোমবাতির ব্যবহার না করে বিওয়াক্স মোমবাতি ব্যবহার করতে হবে। জ্বালালে এটি থেকে একধরনের সুগন্ধ নির্গত হয়। ধূলিকণা থেকে যে অ্যালার্জি হয়, সেটা দূর করতে সহায়তা করে। এ ছাড়া ঘরের বদ্ধ গন্ধও কমিয়ে আনবে।

আর্দ্রতার কারণেও ঘরের ভেতর ভ্যাপসা গন্ধ তৈরি হয়। ঘরে নিয়মিত বাতাস চলাচলের ব্যবস্থা করে এই আর্দ্রতার পরিমাণ কমানো সম্ভব। চাইলে আউটার ফ্যান ব্যবহার করা যায়। বিশেষ করে রান্নাঘর বা বাথরুমের জন্য এই ফ্যান ব্যবহার করা আবশ্যক।

ঘরে রাখা গাছ দ্রুত মরে যাচ্ছে কি করবেন দেখে নিন- অনেকেই ঘর সাজাতে গাছ লাগান বাড়ির ভেতরে। অনেকেই মনে করেন ইন্ডোর প্ল্যান্ট মানেই অল্প দেখভাল করলেই হয়ে যায়। কিন্তু না, তা মোটেই নয়, বিশেষজ্ঞরা জানাছেন, এমনি গাছের তুলনায় ইন্ডোর প্ল্যান্টের যত্ন করতে লাগে বেশি। তাই ঘরে থাকা গাছের যত্ন নিতে কিছু বিষয় অবশ্যই খেয়াল রাখতে হবে- দেখে নিন কি ভাবে-

১) ঘরে আছে বলে নিয়মিত জল দেবেন না, তা কিন্তু নয়। রোজ অল্প অল্প করে জল দিন। তবে নজর রাখবেন পাত্রে যেন জল জমে না থাকে।

২) অল্প আলোও কখনই গাছ রাখবেন না। আবার বেশি আলোতেও নয়। গাছ এমন জায়গায় রাখুন, যাতে হালকা আলো সব সময় পায় গাছটি।

৩) কখনই এসির নিচে রাখবেন না গাছ। চেষ্টা করুন গাছ রাখার জায়গাটা এসির থেকে দূরেই রাখুন। এতে গাছ ঠিকঠাক বাড়বে।

৪) জলে কাপড় ভিজিয়ে মাঝে মধ্যে পরিষ্কার করুন গাছের পাতা। কিংবা কাঁচা দুধ তুলোতে ভিজিয়ে গাছের পাতা মুছে দিন। এই উপায়ে তরতাজা থাকবে গাছ।

৫) লক্ষ্য রাখুন গাছের টবে যেন পোকামাকড় না আসে। কাঁচা দুধের মধ্যে কিছুটা হলুদ মিশিয়ে গাছের গোড়ায় দিয়ে দিন এতে, পোকামাকড় লাগবে না।

# রবীন্দ্রনাথ ঘোষের গাড়ি আটকে তাকে হেনস্থা করার প্রতিবাদে বিক্ষোভ প্রদর্শন পৌর কর্মীদের

দুরন্ত বার্তা, কোচবিহার, ২৪ মার্চ ঃ কোচবিহার পুরসভার চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষের গাড়ি আটকে তাকে হেনস্থা করার প্রতিবাদে আজ রবীন্দ্রনাথ ঘোষের বাড়ির সামনে থেকে একটি মিছিল বের করলো কোচবিহার পৌরসভার কর্মচারী এবং তৃণমূল কর্মীরা। দোষীদের গ্রেফতারের দাবিতে আজ পৌর কর্মচারী এবং তৃণমূল কর্মীরা কোচবিহার কোতোয়ালি থানায় বিক্ষোভ প্রদর্শন করে। এছাড়াও এই ঘটনার প্রতিবাদে আজ কোচবিহার পৌরসভায় কর্মবিরতির সিদ্ধান্ত নিয়েছে পৌর কর্মচারীরা। পৌর কর্মীদের বিক্ষোভ প্রদর্শন করায় বহিরাগতদের নিয়ে এসে মিছিল করে এলাকাবাসীর বিরুদ্ধে শক্তি প্রদর্শনের অভিযোগ তুললেন কোচবিহার দক্ষিণ বিধানসভা কেন্দ্রের বিধায়ক নিখিল রঞ্জন দে। একই সঙ্গে তিনি অভিযোগ করেন রাজ্য সরকারি কর্মচারীরা ডিএর দাবিতে কর্মবিরতি করলে রাজ্য সরকার তাদের নোটিশ পাঠায়। সেই জায়গায় পৌরসভার কর্মচারীরা কর্মবিরতির সিদ্ধান্ত নিয়েছে। কোচবিহার পৌরসভার চেয়ারম্যান তাদের সমর্থন করছে এটা দ্বিচারিতা।

# গহনা- বাসন পরিস্কারের নামে প্রতারণা, গ্রেফতার দুই যুবক

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৪ মার্চ ঃ সোনার গহনা, কাঁসার বাসন পরিস্কারের নামে প্রতারণা করে পুলিশের জালে দুই প্রতারক। তালডাংরা থেকে দুই প্রতারককে গ্রেফতার করেছে পুলিশ। পুলিশের জেরায় ধৃত দুজন তাদের দোষ স্বীকার করেছে। শুক্রবার খাতড়া এসডিপি ও কাশীনাথ মিস্ত্রি এক সাংবাদিকদের জানান যে গত এক সপ্তাহ ধরে তালডাংরার বিভিন্ন গ্রামে বাড়িতে গিয়ে মহিলাদের কাঁসার বাসন, সোনার গহনা পরিস্কারের নামে হাত সাফাই করে সোনার গহনা পাল্টে পালিয়ে যেত। এই অভিযোগ পাওয়ার পর পুলিশ নাকা চেকিং শুরু করে। তারপরই সন্দেহজনক দুই যুবককে আটক করে। পুলিশের জেরায় ধৃতরা তাদের দোষ স্বীকার করে জানায় যে তাদের লক্ষ্য সাধারণ গৃহবধূ, বয়স্ক মহিলা। বাড়ি বাড়ি গিয়ে তাদের কাছে পুরাতন কাঁসার বাসন পরিষ্কার করে দেওয়ার আবেদন জানায়। নমুনা স্বরূপ পুরাতন বাসন চকচকে পরিষ্কার করে দেওয়ার পর তারা গহনা পরিস্কার করে দিতে পারে বলে ফাঁদ পাতে। সরল বিশ্বাসে মহিলারা গহনা পরিস্কার করতে দিলে জলে ডুবিয়ে রেখে হাত সাফাই করে গহনা পাল্টে জলে ডুবিয়ে দেয়। কিছু পরে গহনা পরিস্কার হয়ে যাবে বলে তারা পালিয়ে যেত। এই ঘটনায় পুলিশের হাতে গ্রেফতার পশ্চিম বর্ধমানের জামুড়িয়ার নিঘাদোলির রোহিত শর্মা ও বিহারের পূর্নিয়া জেলার রামবাগ নিবাসী মিথিলেশ সাউ। শুক্রবার তাদের আদালতে পেশ করা হবে বলে জানানো হয়েছে।

# অতিরিক্ত শ্রম আধিকারিকের কার্যালয়ে ত্রিপক্ষীয় বৈঠক ব্যর্থ

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ২৪ মার্চ ঃ কালচিনি চা বাগানের অচলাবস্থা কাটাতে শুক্রবার বীরপাড়াতে স্থিত অতিরিক্ত শ্রম আধিকারিক কার্যালয়ে ত্রিপাক্ষিক বৈঠক আয়োজিত হল কিন্তু সেই ত্রিপাক্ষিক বৈঠক ভেস্তে গেল। পি এফ প্রদান সহ বিভিন্ন দাবিতে গত পাঁচ দিন যাবৎ ধরে কালচিনি চা বাগানে শ্রমিকদের আন্দোলন চলছে। পাঁচদিন যাবৎ ধরে শ্রমিকরা কাজে যোগদান না দিয়ে আন্দোলন চালিয়ে যাচ্ছে। এদিন কালচিনি চা বাগান নিয়ে অতিরিক্ত শ্রম আধিকারিক কার্যালয়ে বৈঠক আয়োজিত হয় সেই বৈঠক ভেস্তে যায়। বৈঠকে শ্রমিকরা দাবি করে বকেয়া পি এফ টাকা শীঘ্র জমা করতে এবং অবসরপ্রাপ্ত শ্রমিকদের গ্র্যাচুইটি টাকা প্রদান করতে কিন্তু মালিকপক্ষ থেকে জানানো হয় ধাপে ধাপে টাকা জমা করে কিন্তু শ্রমিকরা মালিক পক্ষের প্রস্তাব মানতে নারাজ। শ্রমিকদের দাবী যত বকেয়া আছে পি এফ এর সব একসাথে জমা করতে হবে। সেজন্য বৈঠক ভেস্তে যায়। এদিনের বৈঠকে বিজেপির পক্ষ থেকে উপস্থিত ছিলেন কালচিনি বিধায়ক বিশাল লামা। এদিন বৈঠক শেষে বিশাল লামা জানান এর পূর্বেও চুক্তি হয়েছিল তখন ও মালিকপক্ষ জানিয়েছিল ধাপে ধাপে পি এফ বকেয়া জমা করা হবে কিন্তু সেটা করেনি তাই শ্রমিকরা আর বিশ্বাস করতে পারছে না। তৃণমূল চা শ্রমিক ইউনিয়নের চেয়ারম্যান নকুল সোনার জানান বারংবার মালিকপক্ষ চুক্তি ভঙ্গ করছে তাই শ্রমিকরা বিশ্বাস করতে পারছেনা মালিকপক্ষ ধাপে ধাপে টাকা জমা করবে। দাবী না মানা ওবধি আন্দোলন চলবে।

# বিশ্ব যক্ষ্মা দিবস উপলক্ষ্যে স্বাস্থ্য মেলা

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ২৪ মার্চ ঃ স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া ও একটি স্বেচ্ছা সেবী সংস্থার উদ্যোগে এবং স্বাস্থ্য দফতরের সহায়তায় কালচিনি ব্লকের নিমতি বাগানে শুক্রবার স্বাস্থ্য মেলা অনুষ্ঠিত হল। যেখানে বিভিন্ন রোগের বিশেষজ্ঞ চিকিৎসকরা উপস্থিত ছিলেন। উক্ত এই শিবিরে নিমতি বাগান, স্কুলের পড়ুয়ারা ছাড়াও আশপাশের কয়েকশো লোক উপস্থিত হয়েছিলেন। এছাড়াও এদিন বিশ্ব যক্ষা দিবসও পালন করা হয়। এই বিষয়ে কালচিনি ব্লক মুখ্য স্বাস্থ্য আধিকারিক সুভাষ কুমার কর্মকার বলেন, আমাদের ব্লকে ৩০০ রও বেশি যক্ষা রোগী রয়েছে তাই এই শিবিরের মাধ্যমে সকলকে সচেতন করা হয়েছে। আর এই স্বাস্থ্য মেলার মূল উদ্দেশ্য সকল রোগের চিকিৎসককে একই জায়গায় নিয়ে আসা, যাতে সাধারণ মানুষ নিজের সমস্যা মত চিকিৎসকের পরামর্শ নিতে পারে।

# সুপ্রিম কোর্টের সিদ্ধান্ত এবং বিভিন্ন বিধানের অধীনে রাহুলের বরখাস্ত ঃ ভূপেন্দ্র যাদব

নয়াদিল্লি, ২৪ মার্চ ঃ শুক্রবার রাহুল গান্ধীর লোকসভা সদস্যপদ বাতিল ন্যায্য বলে দাবি করলেন ভারতীয় জনতা পার্টির প্রবীন নেতা তথা কেন্দ্রীয় মন্ত্রী ভূপেন্দ্র যাদব। তিনি বলেন, লোকসভা সচিবালয় কেবল বিচার প্রক্রিয়ার অধীনে এটি করেছে। সুপ্রিম কোর্টের প্রণীত বিধান অনুসারে, ফৌজদারি মামলায় দুই বছরের সাজাপ্রাপ্ত ব্যক্তি তার সদস্যপদ হারান। সংসদের বাইরে সাংবাদিকদের সাথে কথা বলার সময় ভূপেন্দ্র যাদব বলেন, রাহুল গান্ধীর বিরুদ্ধে সুপ্রিম কোর্ট, সংবিধান এবং জনপ্রতিনিধিত্ব আইনের বিধানের অধীনে এই জাতীয় অন্যান্য মামলার মতো ব্যবস্থা নেওয়া হয়েছে। যাদব রাহুল গান্ধীর বক্তব্যের সমালোচনা করে আরও বলেন, যার ভিত্তিতে তাঁকেও শাস্তি দেওয়া হয়েছিল। তিনি বলেন, তিনি এই বিষয়ে ওবিসি সম্প্রদায় থেকে ফোন পাচ্ছেন। তারা প্রশ্ন করছেন, এক পদবি থেকে কেউ কীভাবে পুরো সমাজকে খারাপ বলতে পারে? রাহুলের অহং হল যে তিনি ক্ষমাও চান না এবং তিনি একে মত প্রকাশের স্বাধীনতা বলছেন।

# ইডির স্ক্যানারে সিউড়ি থানার আইসি! অনুব্রত-ঘনিষ্ঠ অফিসারকে তলব

দুরন্ত বার্তা, সিউড়ি, ২৪ মার্চ ঃ আসানসোল জেল সুপারের পর এবার ইডির স্ক্যানারে সিউড়ি থানার আইসি। গরু পাচার মামলায় শনিবার দিল্লিতে হাজিরার নির্দেশ আইসি মহম্মদ আলিকে। আয়কর সংক্রান্ত নথি এবং সম্পত্তির নথি-সহব্যাঙ্ক অ্যাকাউন্টের নথিও নিয়ে যেতে নির্দেশ দিয়েছে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। ইডি সূত্রে জানা গিয়েছে, গরুপাচার সংক্রান্ত মামলাতেই তাঁকে দিল্লিতে তলব করা হয়েছে। ইডি আধিকারিকদের দাবি, অনুব্রত মণ্ডলের ঘনিষ্ঠ এই অফিসারের গরুপাচার মামলায় যোগ থাকতে পারে বলেই মনে করা হচ্ছে। জানা গিয়েছে, এদিন সকাল সাড়ে ১০ টার মধ্যে যাবতীয় নথিপত্র নিয়ে তাঁকে দিল্লির ইডি-র দফতরে হাজির হওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। গরুপাচার কাণ্ডে গ্রেফতার হওয়ার পর দীর্ঘদিন ধরে আসানসোল কেন্দ্রীয় সংশোধনাগারে ছিলেন অনুব্রত মণ্ডল। আগামী ৫ এপ্রিল আসানসোল জেলের সুপার কৃপাময় নন্দীকে দিল্লিতে তলব করা হয়েছে। তারপরই ডাক পড়ল মহম্মদ আলির। সিউড়ি থানার আইসি মহম্মদ আলি বীরভূমে অনুব্রত মণ্ডলের অত্যন্ত ঘনিষ্ঠ বলেই পরিচিত। দিনকয়েক আগেই কয়লা পাচার মামলায় সিউড়ি থানার আইসিকে জিজ্ঞাসাবাদ করেছিল সিবিআই। নিজাম প্যালেসে আইসি মহম্মদ আলি শেখকে জিজ্ঞাসাবাদ করে কেন্দ্রীয় এই সংস্থা। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সূত্রে খবর, কয়লা পাচারকাণ্ডের মূল অভিযুক্ত অনুপ মাঝি ওরফে লালার থেকে টাকা নেওয়ার অভিযোগ রয়েছে। তাঁর বিরুদ্ধে মোটা টাকার বিনিময়ে বীরভূমে কয়লা পাচারকারীদের নিরাপত্তা দেওয়ার অভিযোগ রয়েছে।

# সন্তোষী মন্দিরে পুজো দিয়ে দিদির সুরক্ষা কবজ কর্মসূচি শুরু করলেন ইংরেজবাজার পৌরসভার চেয়ারম্যান

দুরন্ত বার্তা, মালদা, ২৪ মার্চ ঃ শুক্রবার সকালে সন্তোষী মন্দিরে পুজো দিয়ে দিদির সুরক্ষা কবজ কর্মসূচি শুরু করলেন ইংরেজবাজার পৌরসভার চেয়ারম্যান। এদিন সকালে মালদা শহরের ফুলবাড়ী এলাকায় সন্তোষী মন্দিরে পুজো দিয়ে কর্মসূচি শুরু করেন ইংরেজবাজার পৌরসভার চেয়ারম্যান তথা তৃণমূল কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী। এছাড়াও উপস্থিত ছিলেন, ১১ নং ওয়ার্ড কাউন্সিলর সুমালা দাস, ১২ নং ওয়ার্ড কাউন্সিলর ছবি দাস, যুব তৃণমূল নেতা প্রসেনজিৎ দাস সহ অন্যান্য তৃণমূল নেতৃত্ব। দিদির সুরক্ষা কবচ কর্মসূচিতে দিদির দূতেরা ওয়ার্ডের বিভিন্ন এলাকায় ঘুরে কথা বলেন সাধারণ মানুষের সঙ্গে। এর পাশাপাশি শিবানী একাডেমি হাই স্কুলে উপস্থিত হন দিদির দূতেরা। সেখানে শিক্ষক-শিক্ষিকা এবং পড়ুয়াদের সঙ্গেও কথা বলেন তারা। মুখ্যমন্ত্রীর স্বপ্নের বিভিন্ন প্রকল্পের সুবিধা সাধারণ মানুষ পাচ্ছেন কিনা, মিড ডে মিলের রান্না ঠিক হচ্ছে কিনা এবং আরো কি সমস্যা রয়েছে সবই জানার চেষ্টা করেন ইংরেজবাজার পৌরসভার চেয়ারম্যান কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী। নিকাশী ব্যবস্থা, পানীয় জল, রাস্তা সহ বিভিন্ন বিষয়ের খোঁজ নেন তিনি। কৃষ্ণেন্দুবাবু বলেন, শুক্রবার থেকে মালদা শহরেও সুরক্ষা কবচ কর্মসূচি শুরু হয়েছে। দিদির দূতেরা বিভিন্ন এলাকায় দিদির প্রকল্পগুলির সুবিধা সাধারণ মানুষ পাচ্ছে কিনা তা খোঁজ-খবর নিবে। কি কি কাজ করা প্রয়োজন তাও নথিভুক্ত করা হবে।

# মানিকচক ঘাটে জলকরের নামে তোলা নেওয়ার অভিযোগ জেলাশাসকের কাছে



দুরন্ত বার্তা, মালদা, ২৪ মার্চ ঃ মালদার মানিকচক ঘাটে জলকরের নামে তোলা নেওয়ার অভিযোগ। তোলা না দিলে জুটছে হুমকি! শতকরা ২০ থেকে ৩০ টাকা করে তোলা নেওয়া হচ্ছে। জেলা ও ব্লক প্রশাসনকে লিখিত অভিযোগ মানিকচকের মৎস্য চাষীদের। যেখানে সরকারি নির্দেশিকা রয়েছে গঙ্গা নদীতে মাছ ধরতে গেলে কোনরকম কর নেওয়া যাবে না। কিন্তু মালদার মানিকচক গঙ্গা ঘাটে দেখা যাচ্ছে সরকারের নির্দেশিকাকে অমান্য করে এক শ্রেণীর দালালরা মৎস্য জীবের কাছ থেকে জোরপূর্বক তোলা আদায় করছে বলে অভিযোগ। আর তোলা না দিলে তাদের হুমকি দেওয়া হচ্ছে বলে অভিযোগ। এই বিষয়ে মৎস্যজীবীরা ইতিমধ্যেই ব্লক প্রশাসন থেকে জেলাশাসকের কাছে অভিযোগ দায়ের করেছেন। এভাবে যদি তোলা নেওয়া বন্ধ না হয় তাহলে মৎস্যজীবীদের নিয়ে ভারতীয় জনতা পার্টি - এর বিরুদ্ধে আন্দোলনে নামবে বলে জানালেন বিজেপি নেতা গৌড় চন্দ্র মণ্ডল। অন্যদিকে তৃণমূল বিধায়ক সাবিত্রী মিত্র জানান, গঙ্গার উপরে মাছ ধরার ক্ষেত্রে কোন জলকর নেওয়া হয় না। গঙ্গা সবার জন্য যারা ২০ টাকা ৩০ টাকা করে জল কর আদায় করছেন তারা আইনবিরোধী কাজ করছেন আমি ব্লক প্রশাসনকে এই বিষয়ে জানাবো। পঞ্চানন মাহাতো নামে এক ব্যক্তি জলকর মৎস্যজীবীদের কাছ থেকে নিচ্ছে বলে অভিযোগ। যদিও অভিযুক্ত পঞ্চানন মাহাতোর দাবি, সরকারি নিলামে ১১ লক্ষ ৫১ হাজার ৯১৯ টাকায় নিয়েছি আমার কাছে জলকর আদায়ের বৈধ কাগজ আছে। সেই অনুযায়ী আমরা মৎস্যজীবীদের কাছ থেকে জলকর নিচ্ছি। এই বিষয়ে মালদা জেলাশাসক নীতিন সিংহানিয়া জানান, গঙ্গায় মাছ ধরার ক্ষেত্রে কোন কর দেবে না মৎস্যজীবীরা। যদি কেউ নেয় তাহলে তাদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

# বিশ্বভারতীতে বিজেপির ছাত্র সংগঠনের বৈঠকে অনুমতি ঃ উপস্থিত কেন্দ্রীয় নেতা যাজ্ঞবল্ক্য শুক্ল

দুরন্ত বার্তা, বোলপুর, ২৪ মার্চ ঃ বিশ্বভারতীতে বিজেপির ছাত্র সংগঠন এবিভিপির ন্যাশনাল জেনারেল সেক্রেটারি যাজ্ঞবল্ক্য শুক্ল ছাত্রদল কর্মীদের নিয়ে বৈঠক করলেন গৌর প্রাঙ্গণ ও সিংহ দুয়ারে করছে। সেখানে উপস্থিত ছিলেন জন্মা পঞ্চাশেক পড়ুয়া। আর তাতেই শুরু হয়েছে বিতর্ক। যেখানে বিশ্বভারতীতে রাজনৈতিক কর্মসূচি আটকাতে বিশ্বভারতী উপাচার্য আদালতে দরবার করেন। সেখানে নিরাপত্তা কর্মীরা কোনো বাধা দিল না। অথচ এবিভিপির ন্যাশনাল জেনারেল সেক্রেটারি যাজ্ঞবল্ক্য শুক্ল বৈঠক করে গেলেন। এটা উপাচার্যর সম্মতি ছাড়া কি করে সম্ভব, প্রশ্ন তুলছেন অনেকেই। তাহলে কি বিশ্বভারতীতে এবিভিপি কে শক্তিশালী করতে চাইছেন উপাচার্য? এদিকে বিশ্বভারতীকে গৈরিকীকরণের বিরুদ্ধে সোচ্চার সব সংগঠন। বিশ্বভারতীর এবিভিপি অপূর্ব শারদ এবং বিশ্বভারতীতে জেনারেল সেক্রেটারি দীপম নাথ জানান, শহীদ দিবস পালন হয় গৌরপ্রাঙ্গণে। সেখানে ভগৎ সিং, রাজগুরু, সুখদেব থাপরকে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হয়। ২৩ মার্চ সুখদেব থাপরের শহীদ দিবস। সেই উপলক্ষ্যে এবিভিপি ন্যাশনাল জেনারেল সেক্রেটারি যাজ্ঞবল্ক্য শুক্লকে আমন্ত্রণ জানানো হয়। উনাদের জীবন নিয়ে চর্চা হয়। ক্যাম্পাস নিয়েও আলোচনা হয়। এবিভিপি ছাত্রদের এখানে কী কী সমস্যার সম্মুখীন হতে হচ্ছে তা নিয়েও আলোচনা হয়। বিশ্বভারতী তৃণমূল ছাত্রছাত্রী ইউনিটের সভানেত্রী মীনাক্ষী ভট্টাচার্য বলেন, আমরা এর তীব্র প্রতিবাদ জানাই। কারণ যাঁরা বৈঠক করলেন তাঁরা বেশিরভাগ বহিরাগত। তাঁদের আশ্রমে বৈঠক করতে নিরাপত্তা রক্ষীরা বাধা দিল না। সেক্ষেত্রে তাদের কে অনুমতি দিল? যদি বিনাঅনুমতিতে করে থাকে, তাহলে নিরাপত্তা রক্ষীরা কেন চুপ থাকলো। যেখানে বিশ্বভারতীতে ছাত্র সংগঠনের মিটিং নিষিদ্ধ করেছেন উপাচার্য। এমনকি মিডিয়াকেও ঢুকতে দেওয়া হয় না। বিষয়টি খুবই পরিষ্কার। বাম ছাত্র সংগঠনের ছাত্রনেতা সোমনাথ সৌ বলেন, এটা খুবই পরিষ্কার যে এসব করে উপাচার্য খুশি করতে চাইছেন কেন্দ্র সরকারকে।

# ঘরের ভেতর থেকে গৃহবধূর নলিকাটা দেহ উদ্ধার

দুরন্ত বার্তা, কোচবিহার, ২৪ মার্চ ঃ নাককাটিগাছ গ্রাম পঞ্চায়েতের ১৯০৩ নম্বর বুথ কদম বাগান সংলগ্ন এলাকায় ঘরের ভেতর থেকে গৃহবধূর গলার নলিকাটা দেহ উদ্ধার করলো পুলিশ। মৃত মহিলার নাম রিংকু দেবনাথ। ঘটনার পর থেকে পলাতক মৃত মহিলার স্বামী সুব্রত দে ওরফে খোকন দে। ঘটনায় চাঞ্চল্য তৈরি হয় সংশ্লিষ্ট এলাকায়। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় তুফান গঞ্জ থানার বিশাল পুলিশ বাহিনী ও মহকুমা পুলিশ আধিকারিক। দেহ টিকে বৃহস্পতিবার গভীর রাতে উদ্ধার করে পুলিশ। এই বিষয়ে জানা যায় যে ঐ গৃহ বধূর স্বামী সুব্রত দে ওরফে খোকন দে ফার্নিচারের ব্যাবসা করেন। বৃহস্পতিবার রাতে তার দুই ছেলে ও শ্বাশুড়ি দোলমেলায় ঘুরতে যায়। সেই সময় বাড়িতে স্বামী সুব্রত দে এবং স্ত্রী রিঙ্কু দে দুজনে ছিলেন। মেলা থেকে ফিরে দুই ছেলে ও শ্বাশুড়ি দেখতে পান বাইরের গেটে তালা মারা রয়েছে। অনেকক্ষণ ডাকাডাকির পর কোনো সাড়া শব্দ না পেয়ে তালা ভেঙ্গে বাড়িতে প্রবেশ করে এবং সেখানেও ঘরে প্রবেশের দরজায় তালা মারা রয়েছে। পরে পিছন দিক দিয়ে ভিতরে প্রবেশ করে দেখতে পায় মেঝের মধ্যে মহিলার রক্তাক্ত নিথর দেহ পড়ে রয়েছে। এই খবর ছড়িয়ে পড়তেই চাঞ্চল্য তৈরি হয় সংশ্লিষ্ট এলাকায়। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যায় তুফানগঞ্জ থানার বিশাল পুলিশ বাহিনী ও মহকুমা পুলিশ আধিকারিক। তবে এই ঘটনায় মহিলার স্বামী সুব্রত দে পলাতক থাকায় অভিযোগের তির তারই দিকে। মৃতার বাবা জানান কয়েক মাস থেকে জামাই ও মেয়ের মধ্যে বিবাদ চলছিল। তারই পরিণতি এটা। তার জামাই তার মেয়েকে খুন করে পালিয়েছে। থানা সূত্রে খবর গোটা ঘটনা তদন্ত সাপেক্ষ।

# অবৈধ বালি তোলা আটকাতে গিয়ে আক্রান্ত পুলিশ

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৪ মার্চ ঃ শিলিগুড়ির ফাঁসিদেওয়ায় পাথর গুমগুমিয়া চা বাগানে অবৈধ বালি তোলা আটকাতে গিয়ে আক্রান্ত পুলিশ। ভাঙচুর করে জ্বালিয়ে দেওয়া হয় পুলিশের গাড়িও। ঘটনাকে ঘিরে শুক্রবার সকাল থেকে উত্তেজনা রয়েছে এলাকায়। পুলিশ গোপন সূত্রে খবর পেয়ে বৃহস্পতিবার রাতে অভিযান চালিয়েছিল পাথর হিড়হিরা গ্রামে চেঙ্গা নদীতে। সেখানে অবৈধ বালি তোলা চলছিল। তা আটকাতে গিয়ে এলাকাবাসীদের হাতে আক্রান্ত হতে হয় পুলিশকে। পুলিশের গাড়িই ভাঙচুর করে জ্বালিয়ে দেওয়া হয় বলে অভিযোগ। ঘটনা সূত্রে জানা যাচ্ছে, নদীতে যখন অবৈধ উপায়ে বালি তোলার কাজ চলছিল, তখনই হানা দেয় পুলিশ। একটি ট্রাক্টরকে দাঁড়িয়ে থাকতে দেখেন পুলিশ কর্মীরা। এদিকে, দূর থেকে পুলিশের গাড়ি দেখে পালানোর চেষ্টা করে ট্রাক্টরটি। সেটি পালাতে গিয়ে এক বাইক আরোহীকে ধাক্কা মারে। এরপরেই গ্রামে উত্তেজনা ছড়িয়ে পড়ে। ক্ষিপ্ত গ্রামবাসীরা পুলিশের গাড়িতে ভাঙচুর চালান। জ্বালিয়ে দেওয়া হয় পুলিশের গাড়ি। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় বিশাল বাহিনী। গ্রামবাসীদের সঙ্গে কথা বলে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করেন।

# পবিত্র রমজান মাসের রোজা শুরু, বাজারে বেড়েছে বিক্রি

দুরন্ত বার্তা, মালদা, ২৪ মার্চ ঃ আজ শুক্রবার থেকে পবিত্র রমজান মাসের রোজা শুরু। ইসলাম ধর্মের মানুষ পালন করবে রোজা। বুধবার রাতে দেখা যায়নি রমজান মাসের চাঁদ। তাই আজ শুক্রবার থেকে শুরু হলো রমজান মাসের প্রথম রোজা। রমজানের জন্য তৈরি মুসলমান সম্প্রদায়ের মানুষেরা। প্রয়োজনীয় সামগ্রি ক্রয় করতে মালদার কনুয়া বাজারে ভিড় করেছেন মুসলমান সম্প্রদায়ের মানুষেরা। ফলমূল খেজুর ও পাশাপাশি অন্যান্য সামগ্রী কেনেন বহু মানুষ। রমজান মাসের প্রথম রোজা উপলক্ষ্যে সকাল থেকে জমে উঠেছে বাজার। এক বিক্রেতা জানান,গত দুই বছর করোনা আবহে ভালো ব্যাবসা হয়নি তাদের। এবছর বিধি নিষেধ না থাকার কারণে বাজারে বেড়েছে বিভিন্ন জিনিসের বিক্রি। এদিন রমজান মাসের প্রথম রোজা উপলক্ষ্যে কেনাকাটা করেন বহু মানুষ।

# বেলাকোবায় ৫০ লক্ষ টাকার বার্মাটিক কাঠ বাজেয়াপ্ত

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৪ মার্চ ঃ শিলিগুড়ির বেলাকোবায় ৫০ লক্ষ টাকার বার্মা টিক বাজেয়াপ্ত করল বন দফতর। পাচারের কাজে জড়িত থাকার অভিযোগে গ্রেফতার হয়েছে একজন। আটক করা হয়েছে একটি কন্টেনার। জানা গিয়েছে, গোপন সূত্রের খবরের ভিত্তিতে বৈকুণ্ঠপুর ডিভিশনের বেলাকোবার রেঞ্জার সঞ্জয় দত্তের নেতৃত্বে শুক্রবার ভোর ৩ টায় জলপাইগুড়ি সদর ব্লকের ৩১ নম্বর জাতীয় সড়কের মোহিতনগরের ফ্লাইওভারে তল্লাশি অভিযান চলে। সেই সময় কাঠবোঝাই কন্টেনারটিকে পিছু ধাওয়া করে বেলাকোবার দশ দরগার কাছে আটক করে। কোনও বৈধ কাগজপত্র না থাকায় কন্টেনারের চালককে গ্রেপ্তার করা হয়। ধৃতের নাম নিরাজ মালি। উত্তরপ্রদেশের বাসিন্দা। কাঠগুলি পাচারের উদ্দেশ্যে অসমের গুয়াহাটি থেকে দিল্লি নিয়ে যাওয়া হচ্ছিল। রেঞ্জার সঞ্জয় দত্ত জানান, বাজেয়াপ্ত হওয়া কাঠের পরিমাণ ৬৭০ সিএফটি মোট ৭৭ পিস। যার বাজার মূল্য ৫০ লক্ষ টাকা। শনিবার ধৃতকে জলপাইগুড়ি সিজিএম কোর্টে তোলা হবে।

# শিলিগুড়ি পুরনিগমের বাজেট নিয়ে আলোচনায় ওয়াক আউট বিজেপি'র

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৪ মার্চ ঃ শিলিগুড়ি পুরনিগমের বাজেট নিয়ে আলোচনায় ওয়াক আউট বিজেপি'র। শিলিগুড়ি ২৪ নম্বর ওয়ার্ডে ওয়ার্ড অফিস নিয়ে ঝামেলা। গ্রেফতার হয়েছেন বিজেপি নেতা বিকাশ সরকার। সেই ঘটনার প্রতিবাদ জানিয়ে পুরনিগমে বাজেট প্রস্তাব নিয়ে আলোচনার ওয়াক আউট বিজেপি। শুক্রবার পুরনিগমে বাজেট নিয়ে আলোচনা হয়। এদিনে আলোচনার শুরুতেই বক্তব্য রাখছিলেন বিরোধী দলনেতা অমিত জৈন। এরপরই ২৪ নম্বর ওয়ার্ডের ঘটনার প্রতিবাদ জানিয়ে বিজেপি কাউন্সিলররা ওয়াক আউট করেন। এদিন অমিত জৈন বলেন, যে বাজেট হয়েছে তা অন্ধকার। এর মাধ্যমে কোনও উন্নয়ন হবে না।

# অনলাইন সেক্স র‍্যাকেট সাপ্লাই, এক মহিলাকে গ্রেফতার করল পুলিশ

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৪ মার্চ ঃ দীর্ঘদিন ধরে অনলাইন সেক্স র‍্যাকেট সাপ্লাই যার পলাতক ছিলেন। গতকাল দুপুরের শিলিগুড়ির মহিলা থানার পুলিশ এক মহিলাকে গ্রেফতার করলো পুলিশ ধৃত মহিলার নাম ললিতা বর্মন ওরফে চন্দনা। উল্লেখ্য চন্দনা মোবাইলের মাধ্যমে ছবি আদান প্রদান করতো এই ভাবে সে সেক্স র‍্যাকেট চালাতো।২০২২ সালের ডিসেম্বর মাসে বিষয়টি জানতে পারে শিলিগুড়ি মহিলা থানার পুলিশ। এরপরই গ্রেফতার করা হয় চন্দা শাহ, মিজানুর ইসলাম এবং সম্রাট সরকারকে। এই ঘটনার তদন্তে নেমে মহিলা থানার পুলিশ দুমাস পর অনলাইন সেক্স র‍্যাকেট চক্রের মাস্টারমাইন্ড অখিলেশ কুমারকে গ্রেফতার করে। ধৃত অখিলেশ কুমারকে জিজ্ঞাসাবাদ করে ললিতা বর্মনের ওরফে চন্দনা নাম সামনে আসে। এই চক্রে মেয়েদের সরবরাহ করতো ললিতা ওরফে চন্দনা। এরপরই ললিতার খোঁজ শুরু করে মহিলা থানার পুলিশ। গতকাল ৪০ নাম্বার ওয়ার্ডের দুর্গানগরে ভাড়া বাড়ি থেকে ললিতা বর্মন ওরফে চন্দনাকে গ্রেফতার করা হয়। ধৃত মহিলাকে শুক্রবার শিলিগুড়ি আদালতে পেশ করা হয়েছে। তাকে পুলিশ রিমান্ডের চাওয়া হয়েছে।

# জেপি নড্ডা ও রাজনাথ সিংয়ের সঙ্গে দেখা করলেন সম্রাট চৌধুরী

নয়াদিল্লি, ২৪ মার্চ ঃ বিহার রাজ্য বিজেপির নতুন রাজ্য সভাপতি হওয়ার পর শুক্রবার দিল্লিতে বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডার সঙ্গে দেখা করেন সম্রাট চৌধুরী। তিনি ফুলের তোড়া দিয়ে নাড্ডাকে ধন্যবাদ জানান। বৈঠকের পরে সম্রাট চৌধুরী বলেন, তিনি বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডার সাথে দেখা করেছেন এবং তাকে বিহার বিজেপির রাজ্য সভাপতির দায়িত্ব দেওয়ার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। এর আগে তিনি প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংয়ের সঙ্গে দেখা করে তাঁর আশীর্বাদ নেন। রাজ্য সভাপতি পদে মনোনীত হওয়ায় তাঁকে অভিনন্দন জানিয়েছেন রাজনাথ। এঁরা ছাড়াও রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব, রবিশঙ্কর প্রসাদ, গোপালজি, জনার্দন সিং সিগ্রিওয়াল প্রমুখের সঙ্গে দেখা করেন। রাজ্য সভাপতির দায়িত্ব পাওয়ায় তাঁকে অভিনন্দন জানিয়েছেন নেতারা।

## KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER

**ABRIDGED NIT**

**The Executive Engineer (Civil), Borough-II, KMC** invites tender online percentage rate two bid system for the following work:
**NIT No. : KMC/EE(C)/BR II/020/001/2022-2023**
Name of work : **Restoration of paver block and I.P. surfaces at Nimtala Ghat St., M.D. Road, Old Ahiritola St. and others in ward no. 20 Disturbed by JIO, Water Supply Deptt. Electric Deptt. etc.** Estimated Cost (including GST & CESS): **Rs. 2,99,322.03.** Earnest Money: **Rs. 6,000.00.** Period of Completion: **45 Days.** Last date and time of submission of bid: **08.04.2023** up to **11 a.m.** Bid will be opened on: **10.04.2023** at **11 a.m.** The bid forms and other details will be available on and from **28.03.2023** at **5 p.m.** from the website : **https://etender.wb.nic.in**

**The Executive Engineer (Civil)/BR-XVI, KMC** invites tender online percentage rate two bid system for the following work:
**NIT No. : KMC/E.E(C)/BR-XVI/125/144/22-23**
Name of work : **Maintenance of Cement Concrete Road at Ananda Nagar F Block near Pre. No.-F-45 in ward no.-125.** Estimated Cost (including GST & CESS): **Rs. 4,91,762.21.** Earnest Money: **Rs. 9,900.00.** Period of Completion: **30 Days.** Last date and time of submission of bid: **01.04.2023** at **12 noon.** The tender will be opened on: **03.04.2023** at **12 noon.** The bid forms and other details are available on and from **24.03.2023** at **5 p.m.** from the website : **https://etender.wb.nic.in**

**The Executive Engineer (C)/BR-VII, KMC** invites tender online percentage rate two bid system for following work:
**NIT No. : KMC/EEC/VII/64/45/22-23**
Name of work : **Infrastructure and School Development at Kasia Bagan Urdu Girls High School, Kolkata 700017.** Estimated Cost (including GST & CESS): **Rs. 4,99,842.08.** Earnest Money: **Rs. 10,000.00.** Period of Completion: **75 Days.** Last date and time of submission of bid: **06.04.2023** up to **12 noon.** Tender will be opened on: **08.04.2023** at **12 noon.** The bid forms and other details are available on and from **25.03.2023** at **6:55 p.m.** from the website : **https://etender.wb.nic.in**

**The CME (SWM), KMC** invites tender online item rate two bid system for following works:
**1. NIT No. : SWM-II/DIST-III/10/2022-23**
**Tender ID : 2023_KMC_497070_1**
Name of work : **Repairing and maintenance of vehicle no. WB03C-9550 Moveable Compactor of Dist-III Garage.** Estimated Amount: **Rs. 2,97,714.00.** Earnest Money: **Rs. 6,000.00.**
**2. NIT No. : SWM-II/DIST-III/27/2022-23**
**Tender ID : 2023_KMC_496716_1**
Name of work : **Body & under chassis repairing of vehicle no. WB25E-0573 (Tata 1616) Tipper of Dist-III Garage.** Estimated Amount: **Rs. 2,97,596.00.** Earnest Money: **Rs. 6,000.00.** Period of Completion: **15 Days** (for sl. no. 1 & 2). Last date and time of submission of bid: **03.04.2023** up to **1 p.m.** (for sl. no. 1 & 2). The bid forms and other details are available on and from **22.03.2023** at **1 p.m.** (for sl. no. 1 & 2) from the website : **https://etender.wb.nic.in** or **https://wbtenders.gov.in** (for sl. no. 1 & 2).

**The Director General (Water Supply), KMC** invite e-tender for the following works (Submission of Bid through online):
**1. NIT No. : KMC/EE/WS/C/G/46/22-23/06**
Name of work : **Improvement of Filtered Water supply by changing 100MM Dia D.I. Pipe at Mangoe Lane in ward no.-46.** Estimate Amount (including GST & CESS): **Rs. 2,27,544.04.** Earnest Money: **Rs. 4,600.00.** Time of Completion: **25 Days.**
**2. NIT No. : KMC/EE/WS/C/G/46/22-23/05**
Name of work : **Improvement of Filtered Water supply by changing 100MM Dia D.I. Pipe at Prafullya Sarkar Street, Saklat Place and 10 Madan Street in ward no.-46.** Estimate Amount (including GST & CESS): **Rs. 3,59,483.90.** Earnest Money: **Rs. 7,200.00.** Time of Completion: **30 Days.** Last date and time of online submission of bid: **17.04.2023** at **5 p.m.** (for sl. no. 1 & 2). Tender open date and time: **20.04.2023** at **12 noon** (for sl. no. 1 & 2). For full and further details, please visit the websites : **https://etender.wb.nic.in** (for sl. no. 1 & 2). Please keep watching on the above website for all further Addendum / Corrigendum, Pre-bid clarifications, if any, which will be published in above website only. KMC reserves the right to accept/reject any/all tenders without showing any reason.

1197/22-23

### কেরিয়ারে ৮০০ গোলের মাইলফলকে লিও

# ঘরের মাঠে জিতে বিশ্বকাপের সেলিব্রেশনে মাতলেন মেসি

**বুয়েনস আইরেস, ২৪ মার্চঃ** তারিখের নিরিখে অনেকটা সময় পেরিয়ে গিয়েছে। কাতার বিশ্বকাপের রেশ কাটেনি আর্জেন্টিনার। এমনটাই তো হওয়ার কথা! দীর্ঘ ৩৬ বছর পর বিশ্বকাপ জিতেছে আর্জেন্টিনা। দেশে ফেরার

পর মেসিদের নিয়ে জনজোয়ার দেখা গিয়েছে। আরও এক বার নীল-সাদা জার্সিতে নামলেন লিওনেল মেসি। তাঁকে দেখতে যে রকম টিকিটের চাহিদা ছিল, তাতে দিশেহারা হয়ে পড়েছিল আর্জেন্টিনা ফুটবল সংস্থা। ৬৩ হাজারের আসন-বিশিষ্ট মনুমেন্টাল স্টেডিয়ামে টিকিটের জন্য আবেদন হয়েছিল ১৫ লক্ষ। ভাগ্যবানরাই যেন স্টেডিয়ামে গিয়ে মেসি এবং আর্জেন্টিনার খেলা দেখার সুযোগ পেলেন। পানামার বিরুদ্ধে ফ্রেন্ডলি ম্যাচে জয়ের চেয়ে বিশ্বকাপের সেলিব্রেশনই হল বেশি। ক্যাপ্টেন মেসির জন্য আরও একবার জনজোয়ার। পেশাদার কেরিয়ারে ৮০০ গোলের রেকর্ডও গড়লেন লিও মেসি। নাচ-গান হুল্লোর। ফুটবলারদের পরিবারও উপস্থিত ছিল এমন একটা মুহূর্তে। পানামার বিরুদ্ধে ২-০ ব্যবধানে জিতল আর্জেন্টিনা। ম্যাচের ৭৮ মিনিটে আর্জেন্টিনাকে এগিয়ে দেন থিয়াগো আলমাডা। শেষ মুহূর্তে গোল লিও মেসির। ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর পর ৮০০ গোলের মাইলফলকে এ বার মেসি। আর্জেন্টিনার জয়, মেসির গোল, বিশ্বকাপ জয়ের সেলিব্রেশন। ম্যাচের পর আর্জেন্টিনা অধিনায়ক পুর্বসূরিদের প্রশংসায় ভরিয়ে দিলেন। তেমনই বিশ্বকাপ জয়ের সেলিব্রেশনে সামিল করলেন সকলকে। লিও মেসি বলেন, ‘‘কোপা আমেরিকা জয়ের পর বিশ্বকাপ। এত ভালোবাসা পাচ্ছি, সকলকে ধন্যবাদ। বিশ্বকাপ শুরুর আগে আমরা বলেছিলাম, সর্বস্ব দিয়ে চেষ্টা করব।’’ মনুমেন্টাল স্টেডিয়ামের গ্যালারি আরও এক বার দাঁড়িয়ে অভিনন্দন জানায় বিশ্ব চ্যাম্পিয়ন দলকে। শুধুমাত্র দল হিসেবে নয়, ব্যক্তিগত ভাবেও মেসির জন্য কাতার বিশ্বকাপ স্পেশাল। আর্জেন্টিনার অপেক্ষার অবসান হয়েছে, মেসিরও। দিয়েগো মারাদোনার পর আর্জেন্টিনার সবচেয়ে জনপ্রিয় ফুটবলার মেসিই। তাঁকে ঘিরে বহু আগে থেকেই স্বপ্ন দেখছিল মারাদোনার দেশ। ২০১৪ বিশ্বকাপে মেসির নেতৃত্বে ফাইনালে উঠেছিল আর্জেন্টিনা। কিন্তু জার্মানির কাছে অতিরিক্ত সময়ের গোলে হার। রানার্স তকমায় সন্তুষ্ট থাকতে হয়েছিল। সর্বকালের অন্যতম সেরা লিওনেল মেসির দক্ষতা অসম্পূর্ণ থেকে যাচ্ছিল বিশ্বকাপ না জেতায়। দেশ-বাসীর আক্ষেপ পূরণ হয়েছে, মেসিরও। সেই প্রসঙ্গ উঠে এল অধিনায়কের কথায়। বলছেন, ‘‘ব্যক্তিগতভাবেও এই মুহূর্তের স্বপ্ন দেখেছি। অবশেষে সকলের সঙ্গে বিশ্বকাপ জয়ের আনন্দ করতে পারছি।’’ কোপা আমেরিকা, ফিনালিসমা, বিশ্বকাপ। অল্প সময়ের ব্যবধানে স্বপ্নের মতোই কেটেছে আর্জেন্টিনার। বিশ্বকাপ সাফল্যের জন্য সতীর্থদের কৃতজ্ঞতা জানাতে ভুললেন না। তেমনই যারা বিশ্বকাপ জিততে পারেননি সেই সমস্ত সতীর্থ ফুটবলারদেরও চেষ্টার জন্য কুর্নিশ জানালেন ক্যাপ্টেন। মেসি বলেন, ‘‘এই দিনটা আমাদের জীবনে এসেছে। তবে সেই সমস্ত সতীর্থদের ভুলিনি, যারা দেশকে বিশ্ব চ্যাম্পিয়ন করতে সর্বস্ব দিয়ে চেষ্টা করেছিলেন। আমরা খুব কাছে পৌঁছেও কোপা আমেরিকা, বিশ্বকাপ জিততে পারছিলাম না। ওরাও এই বিশ্বকাপ জয়ের অংশ। দেশের জার্সিতে সর্বস্ব দিয়েছিল।’’ আনন্দের মুহূর্তে আবেগঘন পরিস্থিতি তৈরি হলেও দ্রুত সামলে নিয়ে বলেন, ‘‘দীর্ঘ সময় পর আমরা বিশ্বকাপ জিততে পেরেছে। যতদিন না আরও একটা বিশ্বকাপ আসছে, চলো এই মুহূর্তটাকে আনন্দ করি। একটা বিশ্বকাপ জিততে কতটা পরিশ্রম, চেষ্টা প্রয়োজন এখন ভালো ভাবেই অনুভব করতে পারি। অনেক কিছুর উপরই নির্ভর করে। আমাদের জার্সিতে তৃতীয় তারা যোগ হওয়ার আনন্দে মেতে থাকি।’

# বাগান সচিবের বিরুদ্ধে গুরুতর অভিযোগ ইস্টবেঙ্গলের

**দুরন্ত বার্তা, কলকাতা, ২৪ মার্চঃ** কলুষিত হচ্ছে কলকাতা ময়দান। মোহনবাগান সচিব দেবাশিস দত্তর নামে গুরুতর অভিযোগ ইস্টবেঙ্গলের। বৃহস্পতিবার দিন ভর শিরোনামে ছিল লাল-হলুদ। ইনভেস্টরদের সঙ্গে বোর্ড মিটিং ছিল ইস্টবেঙ্গল কর্তাদের। কিন্তু মিটিং শুরুর আগেই বেশ কিছু ইস্টবেঙ্গল সমর্থক ইমামি হাউজের বাইরে বিক্ষোভ দেখাতে শুরু করেন। তাঁদের স্লোগান ছিল ‘এটিকের মতো দল গড়ে দিতে হবে’। এমনকি, বিক্ষোভকারীরা বলতে থাকেন, ‘এটিকের মতো শক্তিশালী দল না গড়লে আইএসএল খেলছি না, খেলব না।’ অনেকের হাতে পোস্টারও ছিল এই স্লোগানের। যা নিয়ে সোশ্যাল মিডিয়াতেও হইচই হয়। ইস্টবেঙ্গল কেন এটিকের উদাহরণ টেনে স্লোগান দিচ্ছে! ময়দান সরগরম সেই ঘটনার পরিপ্রেক্ষিতেও। ইমামি হাউজের সামনে ইস্টবেঙ্গল সমর্থকরা যে বিক্ষোভ দেখিয়েছিলেন,

সেই ভিডিয়ো ইমামি ইস্টবেঙ্গলের অন্যতম ডিরেক্টর আদিত্য আগারওয়ালকে পাঠান মোহনবাগান সচিব দেবাশিস দত্ত! শুধু তাই নয়, তিনি নাকি আদিত্য আগরওয়ালকে ছবি, ভিডিয়ো সহ লিখেছেন, বিক্ষোভকারীরা ‘নীতু-বাহিনীর’ সাংবাদিক সম্মেলনে এমনটাই অভিযোগ ইস্টবেঙ্গলের। বাগান সচিবের কুরুচিকর আচরণের অভিযোগ করে ক্রীড়ামন্ত্রীর দ্বারস্থ লাল-হলুদ। সাংবাদিক সম্মেলনে ইস্টবেঙ্গলের এক্সিকিউটিভ কমিটির সদস্য রজত গুহ বলেন, ‘‘কিছু সমর্থক, ইস্টবেঙ্গলের ভালো টিম গড়ার দাবিতে সোচ্চার ছিল। এই সোচ্চারের ছবি ফোনে পাঠিয়ে আমাদের চেয়ারম্যান আদিত্য আগরওয়ালকে পাঠিয়ে মোহনবাগান সচিব বলেন যে, এই জমায়েতটা পুরো নীতু-বাহিনীর, এটা কোনও ইস্টবেঙ্গল সভ্য সমর্থকের নয়। এই কুরুচিকর কার্যকলাপ এবং অখেলোয়াড়চিত মনোভাবের জন্য চারিদিকে উত্তেজনার সৃষ্টি হচ্ছে। ময়দানের সুস্থ পরিবেশ পুরোপুরি নষ্ট করছে। সংবাদমাধ্যম এবং মোহনবাগান সমর্থকদের প্রতিও আবেদন করছি, এই বিশৃঙ্খলা যেন তৈরি না হয়।’’ ইস্টবেঙ্গল কর্তা আরও যোগ করেন, ‘‘মাননীয় ক্রীড়ামন্ত্রী ময়দানের তিনটি ক্লাবেরই পৃষ্ঠপোষক। তাঁরও দৃষ্টি আকর্ষণ করছি, ময়দান যাতে এই পরিস্থিতিতে কলুষিত না হয়। ময়দানের সুস্থ পরিবেশ যেন বজায় থাকে এবং মাঠের লড়াইটা যেন, মাঠেই সীমাবদ্ধ থাকে, মাঠের বাইরে নয়।’’

# ধোনির শিবিরে যোগ দিলেন হবু অধিনায়ক!

**চেন্নাই, ২৪ মার্চঃ** আইপিএল শুরু হওয়ার প্রহর গুনছে একাধিক ক্রিকেট প্রেমী। চিপকে চলছে চেন্নাই সুপার কিংসের প্রস্তুতি শিবির। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে বর্ডার-গাভাসকর ট্রফির পর তিন ম্যাচের ওডিআই সিরিজ খেলে সিএসকে শিবিরে যোগ দিয়েছেন ভারতীয় তারকা অলরাউন্ডার রবীন্দ্র জাডেজা। সিএসকে প্রেমীদের জোড়া সুখবর একসঙ্গে এসেছে। এ বার চেন্নাই সুপার কিংস শিবিরে যোগ দিলেন ইংল্যান্ডের দুই তারকা ক্রিকেটার। ইংল্যান্ডের টেস্ট দলের অধিনায়ক বেন স্টোকস এবং অলরাউন্ডার মইন আলি। সিএসকের টুইটারে তাঁদের দলে যোগ দেওয়ার খবর জানানো হয়েছে। এ বারই হয়তো শেষ আইপিএল খেলতে চলেছেন মহেন্দ্র সিং ধোনি। ফলে চেন্নাই শিবিরের বড় কাজ ধোনির পরবর্তী অধিনায়ক খোঁজা। সেই পরিকল্পনায়

এগিয়ে রয়েছেন বেন স্টোকস। ইংল্যান্ডের টেস্ট দলের অধিনায়ককে এ বারের মিনি নিলামে ১৬.২৫ কোটি টাকা দিয়ে দলে নিয়েছে সিএসকে। তখন থেকেই অনুমান করা হয়েছিল, ধোনির পর সিএসকের ক্যাপ্টেন্সির ব্যাট তুলে দেওয়া হতে হতে পারে বেন স্টোকসকে। এ বার দেখার সিএসকে টিম ম্যানেজমেন্ট সেই পথেই হাঁটে কিনা। বেন স্টোকস চেন্নাই শিবিরে নতুন সদস্য। মইন আলি গত মরসুমেও চেন্নাইয়ে খেলেছেন। তাঁকে নিলামের আগে রিটেন করে রেখেছিল সিএসকে। আপাতত এই দুই সদস্য চেন্নাই শিবিরে যোগ দেওয়ার খবরে খুশি সিএসকের সমর্থকরা। স্টোকসের হাতে সিএসকে ক্যাপ্টেন্সির দায়িত্ব তুলে দেওয়ার কথা ভাবলেও, চেন্নাই শিবিরকে তাঁর চোটপ্রবণতা ভাবাচ্ছে। নিউজিল্যান্ড সফরে হাঁটুতে চোট পেয়েছিলেন স্টোকস। যা খানিকটা চিন্তার কারণ। একইসঙ্গে জুন মাসে রয়েছে অ্যাসেজ সিরিজ। সেখানে খেলার জন্য আইপিএলের মাঝপথে তাঁকে দেশে ফিরে যেতেও হতে পারে। এ বার দেখার আদতে কী হয়।

# ইতালির মাটিতে ১৯৬১’র পর জয়! রেকর্ড হ্যারি কেনের

**নেপলস, ২৪ মার্চঃ** গত ইউরোর দুই ফাইনালিস্ট মুখোমুখি। ২০২৪ ইউরোর যোগ্যতা অর্জন পর্বে ইতালির বিরুদ্ধে জয় দিয়ে শুরু করল গত বারের রানার্স ইংল্যান্ড। অধিনায়ক হ্যারি কেন রেকর্ড গড়লেন। তেমনই ইংল্যান্ড খরা কাটাল। ১৯৬১ সালের পর এই প্রথম ইতালির মাটিতে জিতল ইংল্যান্ড। আগামী ইউরোর যোগ্যতা অর্জন

পর্বে প্রথম ম্যাচে ২-১ ব্যবধানে ইতালিকে হারাল ১০ জনের ইংল্যান্ড। অধিনায়ক হ্যারি কেন ইংল্যান্ডের সর্বকালের সর্বাধিক স্কোরার হলেন। পেনাল্টি থেকে রেকর্ডের গোল করেন হ্যারি কেন। ইংল্যান্ড শিবিরে চাপ বেড়েছিল। শেষ অবধি জিতে মাঠ ছাড়তে পেরেছে গ্যারেথ সাউথগেটের দল। কাতার বিশ্বকাপে অন্যতম ফেভারিট ছিল ইংল্যান্ড। শুরু থেকে অনবদ্য হলেও খালি হাতেই ফিরতে হয়েছে। ২০১৮ বিশ্বকাপ, ২০২০ ইউরো কাপ এবং ২০২২ কাতার বিশ্বকাপ। পরপর তিনটে বড় টুর্নামেন্টে প্রশংসনীয় পারফরম্যান্স ইংল্যান্ডের। ট্রফির অপেক্ষা যদিও মিটছে না। এ বারও শুরুতেই গত বারের চ্যাম্পিয়নকে হারানো আত্মবিশ্বাস জোগাবে ইংল্যান্ড শিবিরে। নেপলসে ইতালির বিরুদ্ধে অ্যাওয়ে ম্যাচে ১৩ মিনিটেই এগিয়ে যায় ইংল্যান্ড। গোল করেন ডেক্লান রাইস। প্রথমার্ধের শেষ দিকে ইংল্যান্ডকে ২-০ এগিয়ে দেন অধিনায়ক হ্যারি কেন। দেশের জার্সিতে ৫৪তম গোলে ওয়েন রুনিকে ছাপিয়ে গেলেন তিনি। ইতালির বিরুদ্ধে প্রতিযোগিতামূলক ম্যাচে ১৯৭৭ সালের পর প্রথম জয় ইংল্যান্ডের। যদিও প্রবল চাপে পড়েছিল তারা। ম্যাচের ৫৬ মিনিটে ইতালির এক গোল শোধ করেন মাতেও রেতেগুই। ম্যাচের ৮০ মিনিটে লুক শ রেড কার্ড দেখে মাঠ ছাড়ায় বাকি সময় ১০ জনে খেলতে হয় ইংল্যান্ডকে। দেশের জার্সিতে সর্বাধিক স্কোরার হয়ে ইংল্যান্ড অধিনায়ক হ্যারি কেন বলেন, ‘‘আমার জন্য যেমন বিশেষ মুহূর্ত, তেমনই দলের জন্যও। দীর্ঘ সময় পর ইতালির মাটিতে জয় পেলাম আমরা। এই জয়ের অংশ হতে পেরে খুবই ভালো লাগছে।’’ ওয়েন রুনি ১২০তম ম্যাচে ৫৩ গোলের রেকর্ড গড়েছিলেন। হ্যারি কেন মাত্র ৮১ ম্যাচেই তাঁকে ছাপিয়ে গেলেন। হ্যারি কেন আরও বলছেন, ‘‘সতীর্থ, সাপোর্ট স্টাফ, সমর্থক, সকলকে ধন্যবাদ।’’ যাঁর রেকর্ড ভাঙলেন হ্যারি কেন, সেই ওয়েন রুনি সোশ্যাল মিডিয়ায় লেখেন, ‘‘জানতাম খুব বেশি সময় লাগবে না এই রেকর্ড ভাঙতে। অনেক শুভেচ্ছা হ্যারি।’’

# আইপিএলের জন্য মুখিয়ে লখনউয়ের ১০ কোটি টাকার ক্রিকেটার

দুরন্ত বার্তা প্রতিবেদন

জাতীয় দলের হয়ে কটা ম্যাচ খেলেছেন তাতে কি যায় আসে? আইপিএল নিলামে ২৬ বছরের আবেশ খানকে নিয়ে হুড়োহুড়ি পড়ে গিয়েছিল ফ্র্যাঞ্চাইজিগুলির মধ্যে। লখনউ সুপার জায়ান্টস, মুম্বই ইন্ডিয়ান্সের মধ্যে চলেছিল জোর লড়াই। নিলামের টেবিলের আবেশকে নিয়ে ওঠে ঝড়। দেখতে দেখতে টাকার অঙ্কটা ৫,৬ থেকে ৯ কোটি টাকায় পৌঁছে যায়। শেষমেশ ১০ কোটি টাকার বড় অর্থে লখনউ সুপার জায়ান্টস টিম আবেশকে দলে নেয়। মাত্র ৮টি টি-২০ ম্যাচ খেলে জাতীয় দল থেকে বাদ পড়েন মধ্যপ্রদেশের ফাস্ট বোলার। সম্প্রতি ইরানি ট্রফিতে তাঁর পারফরম্যান্স ছিল অনবদ্য। আইপিএলে লখনউ সুপার জায়ান্টসের জার্সি গায়ে মাঠে নামার জন্য তৈরি আবেশ। লখনউ সুপার জায়ান্টসের ফাস্ট বোলার আবেশের পরিচয় তাঁর গতি। ৬ ফুটের বেশি উচ্চতার এই বোলার প্রায় ১৪৫ কিমি গতিতে বল করার ক্ষমতা রাখেন। এখনও পর্যন্ত আবেশের সবচেয়ে দ্রুততম ডেলিভারি ১৪৯ কিমি প্রতি ঘণ্টায়। টি-২০ ফরম্যাটের আদর্শ ক্রিকেটার। ২০১৭ সালে প্রথমবার আইপিএলের মঞ্চে পা পড়ে আবেশের। বিরাট কোহলির দল রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোরের হয়ে ডেবিউ করার সুযোগ হয়। পরের মরসুমেই দিল্লি ক্যাপিটালস কিনে নেয় আবেশকে। এরপর ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে ২০২২ সালে টি-২০তে জাতীয় দলের অভিষেক হয় তাঁর। শ্রীলঙ্কার বিরুদ্ধে শেষ খেলা টি-২০তে প্রথম উইকেট পান। সেবছরই ওডিআই ফরম্যাটেও অভিষেক হয় তাঁর। আবেশের বাবা আশিক খান ক্রিকেটের বড় ফ্যান। নিজে ক্রিকেটার হওয়ার স্বপ্ন দেখেছিলেন। কিন্তু সুযোগ হয়নি। ছেলে সেই স্বপ্ন পূরণ করেছেন। ছেলেকে নিয়ে গর্বিত আশিক খান বলেছেন, ‘‘ছেলে আমার স্বপ্ন পূরণ করে দিয়েছে। আরও ভালো পারফর্ম্যান্সের জন্য ওকে লাগাতার অনুপ্রেরণা দিই।’’ ক্রিকেটারের মা সবিয়া খান বলেন, ‘‘ছোট থেকেই ওর মধ্যে ক্রিকেট নিয়ে পাগলামো ছিল। সেটাই ওকে এগোতে সাহায্য করেছে। ভালো খেলার উৎসাহ দিতে থাকি। একইসঙ্গে প্রতিটি মায়ের মতো আমিও আবেশকে শরীর স্বাস্থ্যের খেয়াল রাখার পরামর্শ দিই।’’

# বিশ্বজয়ীদের সঙ্গে ক্রিকেটে মজে ব্রিটিশ প্রধানমন্ত্রী, স্যাম কারানের বোলিংয়ে অবাক!

**লন্ডন, ২৪ মার্চঃ** গত টি-টোয়েন্টি বিশ্বকাপে চ্যাম্পিয়ন হয়েছে ইংল্যান্ড। জস বাটলারের নেতৃত্বে সেরার খেতাব জিতেছে তারা। বিশ্বজয়ী ইংল্যান্ড টিমের সদস্যদের সঙ্গে ক্রিকেটে মেতে উঠলেন ব্রিটিশ প্রধানমন্ত্রী ঋষি সুনক। প্রধানমন্ত্রীর বাসভবনে উপস্থিত ছিলেন জস বাটলার, স্যাম কারান, ক্রিস জর্ডনরা। এক যুগ পর ফের টি-টোয়েন্টিতে চ্যাম্পিয়ন হয়েছে ইংল্যান্ড। ২০২২ আইসিসি টি-টোয়েন্টি ক্রিকেট বিশ্বকাপ ফাইনালে পাকিস্তানকে হারিয়ে চ্যাম্পিয়ন হন জস বাটলাররা। এর আগে ২০১০ সালে পল কলিংউডের নেতৃত্বে টি-টোয়েন্টি সেরার খেতাব জিতেছিল ইংল্যান্ড। এ বার পাকিস্তানের বিরুদ্ধে ফাইনালে বেন স্টোকস অপরাজিত

অর্ধশতরান করেন। তেমনই বল হাতে অনবদ্য পারফরম্যান্স বাঁ হাতি মিডিয়াম পেসার স্যাম কারানের। ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের ইতিহাসে নিলামে সবচেয়ে দামি ক্রিকেটার হয়েছেন ইংল্যান্ডের এই তরুণ পেসার। তিনি আইপিএলে খেলতে পারবেন কিনা ধোঁয়াশা তৈরি হয়েছে। প্রধানমন্ত্রীকে বোলিংয়ে চমকে দিলেন স্যাম কারান। বিশ্বকাপজয়ী ইংল্যান্ড ক্রিকেট টিমের সদস্যরা প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাতে যান। ব্রিটিশ প্রধানমন্ত্রী ঋষি সুনকের ক্রিকেট প্রেম অজানা নয়। ব্যাটিংয়ের সুযোগ হাতছাড়া করলেন না। ইংল্যান্ডের বিশ্বজয়ী দলের দুই গুরুত্বপূর্ণ সদস্য স্যাম কারান ও ক্রিস জর্ডনের বিরুদ্ধে। স্যাম কারানের ডেলিভারি তাক লাগিয়ে দিয়েছে ব্রিটিশ প্রধানমন্ত্রীকে। ইংল্যান্ড দলের গত সফর অবশ্য ভালো যায়নি। বাংলাদেশের মাটিতে ০-৩ ব্যবধানে টি-টোয়েন্টি সিরিজ হেরেছে বিশ্ব চ্যাম্পিয়নরা। তবে ইংল্যান্ডের আপাতত লক্ষ্য অ্যাসেজ সিরিজ। টেস্ট অধিনায়ক বেন স্টোকসের চোট রয়েছে। সামনে আইপিএল। সেখানে খেললেও একশো শতাংশ দিতে পারবেন কিনা সন্দেহ রয়েছে। অ্যাসেজ সিরিজের আগে ইংল্যান্ড শিবিরে স্বস্তি জোফ্রা আর্চার। অস্ত্রোপচারের পর এখন তিনি ফিট। ইন্ডিয়ান প্রিমিয়ার লিগেও খেলতে দেখা যাবে জোফ্রা আর্চারকে। ২০২১ সালের জুলাই থেকে কোনও প্রতিযোগিতামূলক ম্যাচে খেলেননি জোফ্রা। চোট এতটাই গুরুতর ছিল, অস্ত্রোপচার করাতে হয়। বাংলাদেশ সফরে ওয়ার্কলোড ম্যানেজমেন্টে নজর ছিল আর্চারের। ইন্ডিয়ান প্রিমিয়ার লিগে নিলামে তাঁকে ৮ কোটি টাকায় নেয় মুম্বই ইন্ডিয়ান্স। পুরো আইপিএলেই আর্চারকে পাওয়া যাবে এমনটাই খবর।

# মাইলফলকের ম্যাচ রেকর্ডে সমালোচনার জবাব রোনাল্ডোর

**লিসবন, ২৪ মার্চঃ** দেশের জার্সিতে স্ব-মেজাজে ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। ২০২৪ সালের ইউরো কাপের যোগ্যতা অর্জন পর্বে অনবদ্য শুরু পর্তুগালের। ঘরের মাঠে লিচটেনস্টাইনের বিরুদ্ধে ৪-০ ব্যবধানে জিতল পর্তুগাল। ফার্নান্দো স্যান্টোস বিদায়ের পর পর্তুগালের কোচ হিসেবে দায়িত্ব নিয়েছিলেন রবার্তো মার্টিনেজ। জয় দিয়ে নতুন সফর শুরু বেলজিয়ামের প্রাক্তন কোচের। ক্রিশ্চিয়ানো রোনাল্ডো ফিরলেন পর্তুগালের প্রথম একাদশে। স্মরণীয় করে রাখলেন ম্যাচ। জাতীয় দলের জার্সিতে ১৯৭তম ম্যাচ খেললেন ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। পুরুষদের ফুটবলে দেশের হয়ে সবচেয়ে বেশি ম্যাচ খেলার নজির গড়লেন সিআর সেভেন। মাইলফলকের ম্যাচে জোড়া গোল ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর। দেশের জার্সিতে সবচেয়ে বেশি ম্যাচ খেলাই নয়, বিশ্বকাপ হতাশার পর নতুন শুরু রোনাল্ডোর। আরও নজির গড়েছেন ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। জোড়া

গোলে প্রতিযোগিতামূলক আন্তর্জাতিক ম্যাচে গোলের সেঞ্চুরি রোনাল্ডোর। প্রথম ফুটবলার হিসেবে এই নজির। লিসবনে জোড়া গোলের মধ্যে প্রথমটি পেনাল্টি থেকে। দ্বিতীয় গোলটি অনবদ্য ফ্রি-কিকে। আন্তর্জাতিক স্তরে ৩৮ বছরেও একইরকম অনবদ্য রোনাল্ডো। ২০০৪ সালে দেশের জার্সিতে প্রথম গোল করেছিলেন। টানা ২০ বছর গোলের রেকর্ড। পর্তুগালের হয়ে এখনও অবধি ১২০ গোল। পুরুষদের ফুটবলে সবচেয়ে বেশি গোলের নজির তাঁর দখলেই। দ্বিতীয় স্থানে রয়েছেন ইরানের প্রাক্তন ফুটবলার আলি দেই। তিনি দেশের হয়ে ১০৯টি গোল করেছিলেন। তৃতীয় স্থানে রোনাল্ডোর চিরপ্রতিদ্বন্দ্বী লিওনেল মেসি (৯৮)। সবচেয়ে বেশি ম্যাচ খেলার নিরিখে রোনাল্ডো ছাপিয়ে গেলেন কুয়েতের কিংবদন্তি ফুটবলার বদর আল মুতাবাকে। তিনি ১৯৬ ম্যাচ খেলেছিলেন। রোনাল্ডো ১৯৭ তম ম্যাচ খেললেন। সবকিছু ঠিক থাকলে পুরুষদের ফুটবলে দেশের হয়ে ২০০ ম্যাচের মাইলফলকে প্রথম পৌঁছতে পারেন রোনাল্ডোই। এই ম্যাচের আগে রোনাল্ডো জানিয়েছিলেন, রেকর্ড তাঁকে কতটা প্রেরণা জোগায়। বলেছিলেন, ‘‘দেশের হয়ে সবচেয়ে বেশি ম্যাচ খেলার রেকর্ড-বলতে দ্বিধা নেই, খুবই গর্ব হচ্ছে। তবে একটা ম্যাচ নয়, খেলা চালিয়ে যেতে চাই।’’

# ফের ভারতের কাছে হারল পাকিস্তান

**মুম্বই, ২৪ মার্চঃ** বিসিসিআই সচিব জয় শাহ অনেক আগেই জানিয়ে দিয়েছিলেন ভারতীয় ক্রিকেট দল এশিয়া কাপ ২০২৩ পাকিস্তানে হলে খেলতে যাবে না। যার ফলে এশিয়া কাপের ভেন্যু পরিবর্তন হবে কিনা তা নিয়ে জল্পনা লেগেই ছিল। ঘরের মাটিতে এশিয়ার কাপের মত প্রেস্টিজিয়াস টুর্নামেন্ট ধরে রাখার জন্য মরিয়া ছিল পিসিবিও। ভারত এশিয়া কাপ খেলতে না আসলে পাকিস্তানও ভারতে বিশ্বকাপ খেলতে না আসার হুঁশিয়ারিও দিয়েছিল পাকিস্তাম ক্রিকেট বোর্ডের প্রধান নাজম শেঠী। অবশেষে ভারতের কাছে হার মানল পাকিস্তান। ভারতীয় দল যে পাকিস্তানে এশিয়া কাপ খেলতে যাবে না সেই সিদ্ধান্তেই শেষমেশ পড়ল শীলমোহর। যা ভারত ও পাকিস্তান দুই বোর্ডের মধ্যে যে ঠান্ডা লড়াই চলছিল তাতে বিসিসিআইয়ের নৈতিক জয় হিসেবেই দেখছে ক্রিকেট বিশেষজ্ঞরা।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক এবং সম্পাদক অলোক কুমার নস্কর কর্তৃক ইল্লাস্ট্রেটেড ইন্ডিয়া প্রেস, ৭৪, লেনিন সরনী , কলকাতা ৭০০০১৩ হইতে মুদ্রিত ও ১ বি ব্ল্যাক বার্ণ লেন কলকাতা ৭০০০১২ হইতে প্রকাশিত
Owner, Printer, Publisher & Editor ALOKE KUMAR NASKAR, 1B, Black Burn Lane Kolkata 700012, and print at Illustrated India press 74, Lenin Sarani Road, Kolkata-700013
Ph- office- 2237-0488. News- 9432327166/033-26445555 dailydurantabarta@gmail.com
newsdailydurantabarta@gmail.com ■ WhatsApp # 8420635501